banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Best Training For
WBCS, SSC (CGL, CHSL, MTS), PSC, BANK, RAIL
© 7427927701
grassroot
Dunlop, Gariahat, Sonarpur, Tamluk

কর্মক্ষেত্র
ISSN 0971-7765
www.ekarmakshetra.com

JOIN ... CRASH COURSE
SSC CGL WBCS BANK
LIVE CLASS-KOLKATA
GURU ABHINAV SHARMA
GOPAL VERMA (All Sub.)
FREE DEMO-9748914137

বর্ষ ৩৯ সংখ্যা ১৭ কলকাতা শুক্রবার, ৩০ নভেম্বর ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৪ অগ্রহায়ণ ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

# উত্তর-মধ্য রেলে ৪৪৬ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৪৪৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেওয়া হবে উত্তর-মধ্য রেলের ঝাঁসি ডিভিশনে। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এক বছরের ট্রেনিং হবে বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে নিয়মানুসারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 01/2018/JHS.

ট্রেড অনুসারে আসন— **ফিটার:** ২২০টি (সাধারণ ১১১, তফসিলি জাতি ৩৩, তফসিলি উপজাতি ১৭, ও বি সি ৫৯)। এর মধ্যে ৪টি অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ৩টি শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক):** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **মেকানিক (ডিজেল):** ৭২টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি এবং শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **মেশিনিস্ট:** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **পেন্টার (জেনারেল):** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **কার্পেন্টার:** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ইলেক্ট্রিশিয়ান:** ৯৯টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৭)। এর মধ্যে ২টি করে শূন্যপদ অস্থি এবং শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **লোহার/ব্ল্যাক স্মিথ:** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট।

**বয়স:** ১৭-১২-২০১৮ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে। মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিক তালিকা প্রস্তুত করা

*এরপর সাতের পাতায়*

# বিমানবাহিনীতে ট্রেনিং দিয়ে ১৬৩ অফিসার

ট্রেনিং দিয়ে ১৬৩ জন তরুণ-তরুণীকে কমিশন্ড অফিসার পদে নিয়োগ করবে ভারতীয় বিমানবাহিনী। নিয়োগ করা হবে এয়ারফোর্স কমন অ্যাডমিশন অনলাইন টেস্ট এন্ট্রিতে ফ্লাইং, গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল) শাখায়, পার্মানেন্ট ও শর্ট সার্ভিস কমিশনে। ফ্লাইং শাখায় পুরুষ-নারী উভয়ের ক্ষেত্রে ট্রেনিং হবে ২০৭/২০ এফ/এস এস সি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে। গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) শাখায় শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে ট্রেনিং হবে ২০৬/২০ টি/পি সি/এম (পার্মানেন্ট কমিশন) কোর্সে ও পুরুষ-নারী উভয়ের ক্ষেত্রে ট্রেনিং হবে ২০৬/২০ টি/এস এস সি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে। গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) শাখায় শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে ট্রেনিং হবে ২০৬/২০ জি/পি সি/এম (পার্মানেন্ট কমিশন) কোর্সে ও পুরুষ-নারী উভয়ের ক্ষেত্রে ট্রেনিং হবে ২০৬/২০ জি/এস এস সি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে। গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) শাখায় নিয়োগ হবে অ্যাডমিনিস্ট্রেশন, লজিস্টিক্স এবং অ্যাকাউন্টস বিভাগে। ট্রেনিং শুরু হবে ২০২০-র জানুয়ারি মাসে। ট্রেনিংয়ের মেয়াদ ফ্লাইং ও গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) শাখায় ৭৪ সপ্তাহ এবং গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) শাখায় ৫২ সপ্তাহ।

**ফ্লাইং শাখা:** শূন্যপদ: ২৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ৩ বছরের স্নাতক। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ৪ বছরের বি ই বা বি টেক ডিগ্রি। উভয় ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্সে ৬০ শতাংশ করে নম্বর থাকতে হবে। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ। পূর্বে কম্পিউটারাইজড পাইলট সিলেকশন সিস্টেম বা পাইলট অ্যাপ্টিটিউড ব্যাটারি টেস্টে ব্যর্থ হয়ে থাকলে আর

*এরপর সাতের পাতায়*

# মুর্শিদাবাদ কোর্টে

## স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক ও গ্রুপ ডি

বাংলা স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক ও গ্রুপ 'ডি' পদে ৪৮ জন কর্মী নেবে কলকাতা হাইকোর্টের অধীনস্থ মুর্শিদাবাদ জেলা আদালত। প্রার্থী বাছাই করবে ডিস্ট্রিক্ট রিক্রুটমেন্ট কমিটি।

শূন্যপদের বিবরণ: বাংলা **স্টেনোগ্রাফার (গ্রুপ বি):** ৩টি (সাধারণ-ই সি ১, তফসিলি জাতি-ই সি ১, তফসিলি উপজাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সঙ্গে কম্পিউটার ট্রেনিংয়ে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে। এছাড়া বাংলায় শর্টহ্যান্ডে মিনিটে ৬০টি শব্দের দ্রুততা ও বাংলায় মিনিটে ২০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বেতনক্রম: ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা।

**লোয়ার ডিভিশন ক্লার্ক (গ্রুপ সি):** ৯টি (সাধারণ ৬, সাধারণ-ই সি ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি-ই সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক

*এরপর পনেরোর পাতায়*

# হরিয়ানার ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজিতে চাকরি

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, টেকনিশিয়ান, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট-সহ বিভিন্ন পদে ৫৩ জনকে নিয়োগ করবে হরিয়ানার কুরুক্ষেত্রের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 41/2018.

শূন্যপদের বিন্যাস: **টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** ২১টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **টেকনিশিয়ান:** ১৪টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **অ্যাকাউন্ট্যান্ট:** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট:** ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। **স্টেনোগ্রাফার:** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **জুনিয়র অ্যাসিস্ট্যান্ট:** ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nitkkr.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৪ ডিসেম্বর। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল ও ই-রিসিপ্ট-সহ অনলাইন দরখাস্তের প্রিন্ট আউট ২৪ ডিসেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar, National Institute of

*এরপর পনেরোর পাতায়*

# রাজ্যের সরকারি হাসপাতালে

## ফিজিসিস্ট-কাম-রেডিয়েশন সেফটি অফিসার

ফিজিসিস্ট-কাম-রেডিয়েশন সেফটি অফিসার পদে ৩৯ জনকে নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। এখন অস্থায়ীভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/PRSO/58(1)/2018.

মোট শূন্যপদ: ৩৯টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৪, ও বি সি-এ ৬, ও বি সি-বি ১, দৈহিক প্রতিবন্ধী ২)। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স বা ইলেক্ট্রনিক্স বা বায়োফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে রেডিওলজিক্যাল বা মেডিক্যাল ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা মেডিক্যাল ফিজিক্সে এম এসসি। সব ক্ষেত্রেই ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার বা অ্যাটমিক এনার্জি রেগুলেটরি বোর্ড কর্তৃক প্রদত্ত রেডিয়েশন সেফটি অফিসার সার্টিফিকেট থাকতে হবে।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে

*এরপর সাতের পাতায়*

# এলাহাবাদ হাইকোর্টে অ্যাডভোকেট

৫৯ জন অ্যাডভোকেট নিয়োগ করবে এলাহাবাদ হাইকোর্ট। নিয়োগ হবে উত্তরপ্রদেশ হায়ার জুডিশিয়াল সার্ভিসে। শুধু প্র্যাক্টিসিং অ্যাডভোকেটরা আবেদনের যোগ্য। অন্তত ৭ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পশ্চিমবঙ্গের তফসিলি এবং ও বি সি প্রার্থীরা সাধারণ ক্যাটেগরির প্রার্থী হিসেবে গণ্য হবেন। সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য শূন্যপদ ৩৪টি।

১-১-২০১৯ তারিখ অনুসারে বয়স হতে হবে ৩৫ থেকে ৪৫ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই হবে দুই পর্বের লিখিত

*এরপর সাতের পাতায়*

স্বনির্ভরতার লক্ষ্যে
কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
*বিস্তারিত ১৫ পাতায়*

# সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশনে অফিসার

বিভিন্ন বিভাগে ২৮ জন অফিসার নেবে সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশন অব ইন্ডিয়া। এটি কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 07/2018-OP.

বিভাগ অনুসারে শূন্যপদ: **লিগ্যাল:** শূন্যপদ: ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **আই টি:** শূন্যপদ: ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)। **এইচ আর:** শূন্যপদ: ৪টি (সাধারণ ২, ও বি সি ২)। **ফিনান্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন:** শূন্যপদ: ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি সি ১)। **মেটিরিয়ালস:** শূন্যপদ: ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ২)। মোট শূন্যপদের মধ্যে ১টি দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** লিগ্যালের ক্ষেত্রে প্রথম শ্রেণিতে আইনে স্নাতক। ন্যাশনাল ল স্কুল বা ল ফ্যাকাল্টি অব দিল্লি ইউনিভার্সিটি থেকে স্নাতক ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবেন।

আই টি-র ক্ষেত্রে প্রথম শ্রেণিতে কম্পিউটার অ্যাপ্লিকেশনে মাস্টার্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা আই টি-তে বি টেক। সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

এইচ আর-এর ক্ষেত্রে পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা সোশ্যাল ওয়ার্ক বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে (ইলেক্টিভ সাবজেক্ট এইচ আর) প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রি। অন্যতম বিষয় হিসেবে এইচ আর-সহ প্রথম শ্রেণিতে ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা থাকলেও আবেদন করতে পারেন। এল এল বি ডিগ্রি থাকলে বা সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টসের ক্ষেত্রে সি এ বা সি এম এ। অন্যতম বিষয় হিসেবে ফিনান্স-সহ প্রথম শ্রেণিতে এম বি এ ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। অথবা অন্যতম বিষয় হিসেবে ফিনান্স-সহ প্রথম শ্রেণিতে ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা থাকলেও আবেদন গ্রাহ্য হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

মেটিরিয়ালসের ক্ষেত্রে মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা পাল্প অ্যান্ড পেপার টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা প্রিন্টিংয়ে প্রথম শ্রেণিতে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি-সহ মেটিরিয়াল ম্যানেজমেন্ট বা স্টোর ম্যানেজমেন্ট বা পারচেস বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকতে হবে। মেটিরিয়াল ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। স্টোর বা মেটিরিয়াল ম্যানেজমেন্টের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ৩-১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় থাকবে প্রফেশনাল নলেজ (৯০ নম্বর), জেনারেল অ্যাওয়ারনেস (১৫ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (১৫ নম্বর),

*এরপর পনেরোর পাতায়*

এখনও পর্যন্ত 15000+ ছাত্র/ছাত্রী
সফলভাবে কর্মরত বিভিন্ন প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানগুলিতে
Build your career in- ব্যাঙ্কিং এণ্ড ফিনান্স | রিটেল
অটোমোবাইল | অফিস ম্যানেজমেন্ট | হসপিটালিটি এণ্ড ট্যুরিজম
ইলেকট্রনিক্স/আইটি-হার্ডওয়্যার এণ্ড নেটওয়ার্কিং
Our students are working with...
Premier Car world Pvt. Ltd. | T.C Motos Pvt. Ltd. | Starburst Motors Pvt. Ltd. | Sanel Motors Pvt. Ltd. R.D. Motors | Bazar Kolkata | Pantaloons | V2 Retail Ltd. | Big Bazzar | City Life Aegis Solution | Ankur It Solution | Mola Tech | Techyuga | Laxmi Infotech | SRA Infotech Nirmal Bang Securities Pvt. Ltd. | Haldiram Prabhuji | Hotel Walson | Hotel Fame Calcutta 64 | Barbeque Nation | Golden Tulip | Monotel Hotel & many more...
বিগত ১ মাসে চাকরিপ্রাপ্ত আমাদের কিছু সফল ছাত্রছাত্রী


KEYA HALDER
Relationship Manager
Haldiram Prabhuji


ABIR PRAMANICK
Rural Sales Executive
RD Motors Pvt.Ltd.


INDRAJIT PANJA
Mola Tech


TAMAL PAL
IT Technician
Ankur IT Solution

এছাড়া আরও ১৫০ জন
Course Fees-এর মাত্র 10% এখন দাও বাকিটা চাকরী পাওয়ার পর
বিনামূল্যে পাচ্ছেন আধুনিক প্রশিক্ষণের সরঞ্জাম

• Laptop • Tool Kit • Gromming Kit • Interview Dress
অ্যাসেনসিভ এডুকেয়ার
Ascensive Educare Pvt. Ltd.
Training Partner of NSDC
AMTALA- 6290450570/8335069124
ARAMBAGH- 8336902886/9732863555
BARASAT- 8336902873/8335069116
BAGNAN- 8336902884/7439474395
CHANDANNAGAR- 8336902867/9330698329
UTTARPARA- 8336902887/8335069105
Corporate Office: BF-32, Sec-1, Salt Lake City, Bidhannagar, Kolkata - 700 064
Phone: (033) 4071 5661 | info@aimetr.com
www.ascensiveeducare.com

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




**কর্মক্ষেত্র**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ১৭ □ ৩০ নভেম্বর ২০১৮

**ই-মেল ঠিকানা**

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in


## কর্মখালি

**JOB VACANCY**

Govt. Reg-L/No-1860A, সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt. BANK, টাওয়ার, ATM, শপিং মল, Dish TV ও MNC বিভিন্ন Official পদে (৮ম-উচ্চশিক্ষিত) টার্গেট ছাড়া Direct জয়েনিং। বেতন: (11,200-29,500) কর্মপ্রার্থীর আবেদনের মুহূর্তে Joining Date জানানো হবে। DJS, ডালহৌসি, কল-১। (M): 97343-13638 / 86954-99063.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

Airport ও মেট্রোতে পার্মানেন্ট জব। স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 45,900/-, এছাড়া PF, ESI, OT-সহ থাকা-খাওয়ার সুব্যবস্থা। বয়স: 18-40, D.J.S.C. বালিগঞ্জ ফাঁড়ি মোড়, কোল-19, (M): 83718-73424.

□

**এয়ারপোর্ট ও মেট্রো**

গ্যারান্টি সহকারে সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,500/- – 49,300/-. এছাড়া PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। বয়স: 18-40, D.J.S, হাওড়া, শিবপুর, M: 83719-21244.

□

**ডলফিন**

**Govt. Regd, NO.: 1/NO EVE-02990**

পঃ বঙ্গের সমগ্র জেলার বেকার ছেলে/মেয়েদের সরকারি পে-রোলে নিয়ম অনুসারে বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও মেট্রো রেলে লেবার, পিওন, হেল্পার, ট্রলিবয়, চেকিং, হাউস কিপিং-সহ ব্যাঙ্ক (DSA)-এর বিভিন্ন পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 17,500/- – 25,350/-, PF, ESI, OT. এছাড়া থাকা, খাওয়ার সুযোগ সুবিধা রয়েছে। সোদপুর, Kol-110, (M): 96797-48298.

□

**পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় ATM গার্ড**, 4G টাওয়ার গার্ড, SV, অফিসবয়, পিওন, টেলিকলার পদে কর্মী চাই। বেতন: (11,500/- – 16,500/-. R. J. S., 11/C, R. B. L. Kol-09. M: 84364-85750.

□

**মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন** নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 90739-82781.

□

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**

**বেতন: 10,600/- – 28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। নৈহাটি ও কল্যাণী: 84202-17726 ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918 শ্যামবাজার ও শিয়ালদহ: 74497-02185 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 হাওড়া ও হুগলি: 70443-81672 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বজবজ ও বালিগঞ্জ: 86976-16100 বারাসাত ও বনগাঁ: 84208-88113 বসিরহাট ও এয়ারপোর্ট: 86975-95917 Need Counseling, ডানলপ-108.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

শহর থেকে গ্রামে প্রত্যেক কর্মপ্রার্থীদের বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোতে চাকরি। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,500/- – 49,700/-, বয়স: 18-45, D. L. C, সল্ট লেক, কলি-64, M: 83709-56124.

□

**সরাসরি নিয়োগ**

প্রতিটি জেলায় 3G, 4G টাওয়ার Co, A.T.M গার্ড, Pvt. নার্সিং হোম, হোটেল, ফ্যাক্টরি, শপিং মল, শোরুমে বিভিন্ন পদে কর্মী নিয়োগ। বেতন: (12,500/- – 18,500/-). M. J. S., 11C, R. B. L, Kol-9, M: 81458-37367.

□

**জেলাভিত্তিক স্থায়ী কাজ**

লিখিত গ্যারান্টি-সহ WB-এর প্রতিটি জেলায় (৮ম-উচ্চশিক্ষিত) কর্মপ্রার্থীদের (BANK) DSA, শপিং মল, 4G টাওয়ার, MNC-তে (11,700/- – 28,500/-) বেতনে ESI ও PF-সহ বিভিন্ন অফিসিয়াল পদে নিয়োগ করা হবে। N. D, সেন্ট্রাল অ্যাভেনিউ, কলি-৭। 77978-39612, 87687-70461.

□

**IFB SERVICE CENTER-এ WM**, AC, FRIDGE REPAIRING-র TECHNICIAN এবং FEMALE TELECALLER চাই। থাকিবার সু-ব্যবস্থা আছে। 98745-88888, INDUJA HOME SOLUTION PVT LTD, 50/C, Block-C, New Alipore, Kol-700 053.

□

**DISHA CORPORATE**
**17/A/3 BIDHAN ROY SARANI**
**Govt. Reg. No.:**
**WB07D0004754**
**AN ISO 9001 : 2015 Certified**

সরকারি পে রোলের নিয়মানুসারে BANK (DSA) BRE-সহ AIRPORT METRO RAIL সংস্থায় লিখিত গ্যারান্টি-সহ প্রচুর M/F নিয়োগ করা হচ্ছে। বেতন: ১৮,৭০০/- – ৩৭,৩৯০/-। বয়স: ১৮-৪০। যোগ্যতা মাধ্যমিক- M. Com, Mob. No.: 89022-19301.

□

**Airport মেট্রোতে Pvt. ব্যাঙ্কে স্থায়ী জব**

সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে ও ব্যাঙ্ক DSA-তে কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48600/-. বয়স: 18-40 বছর। অন্যান্য সুবিধা: D. L. C, শিয়ালদহ, কলি-09, 83709-54324.

□

**VODA/JIO/ONLINE SHOPING কাস্টমার কেয়ারে**

স্পট সিলেকশন চলছে। বাংলাভাষী (MP-Graduate) (18-35), ছেলেমেয়েদের জন্য। বেতন: যোগ্যতানুসারে INC + OT + BONUS-সহ 11,500/- ও অন্যান্য সুবিধা। প্রয়োজনে শিখে জয়েনিং। IIFA, Kol-28. দমদম (H.O.): 84206-66060, গড়িয়া: 90020-33880, দমদম (উঃ): 99032-23211, শিলিগুড়ি: 98307-71003.

□

**Pvt ব্যাঙ্কে, অফিসে, Accounts Department-এ চাকরি**

অফিসে বসে অফিসিয়াল পদের জন্য প্রচুর প্রার্থী চাই। সোনারপুর ও বালিগঞ্জ: 99038-54218, হাওড়া ও শিয়ালদহ: 96744-11851. MK Carrier & Services, 76, B. B. Ganguly St. Kol-12.

□

**Jio / Airtel / SBI কাস্টঃ কেয়ারে** বাংলা ভাষা জানা ছেলেমেয়ে সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 11,500/- Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. হাওড়া ও হুগলি: 96747-95345, উঃ/দঃ ২৪ পরগনা: 98301-20692.

□

**স্টার হোটেলে 6-17,500/-**

রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

**হোটেলে চাকরি**

কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিকেল ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

## স্কুল-কলেজ শিক্ষা

**প্যারামেডিকেল ও নার্সিং**

**RMP (অ্যালো ও হোমিও), DMLT** (প্যাথোঃ) DPT (ফিজিও), ECG ও ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। DMLT ও ANM ট্রেনিং শেষে চাকরি নিশ্চিত। ক্লাস: শনি ও রবি। ক্যারিয়ার অ্যাকাডেমি, স্টেশন-গড়িয়া, কলি-৮৪। নফরচন্দ্র স্কুলের বিপরীতে। 82729-11322 / 89813-66250.

□

**ENGLISH FOR UPSC, WBCS**, CGL, ব্যাঙ্ক, 450/- শিয়ালদা, বারাসাত, রাণাঘাট, মেমারী, পলাশী। SL: 8617729513, সুরজিৎ লাহিড়ী, নৈহাটি, উত্তর ২৪ পরগনা।

□

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## অভিজ্ঞ ড্রাইভার চাই

অন্তত ১০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন, দক্ষিণ কলকাতা-নিবাসী ড্রাইভার চাই। উত্তম বেতন। অভিজ্ঞতার পূর্ণ বিবরণ ও প্রত্যাশিত বেতন উল্লেখ করে আবেদন করুন নীচের ঠিকানায়। বক্স নং ১৮০১, 'কর্মক্ষেত্র', কলকাতা-৭০০ ০১৯। ফোন: ৯৮৩০২-৪৫৫৫৪

## স্কুল-কলেজ শিক্ষা

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং**

**Pre-Primary & Primary Teachers** Training approved by (BSS Govt. of India) সরাসরি ভর্তি চলছে। রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া: 83350-66915 কল্যাণী: 94323-65899 শ্যামবাজার: 98308-15220 টালিগঞ্জ: 90510-74736 বালিগঞ্জ: 98317-89536 বর্ধমান: 94759-35165 বর্ধমান 94746-39105 আসানসোল 92318-77546 বালি: 91635-73125 হাওড়া: 90510-74736.

□

**Math & Eng সোনারপুর WBCS**, Rail, PSC, SSC, ক্লার্ক Gr-D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, Alakesh Sir: 98360-45234.

□

**নার্সিং ট্রেনিং**

**ANM Nursing (2 Years)** Installment-এর সুবিধা আছে। Approved by BSS/NSDC Govt. of India. Placement. রবীন্দ্র পাঠ ভবন। বেলঘরিয়া: 83350-66915 কল্যাণী: 83350-66916, বালিগঞ্জ: 97326-84328.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স** ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

**স্টেনোগ্রাফি শিখে সরকারি চাকরি।** যোগাযোগ: প্রতাপ রঞ্জন পাত্র। M.P., H.S. & Graduate. 233, N. S. Road, Howrah-1. M: 90883-70103.

□

**IAS, WBCS পড়াই। Group A-তে**, লেডি কনস্টেবলে অনেকেই চূড়ান্ত সফলতা পেল। সাগর রায়: 94772-19086, হাওড়া ময়দান।

## ব্যবসা-বাণিজ্য

**Franchise of Digital Tuitions &** Abacus Centre. New Concept in WB by George Telegraph: 80171-74817. R. Roy, 1/2 KK Mitra Lane, Barasat, Kol-124.


**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in



কর্মক্ষেত্র-র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৪ ডিসেম্বর কর্মক্ষেত্র-র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৮ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।



**কর্মক্ষেত্র**

**কার্যালয়ে যোগাযোগের ঠিকানা:**
**স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড**
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬



**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দু'চাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পরিক্রমায় বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা। অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০
নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আবেগ। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্করঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৫০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹৩৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৩০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেদিদি**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹৫০
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৫০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোডা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# পপকর্ন তৈরির মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**




**নিজস্ব প্রতিনিধি:** বিভিন্ন মেলা, সিনেমা হল বা শপিং মলে, পপকর্নের স্টল বসানো যেতে পারে। এই মেশিনের সাহায্যে পপকর্ন বানিয়ে প্যাকেটে ভরে বিক্রি করতে পারেন।

**কীভাবে করবেন:** পপকর্ন তৈরি করতে প্রধান উপকরণ হিসেবে প্রয়োজন ভুট্টাদানা। এছাড়া পছন্দমতো স্বাদের জন্য প্রয়োজন ঘি, মাখন, টোম্যাটো পাউডার এবং নানা ধরণের মশলা। বড়বাজার অঞ্চলে অতি উৎকৃষ্ট মানের মালয়েশিয়ান ভুট্টাদানা পাওয়া যায়। দাম কেজিপ্রতি ৩০ টাকা। এই মেশিনের মাঝখানে থাকে একটি স্টেনলেস স্টিলের পাত্র। প্রথমে এই পাত্রের মধ্যে প্রয়োজনমতো ঘি বা মাখন দিয়ে তার মধ্যে কাঁচা ভুট্টাদানাগুলি দিয়ে দিন। তারপর তার মধ্যে স্বাদমতো মশলা গুঁড়ো বা টোম্যাটো পাউডার দিয়ে দিতে হবে। এই মেশিনটিতে হিটার লাগানো থাকে। এবার মেশিন চালু করলে হিটারের সাহায্যে স্টিলের পাত্রটি গরম হয়ে ওঠে এবং সেই তাপে কাঁচা ভুট্টাদানাগুলি পপকর্নে পরিণত হয়। সবশেষে পপকর্ন তৈরি হয়ে গেলে স্টিলের পাত্রটি উল্টে পপকর্ন সংগ্রহ করে নিতে হবে।

এই মেশিনটির জন্য মোটর লাগবে ½ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** পপকর্ন তৈরির এই স্বয়ংক্রিয় মেশিনটির দাম পড়বে ১৩,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**‘কর্মক্ষেত্র’-য় ‘স্বনির্ভরতার নানা পথ’ দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক’টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে ‘শিল্পজিজ্ঞাসা’ বিভাগে চিঠি লিখুন।**

□ *আমি উলুবেড়িয়া ১ নম্বর ব্লকের বাসিন্দা। গৃহবধূ। রঙিন মাছ চাষে আগ্রহী। চৌবাচ্চায় চাষ করব। চৌবাচ্চা তৈরির ব্যাপারে বিশেষজ্ঞের পরামর্শের দরকার। কীভাবে সেটা পাওয়া যেতে পারে? —নাম প্রকাশে অনিচ্ছুক, উলুবেড়িয়া, হাওড়া।*

□□ আপনি আপনার এলাকার বিডিও অফিসে যোগাযোগ করুন। কথা বলবেন ফিশারি এক্সটেনশন অফিসারের সঙ্গে। পরামর্শ পাবেন। আপনার ব্লকে অনেকেই রঙিন মাছের চাষ করছেন। তাঁদের সঙ্গেও কথা বলতে পারেন।

□ *মাছ চাষের ব্যাপারে আমার কিছু পরামর্শের দরকার রয়েছে। এ জন্য কোথায় যোগাযোগ করতে পারি? —সুবিমল মাঝি, দক্ষিণ বিষ্ণুপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ আপনি দক্ষিণ ২৪ পরগনার পৈলানের মৎস্য গবেষণা কেন্দ্রে যোগাযোগ করতে পারেন। ফোন: ২৪৭৯-৮২০৯।

□ *পাটের তৈরি সুদৃশ্য হ্যান্ডব্যাগ, ফাইল কভার, ওয়াল হ্যাঙ্গিং ও পুতুল রপ্তানি করতে চাই। পাট-সামগ্রী রপ্তানির জন্য প্রয়োজনীয় তথ্য কোথা থেকে পাওয়া যাবে? —সৈকত নাগ, শ্রীরামপুর, হুগলি।*

□□ তথ্যের জন্য জুট প্রোডাক্টস ডেভেলপমেন্ট অ্যান্ড এক্সপোর্ট প্রমোশন কাউন্সিলে যোগাযোগ করতে পারেন। ঠিকানা: চ্যাটার্জি ইন্টারন্যাশনাল, ষষ্ঠ তল, ফ্ল্যাট নম্বর-০৮, ৩৩এ, জওহরলাল নেহরু রোড, কলকাতা-১। ফোন: ৬৫০০-৬৮১৬। ওয়েবসাইট: www.jpdepc.com যোগাযোগ করতে পারেন ওয়েস্ট বেঙ্গল এক্সপোর্ট প্রমোশন সোসাইটিতেও। ঠিকানা: ২, চার্চ লেন, বিবাদী বাগ, কলকাতা-১। ফোন: ২২৪৩-৯১৮৮। ওয়েবসাইট: www.wbseps.com

□ *বাঁকুড়ার ডোকরা ও টেরাকোটার হস্তশিল্প সামগ্রী বিখ্যাত। বাঁকুড়ায় পাথরের তৈরি দেবদেবী ও অন্যান্য মূর্তিও শিল্প সামগ্রী হিসেবে যথেষ্ট উচ্চমানের। আমি হস্তশিল্প সামগ্রীর ব্যবসায়ী। বাঁকুড়ার কোথায় পাথরের সামগ্রী তৈরি হয় জানতে চাই। —রানা পাল, মধ্যমগ্রাম, কলকাতা।*

□□ বাঁকুড়ার শুশুনিয়া অঞ্চলের কিছু পরিবার পাথরের হস্তশিল্প সামগ্রী তৈরি করেন।

□ *বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পরীক্ষা দেব আগামী বছর। বিষয় বটানি, জুলজি ও কেমিস্ট্রি। আমি বিভিন্ন প্রজাতির ফুল নিয়ে পড়াশোনা করতে ভালোবাসি। আমি ভবিষ্যতে ফুল-ফলের নার্সারি তৈরি করতে চাই। সুদৃশ্য বাগান তৈরির পদ্ধতি শিখতে চাই। বড় আকারের বাগান তৈরির কোনও কোর্স করানো হয় কি আমাদের রাজ্যে? কতদিনের কোর্স ও খরচ সম্পর্কে জানাবেন। —অভিজিৎ সরকার, কাঁথি, পূর্ব মেদিনীপুর।*

□□ এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়ায় হর্টিকালচারের সার্টিফিকেট কোর্স করা যায়। এই কোর্সে হাতে-কলমে বাগান তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। এগ্রিকালচার ও বায়োসায়েন্সের ছাত্ররা উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে ভর্তির জন্য আবেদন করতে পারেন। এটি একটি আবাসিক কোর্স। সোসাইটির হস্টেলে থেকে প্রশিক্ষণ নিতে হবে। ফি বাবদ ভর্তির সময় দিতে হবে ৫০০ টাকা। প্রতি মাসে ফি ১৫০ টাকা। এসটাব্লিশমেন্ট ফি বাবদ প্রতি মাসে দিতে হবে ৫০ টাকা। হস্টেলের জন্য কোনও খরচ নেই। সেশন শুরু হয় প্রতি বছর সেপ্টেম্বর-অক্টোবর মাস নাগাদ। ভর্তির ফর্ম পাওয়া যায় অগস্ট মাস থেকে।

আরও তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়া, ১, আলিপুর রোড, কলকাতা-২৭। ফোন: ২৪৭৯-১৭১৩। ওয়েবসাইট: www.agrihorticultureindia.com

□ *ভালো মানের কেঁচোসার তৈরি করতে চাই। আমার ঠিকানার কাছাকাছি কোথায় প্রশিক্ষণ দেওয়া হয় জানতে চাই। —সাদিক মণ্ডল, দেউলটি, হাওড়া।*

□□ আপনি কোলাঘাটের বাথান-বেড়িয়া শ্রীনিবাস বিদ্যামন্দিরে (উচ্চমাধ্যমিক) যোগাযোগ করতে পারেন। এখানে ভার্মিকম্পোস্ট বা কেঁচোসার তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। কোর্সটি পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক স্বীকৃত। ফোন: ৯৭৩২৮ ৭০৮২২।

□ *আমি গ্রামের ছেলে। আমাদের অঞ্চলে ভালো গুড় পাওয়া যায়। আমি ভালো মানের মোয়া ও নাড়ু তৈরি করতে চাই সেই গুড় ব্যবহার করে। মুড়ি, চিঁড়ে, খইয়ের মোয়া, নারকেল ও তিলের নাড়ু— গ্রামাঞ্চলে এইসব খাবারের ব্যবসায়িক চাহিদা খুব কিছু নেই। আমি কলকাতায় বাড়ি বাড়ি বা অফিস অঞ্চলে বিক্রি করতে পারি কি? এ জন্য কি লাইসেন্সের দরকার হবে? —বাবলু বসাক, তাহেরপুর, নদিয়া।*

□□ আপনি বাড়ি বাড়ি বা অফিস এলাকায় এ ধরনের খাদ্য বিক্রি করতে পারেন। গুণগত মান ভালো হলে ক্রেতা বাড়বে। এখনকার ক্রেতারা খাদ্যদ্রব্যের পরিচ্ছন্নতা নিয়ে অত্যন্ত সচেতন। তাই তৈরির সময় পরিচ্ছন্নতার দিকটিতে কড়া নজর রাখতে হবে। প্যাকেটে কোনও নামধাম না ছাপিয়ে বিক্রি করলে লাইসেন্সের দরকার হবে না। কোনও সংস্থার নাম ছাপিয়ে বিক্রি করতে চাইলে ট্রেড লাইসেন্স ও ফুড লাইসেন্সের দরকার হবে।

□ *এল ই ডি বাল্ব তৈরির বিভিন্ন উপকরণ একসঙ্গে কেনা যায় এমন সরবরাহকের সন্ধান পেতে চাই। —মনীষা ভট্টাচার্য, কাঁঠালপাড়া, ত্রিবেণী, হুগলি।*

□□ দেশজুড়ে বিভিন্ন সংস্থাই এখন এল ই ডি বাল্ব তৈরির উপকরণ সরবরাহ করে থাকে। আপনি এই ওয়েবসাইটটি দেখুন: www.dirindiamart.com/LED bulb making kit in Kolkata

ওয়েবসাইটে সরবরাহক বিভিন্ন সংস্থার ফোন নম্বর পাবেন। দেখতে পারেন এই ওয়েবসাইটগুলিও: www.clirawmaterials.co.in, www.mysunlight.co.in

□ *পাইকারি দরে সিল্কের স্কার্ফ কিনতে চাই বিক্রির জন্য। বাঁকুড়া জেলার বিষ্ণুপুর সিল্কের শাড়ির জন্য বিখ্যাত। এখানে স্কার্ফ পাওয়া যেতে পারে কি? —দীপান্বিতা ধর, ঠাকুরপুকুর, কলকাতা।*

□□ বাঁকুড়ার বিষ্ণুপুরে বালুচরী শাড়ির সঙ্গে সিল্কের স্কার্ফও তৈরি হয়। বিষ্ণুপুর ব্লকের কিছু তাঁতি শাড়ির সঙ্গে স্কার্ফও তৈরি করে থাকেন।

□ *গ্রীষ্মের টম্যাটোর চাষ করতে চাই। এখন কি চাষ শুরু করা যাবে? কেমন সময়ে ফলন পাওয়া যাবে? —সৈকত ভৌমিক, লক্ষ্মীকান্তপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ চাষ শুরু করতে হবে এই জানুয়ারি মাসেই। জানুয়ারির মাঝামাঝি সময়ে চারা লাগাতে হবে। ফলন পাওয়া যাবে এপ্রিলের শেষ নাগাদ অথবা মে মাসের শুরুতে।

□ *রপ্তানির ব্যবসায় আগ্রহী। এক্সপোর্ট লাইসেন্সের জন্য দরখাস্ত করব। রপ্তানি ব্যবসার জন্য আরও কী কী নথিপত্রের দরকার হবে? —অপূর্ব ঘোষাল, চেতলা, কলকাতা।*

□□ এক্সপোর্ট-ইমপোর্ট লাইসেন্স ছাড়াও লাগবে এইসব নথিপত্র। (১) প্যান নম্বর, (২) ট্রেড লাইসেন্স, (৩) বিদেশি মুদ্রা বিনিময়ের সুবিধাযুক্ত কোনও ব্যাঙ্ক শাখায় কারেন্ট অ্যাকাউন্ট-সংক্রান্ত নথি, (৪) এক্সপোর্ট প্রমোশন কাউন্সিলের রেজিস্ট্রেশন-কাম-মেম্বারশিপ সার্টিফিকেট। অংশিদারী ব্যবসা হলে এসবের সঙ্গে পার্টনারশিপের ডিডের দরকার হবে। খুঁটিনাটি তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন ওয়েস্ট বেঙ্গল স্টেট এক্সপোর্ট প্রমোশন সোসাইটির সঙ্গে। ঠিকানা: ২, চার্চ লেন, রুম নম্বর-৪০১, পঞ্চম তল, কলকাতা-৭০০ ০০১।

# ন্যাভাল ডকইয়ার্ডে ২৭৫ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

২৭৫ জন তরুণ-তরুণীকে বিভিন্ন ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে মুম্বইয়ের ন্যাভাল ডকইয়ার্ড। এটি ভারতীয় নৌবাহিনীর অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসেস (সংশোধিত) অ্যাক্ট, ২০১৪ অনুসারে ১ থেকে ২ বছরের ট্রেনিং দেওয়া হবে ডকইয়ার্ড অ্যাপ্রেন্টিসেস স্কুলে। প্রশিক্ষণ শুরু হবে এপ্রিলে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: DAS(V)/01/18.

**ট্রেড অনুসারে আসনসংখ্যা:** ইলেক্ট্রিশিয়ান: ৩০টি। ইলেক্ট্রোপ্লেটার: ৩টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ২৫টি। ফিটার: ২২টি। ইনস্ট্রুমেন্ট মেকানিক: ৮টি। মেশিনিস্ট: ২৫টি। মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ৬টি। পেইন্টার (জেনারেল): ১৪টি। প্যাটার্ন মেকার: ৩টি। রেফ্রিজারেশন অ্যান্ড এ সি মেকানিক: ১৭টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) : ২০টি। কার্পেন্টার: ৩০টি। ফাউন্ড্রিম্যান: ৬টি। ফর্জার অ্যান্ড হিট ট্রিটার: ৩টি। মেকানিক (ডিজেল): ২০টি। শিট মেটাল ওয়ার্কার: ২৮টি। পাইপ ফিটার: ১৫টি।

পাইপ ফিটার ট্রেডের ক্ষেত্রে প্রশিক্ষণের মেয়াদ ২ বছর এবং অন্যান্য সবক’টি ট্রেডের ক্ষেত্রে প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং আর্মড ফোর্সেসে কর্মরত সমরকর্মীদের সন্তানদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ। ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স মেকানিক ও মেকানিক (রেডিও, টিভি) এবং পাইপ ফিটার ট্রেডের ক্ষেত্রে প্লাম্বার ট্রেডে আই টি আই পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন।

**বয়স:** জন্মতারিখ হতে হবে ১-৪-১৯৯৮ থেকে ১-৪-২০০৫-এর মধ্যে। তফসিলিরা ৫ এবং নেভি ও ডিফেন্সে কর্মরতদের সন্তানেরা শর্তসাপেক্ষে সর্বাধিক ২ বছর বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৩৭ সেমি, ওজন অন্তত ২৫.৪ কেজি হতে হবে।

প্রাথমিকভাবে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৩১ জানুয়ারি। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রথমে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনি হিসেবে নাম রেজিস্টার করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৫ ডিসেম্বর। রেজিস্ট্রেশনের পর প্রার্থীর রেজিস্টার্ড ই-মেল আই ডিতে পাঠানো লিঙ্কে ক্লিক করবেন। লিঙ্ক থেকে পাওয়া ওয়েবসাইটে গিয়ে এস্টাব্লিশমেন্ট সার্চ অপশনে লিখবেন ন্যাভাল ডকইয়ার্ড (রেজিস্ট্রেশন নম্বর E ০৮১৫২৮০০০০৪) এবং রাজ্য হিসেবে সিলেক্ট করবেন অন্ধ্রপ্রদেশ। যে ট্রেডের জন্য ট্রেনিং নিতে চান সেই ট্রেডের নামও সিলেক্ট করবেন। এর পর ওয়েবসাইটের হোম পেজে ফিরে এসে অ্যাপ্রেন্টিসেস মডিউলে ক্লিক করে অ্যাপ্রেন্টিস অথেন্টিকেশন অপশনটি সিলেক্ট করবেন। যথাযথভাবে ফর্ম পূরণ করে অথেন্টিকেশন বাটনে ক্লিক করবেন। এর পর পাওয়া অ্যাপ্রেন্টিস প্রোফাইলটি ডাউনলোড করে সেটির এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এছাড়া অ্যাপ্রেন্টিস রেজিস্ট্রেশন নম্বর-সহ ই-মেলেরও এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি পাঠাতে হবে।

পরীক্ষার হল-টিকিটের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.joinindiannavy.nic.in হল-টিকিটের (অ্যানেক্সচার-ওয়ান, পার্ট টু) দু’কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এছাড়াও নথিপত্রের চেক লিস্টেরও (অ্যানেক্সচার-ওয়ান, পার্ট থ্রি) এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি পাঠাতে হবে।

## অ্যাপ্রেন্টিস প্রোফাইলের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন

✓ হল-টিকিটের দু’কপি প্রিন্ট আউট। হল-টিকিটের নির্দিষ্ট স্থানে প্রার্থীর পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো (এক মাসের পুরনো ফটো চলবে না) সেঁটে দেবেন।
✓ মাধ্যমিক এবং আই টি আইয়ের মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল।
✓ প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓ প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓ প্রাক্তন সমরকর্মী বা ন্যাভাল সিভিলিয়ান বা ডিফেন্সে কর্মরত ব্যক্তিদের সন্তানদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓ প্রার্থীর স্থায়ী বাসস্থানের প্রমাণপত্র হিসেবে ভোটার কার্ড বা আধার কার্ড বা রেশন কার্ড বা পাসপোর্টের স্বপ্রত্যয়িত নকল।
✓ আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
✓ প্রার্থীর নাম-ঠিকানা লেখা এবং ১০ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো ২২×১০ সেমি মাপের একটি খাম।
✓ ই-মেলের প্রিন্ট আউট।
✓ নথিপত্রের চেকলিস্টের প্রিন্ট আউট।

অ্যাপ্রেন্টিস প্রোফাইল-সহ উপরোক্ত নথিপত্রগুলি ১২ ডিসেম্বরের মধ্যে ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Officer-in-Charge (for Apprenticeship), Naval Dockyard Apprentices School, VM Naval Base S.O., P.O., Visakhapatnam-530014, Andhra Pradesh.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*বিশিষ্ট হয়ে উঠতে চাইলে তোমাকে লড়তে হবে। লক্ষ্যে পৌঁছনোর জন্য তোমাকে কঠিনতম লড়াইয়ের চ্যালেঞ্জটা নিতেই হবে।*
*— এ পি জে আব্দুল কালাম*
*(ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি)*

*✓ ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করেছি। ডিপ্লোমায় ৬৭ শতাংশ নম্বর আছে। চাকরির খবর দেবেন।*

*অর্ণব দাশ, নৈহাটি, উত্তর ২৪ পরগনা।*

☐ ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারদের চাকরির বাজারে ভালোই চাহিদা আছে। চাকরির পরীক্ষার জন্য ভালো করে প্রস্তুতি নিন। একটু আগে বা পরে চাকরি হবেই।

***এখনই আবেদন করতে পারেন:*** ১২৬ জন অপারেটর-কাম-টেকনিশিয়ান (ট্রেনি) নেবে বার্নপুরের ইসকো স্টিল প্ল্যান্ট। ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন ডিসিপ্লিন থেকে নিয়োগ হবে। অন্যতম ডিসিপ্লিন ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং। ডিপ্লোমায় মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে মেকানিক্যাল, মেটালার্জি, ইলেক্ট্রিক্যাল, কেমিক্যাল, সিভিল ও সেরামিকস ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরাও আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ নভেম্বর সংখ্যায় 'বার্নপুরের ইসকো স্টিল প্ল্যান্টে ১৫৬ ট্রেনি টেকনিশিয়ান' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। অনলাইন দরখাস্ত করতে হবে ১৪ ডিসেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in

১২৬ জন অপারেটর-কাম-টেকনিশিয়ান (ট্রেনি) নেবে বার্নপুরের ইসকো স্টিল প্ল্যান্ট। ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন ডিসিপ্লিন থেকে নিয়োগ হবে। অন্যতম ডিসিপ্লিন ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং। ডিপ্লোমায় মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে মেকানিক্যাল, মেটালার্জি, ইলেক্ট্রিক্যাল, কেমিক্যাল, সিভিল ও সেরামিকস ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরাও আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ নভেম্বর সংখ্যায় 'বার্নপুরের ইসকো স্টিল প্ল্যান্টে ১৫৬ ট্রেনি টেকনিশিয়ান' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থাতেই আপনি চাকরির জন্য আবেদন করতে পারবেন। রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও বিভিন্ন চাকরির সন্ধান পাবেন।

*✓ মাধ্যমিক পাশ করেছি ৪ বছর আগে। তারপর আর পড়াশোনা হয়নি। আর্থিক কারণে কাজ করা শুরু করি। নানা কাজ করেছি। বর্তমানে একটি শপিং মলে ফ্লোর বয়ের কাজ করি। বয়স ২১ বছর। চাকরির সন্ধান দেবেন।*

*বাপ্পাদিত্য কর্মকার, বালি, হাওড়া।*

☐ চাকরির জন্য পড়াশোনা করে প্রস্তুতি নিতে হবে। মাধ্যমিক যোগ্যতার কিছু চাকরি আছে। দু'-একটি চাকরি বেছে নিয়ে সেইসব চাকরির পরীক্ষার জন্য ভালো করে প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** এলাহাবাদ হাইকোর্টে প্রসেস সার্ভার পদে কিছু লোক নেওয়া হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ নভেম্বর সংখ্যায় 'এলাহাবাদ হাইকোর্টে ৩৪৯৫' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করা যাবে ৬ থেকে ২৬ ডিসেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.allahabadhighcourt.in

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন। রেলের গ্রুপ 'ডি'-র কয়েকটি ক্যাটেগরির পদে আবেদন করতে পারবেন। স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ 'ডি' পদের পরীক্ষায় বসতে পারবেন। বিভিন্ন আদালতে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে সহায়ক বা অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন।

*✓ 'কর্মক্ষেত্র'-র ২৩ নভেম্বর সংখ্যায় 'হোটেল শিল্পে কাজের প্রশিক্ষণ' শিরোনামের খবরে ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস এবং হাউস কিপিংয়ের প্রশিক্ষণ সম্পর্কে জানতে পারলাম। আমি হাউস কিপিংয়ের প্রশিক্ষণ নিতে আগ্রহী। আমি আগামী বছর উচ্চমাধ্যমিক পরীক্ষা দেব। আমার প্রশ্ন হল, মেয়েরা কি হাউস কিপিংয়ের প্রশিক্ষণ নিতে পারবে? প্রশিক্ষণ কেন্দ্রের কাছে মেয়েদের জন্য থাকার ব্যবস্থা করে দেওয়া হবে কি? আমি পূর্ব মেদিনীপুরের রামনগরের বাসিন্দা। সংবাদে জানানো হয়েছে ২ মাসের প্রশিক্ষণের পরে প্র্যাক্টিক্যাল কাজ শেখার জন্য অন্য রাজ্যের হোটেলে পাঠানো হবে। একা একাই কি সেখানে যেতে হবে, নাকি দলবদ্ধভাবে পাঠানো হবে? প্রশিক্ষণ নেওয়ার জন্য এখন দরখাস্ত করে উচ্চমাধ্যমিকের পরে প্রশিক্ষণ নিতে পারি কি?*

*করবী ভুঁইয়া, রামনগর, পূর্ব মেদিনীপুর।*

☐ পুরুষ-মহিলা উভয়েই দু'টি ট্রেডেই প্রশিক্ষণ নিতে পারেন। আপনি হাউসকিপিং ট্রেডে প্রশিক্ষণ নিতে পারবেন। প্রশিক্ষণ কেন্দ্রের কাছাকাছি থাকার ব্যবস্থার ব্যাপারে আপনি কেন্দ্র থেকেই সহায়তা পাবেন। থাকা-খাওয়ার খরচ আপনাকেই বহন করতে হবে। স্বল্প খরচে ছাত্রছাত্রীদের থাকার ব্যবস্থা করে দেওয়া হয় বলে প্রশিক্ষণ কেন্দ্র থেকে জানানো হয়েছে। অন্যান্য রাজ্যের বিভিন্ন হোটেলে হাতে-কলমে প্রশিক্ষণের জন্য একা কোনও প্রার্থীকে পাঠানো হয় না। দলবদ্ধভাবেই পাঠানো হয়। সারা বছর ধরেই প্রশিক্ষণ চলে। ফলে উচ্চমাধ্যমিক পরীক্ষা শেষ হলেও আপনি প্রশিক্ষণ নিতে পারবেন। তবে আগেভাগে নাম নথিভুক্ত করিয়ে রাখতে পারেন। এ ব্যাপারে পরামর্শের জন্য ব্যান্ডেলের ডন বস্কো টেকনিক্যালের সেন্টার কো-অর্ডিনেটর অনন্যা মণ্ডলের সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৮৯১০৪-৩১৫১৮।

*✓ একটি বেসরকারি ব্যাঙ্কের কিছু আর্থিক পণ্য বিপণনের কাজ করি। কাজটি স্থায়ী নয়। শিক্ষাগত যোগ্যতা গ্র্যাজুয়েট। বয়স ২৬ বছর। চাকরির সন্ধান দেবেন।*

*শুভঙ্কর দেবনাথ, বাঘাযতীন, কলকাতা।*

☐ গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারেন। বয়সের কথা বিবেচনা করে চাকরির ব্যাপারে একটু তৎপর হতে হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** কলকাতা পোস্টাল এলাকায় কাজ করার জন্য জীবনবিমা নিগম কিছু কেরিয়ার এজেন্ট নিচ্ছে। আপনি আবেদন করতে পারেন। আর্থিক পণ্য বিপণনের অভিজ্ঞতা রয়েছে আপনার। ফলে জীবনবিমার পেশাতেও আপনার সুবিধাই হবে।

উল্লেখ্য, কেরিয়ার এজেন্টের পেশা কোনও চাকরি নয়। বরং ব্যবসাই বলা চলে। প্রথম ২ বছর প্রতি মাসে স্টাইপেন্ড পাবেন। সঙ্গে যুক্ত হবে আপনার কাজের ওপর কমিশন। ব্যবসার মতোই আপনি যত কাজ করবেন, ততই বাড়তে থাকবে উপার্জন। সেই উপার্জনের নির্দিষ্ট কোনও সীমা নেই। কোনও কোনও কেরিয়ার এজেন্ট মাসে লক্ষাধিক টাকাও উপার্জন করেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ নভেম্বর সংখ্যায় 'জীবনবিমায় কেরিয়ার এজেন্ট' শীর্ষক সংবাদে আবেদনের পদ্ধতি জানানো হয়েছে। রয়েছে যোগাযোগের একাধিক ঠিকানাও। দরখাস্ত জমা দিতে হবে ৬ ডিসেম্বরের মধ্যে।

কেরিয়ার এজেন্টের পেশা কোনও চাকরি নয়। বরং ব্যবসাই বলা চলে। প্রথম ২ বছর প্রতি মাসে স্টাইপেন্ড পাবেন। সঙ্গে যুক্ত হবে আপনার কাজের ওপর কমিশন। ব্যবসার মতোই আপনি যত কাজ করবেন, ততই বাড়তে থাকবে উপার্জন। সেই উপার্জনের নির্দিষ্ট কোনও সীমা নেই। কোনও কোনও কেরিয়ার এজেন্ট মাসে লক্ষাধিক টাকাও উপার্জন করেন।

***পরে আবেদন করতে পারবেন:*** বিমা সংস্থায় অ্যাসিস্ট্যান্ট পদের জন্য আবেদন করতে পারবেন। ব্যাঙ্কের চাকরির আগ্রহ থাকলে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক, প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীন ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদের জন্য আবেদন করতে পারবেন। স্টেট ব্যাঙ্কের এই পদগুলিতে সরাসরি আবেদন করা যায়। অন্য রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির ক্ষেত্রে প্রার্থী বাছাই হয় ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের (আই বি পি এস) পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গ সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন। কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষাতেও বসতে পারবেন আপনি। আছে আরও নানা চাকরি।

## খোঁজ জারি থাকলে পথটা বেরোবেই



**প্রফেসর তপনকুমার চ্যাটার্জি**
ডিন, জে আই এস ইউনিভার্সিটি,
প্রাক্তন ডিরেক্টর, ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, যাদবপুর বিশ্ববিদ্যালয়

চাকরি সীমিত, চাকরিপ্রার্থী প্রচুর। এরকম পরিস্থিতিতে কেরিয়ার নিয়ে আগেভাগেই ভাবনাচিন্তাটা সেরে ফেলতে হবে।

এখন বেশিরভাগ ছেলেমেয়েই স্নাতকস্তর পর্যন্ত পড়াশোনা করেন। স্নাতক যোগ্যতার নানারকমের সরকারি চাকরি আছে। স্নাতকস্তরের পড়াশোনা করতে করতেই স্নাতকোত্তর ডিগ্রি পড়বেন, নাকি চাকরির উদ্যোগ নেবেন, সে-ব্যাপারে সিদ্ধান্ত নিয়ে ফেলতে হবে। অনার্সে অন্তত ৫৫ শতাংশ নম্বর না থাকলে স্নাতকোত্তরে সুযোগ পাওয়া মুশকিল। যাঁরা শিক্ষকতার পেশায় যেতে চাইবেন বা গবেষণাধর্মী কাজকর্ম করবেন, তাঁরা স্নাতকোত্তর কোর্স পড়ুন। কিন্তু পড়াশোনা করে যাঁরা সরকারি চাকরি করতে চান, তাঁদের ক্ষেত্রে আরও সময় ব্যয় করার চেয়ে স্নাতক ডিগ্রির পড়াশোনা শেষ করার পরেই চাকরির জন্য জোরদার প্রস্তুতি শুরু করে দেওয়াই ভালো। প্রতিযোগিতামূলক পরীক্ষায় সফল হতে হয় সরকারি চাকরি পাওয়ার জন্য। অত্যন্ত ভালো প্রস্তুতি থাকলে তবেই সফল হওয়া যায়। আমি বলব, গ্র্যাজুয়েশনের দ্বিতীয় বছর থেকেই প্রস্তুতিটা শুরু হয়ে যাওয়া ভালো। কলেজের পড়াশোনা সামলেও সেটা করা উচিত। তাহলে গ্র্যাজুয়েশনের পড়াশোনা যখন সম্পূর্ণ হবে, তখন আপনি অনেকটাই প্রস্তুত হয়ে যাবেন। চাকরির রকমটা ঠিক করে নিতে পারলে প্রস্তুতির পথটাও অনেকটা সরল হয়ে যায়। যেমন, আপনি সিদ্ধান্ত নিলেন, ব্যাঙ্কের প্রবেশনারি অফিসার পদের পরীক্ষায় বসবেন। সেক্ষেত্রে, এই পদের জন্য কেমন পরীক্ষা হয়, কী কী বিষয় থেকে কেমন মানের প্রশ্ন হয়, পরীক্ষার জন্য কতটা সময় পাওয়া যায়, এই তথ্যগুলো আপনি আগেই সংগ্রহ করে ফেলতে পারেন। তারপর ধারাবাহিক প্রস্তুতি, অনুশীলনের পালা। কলেজের পড়াশোনার পাশাপাশি প্রতিদিন অন্তত একটা ঘণ্টা সময় চাকরির পরীক্ষার প্রস্তুতির জন্য ব্যয় করলে আপনি অনেকটা এগিয়ে থাকবেন।

আরেকটা দিক রয়েছে। বেসরকারি চাকরির জগৎ। এক্ষেত্রে পড়াশোনার ভালো রেজাল্টের চেয়েও বেশি জরুরি সংশ্লিষ্ট চাকরির উপযোগী মানসিকতা গঠন ও দক্ষতা অর্জন। সেটার জন্যও প্রস্তুতির দরকার রয়েছে। প্রয়োজনে সেই চাকরির উপযোগী প্রশিক্ষণ নিতে হতে পারে। এক্ষেত্রেও একটা উদাহরণ দেওয়া যেতে পারে। ধরা যাক, আপনি একজন গ্র্যাজুয়েট। আগে ভাবেননি, কিন্তু এখন হোটেল ইন্ডাস্ট্রিতে চাকরি করার ইচ্ছা হচ্ছে। হোটেল ম্যানেজমেন্ট পড়া হয়নি। ইচ্ছেটা যদি প্রবল হয়, তাহলে আপনি খোঁজখবর নেবেন। সায়েন্স, কমার্স বা আর্টসের গ্র্যাজুয়েটরা কীভাবে হোটেল ইন্ডাস্ট্রির পেশায় যুক্ত হতে পারেন, সেটাই হবে আপনার খোঁজ। আপনি দেখবেন, অ্যাকোমোডেশন অপারেশন অ্যান্ড ম্যানেজমেন্ট, ফ্রন্ট অফিস অপারেশনস, হাউস কিপিং, ফুড প্রোডাকশন, বেকারি ও কনফেকশনারি, ফুড প্রোডাকশন ইত্যাদি বিভাগে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ও ডিপ্লোমা কোর্স করার সুযোগ আছে। কলকাতার তারাতলার ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্টে পড়া যায় এই কোর্সগুলো। খোঁজখবর নিলে এরকম হরেক প্রশিক্ষণের সন্ধান পাবেন। চোখ বুজে একটা প্রশিক্ষণ নিয়ে নিলেই চলবে না। প্রশিক্ষণ নেওয়ার পিছনে আপনার একটা লক্ষ্য থাকতে হবে অবশ্যই।

আন্তরিক ইচ্ছা একটা বড় কথা। ইচ্ছাটা থাকলে চলার পথটা ঠিকই খুঁজে পাবেন। চলাটা যদি থামিয়ে না দেন, তবে লক্ষ্যেও পৌঁছবেন নিশ্চিতভাবেই।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:*
*(নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## পি এস সি

□ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিস অ্যান্ড ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিস এক্সামিনেশন পরীক্ষার ধরনধারণ জানতে চাই। —অনির্বাণ হাজরা, সোনামুখী, বাঁকুড়া।*

□□ 'পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিস অ্যান্ড ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিস এক্সামিনেশন' হয় দু'টি পর্যায়ে—প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে ২০০ নম্বরের অবজেক্টিভ টাইপ প্রশ্ন। প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ ও এরিথমেটিক বিষয়ে। মেন পরীক্ষায় কনভেনশনাল টাইপ প্রশ্ন হবে। এই পরীক্ষার দু'টি ভাগ: (১) আবশ্যিক বিষয় (২) ঐচ্ছিক বিষয়। আবশ্যিক বিষয়ের পরীক্ষায় প্রথম পত্রে থাকবে ইংরেজি এসে, প্রেসি ও কম্পোজিশন। দ্বিতীয় পত্রে থাকবে বাংলা ভাষায় প্রবন্ধ রচনা, সারসংক্ষেপ ও কম্পোজিশন। তৃতীয় পত্রে জেনারেল স্টাডিজ বিষয়ক প্রশ্ন হবে। প্রতি পত্রের নম্বর ১০০। ঐচ্ছিক বিষয়ের পরীক্ষার জন্য নির্ধারিত বিষয়ের তালিকা থেকে দু'টি বিষয় বেছে নিতে হবে। প্রতি বিষয়ে নম্বর ২০০। ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে পার্সোন্যালিটি টেস্ট ২০০ নম্বরের। ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে পার্সোন্যালিটি টেস্টের নম্বর ১০০। দেখুন এই ওয়েবসাইট: www.pscwbapplication.in

□ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত ডব্লু বি সি এস পরীক্ষার মেন এক্সামিনেশনের বিস্তারিত সিলেবাস জানাবেন। —পৌলমী ঘোষদস্তিদার, আসানসোল, পশ্চিম বর্ধমান।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত ডব্লু বি সি এস পরীক্ষার মেন এক্সামিনেশনে থাকবে ৬টি কম্পালসারি পেপার এবং ১টি অপশনাল সাবজেক্ট (শুধুমাত্র গ্রুপ 'এ' এবং গ্রুপ 'বি'-র প্রার্থীদের ক্ষেত্রে)। অপশনাল সাবজেক্টে থাকবে ২টি পেপার। প্রতিটি পেপারের পূর্ণমান ২০০। সময় ৩ ঘণ্টা করে। কম্পালসারি পেপার: ৬টি কম্পালসারি পেপারের মধ্যে পেপার-ওয়ান এবং পেপার-টু-এর ক্ষেত্রে কনভেনশনাল টাইপ লিখিত পরীক্ষা হবে। এছাড়া অন্য চারটি কম্পালসারি পেপারের ক্ষেত্রে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্নের উত্তর করতে হবে। পেপার-ওয়ানে নেওয়া হবে বাংলা, হিন্দি, উর্দু, নেপালি ও সাঁওতালির মধ্যে যে-কোনও একটি ভাষার পরীক্ষা। থাকে লেটার রাইটিং বা ড্রাফটিং অব রিপোর্ট, প্রেসি রাইটিং, কম্পোজিশন, ইংরেজি থেকে বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি বা সাঁওতালি ভাষায় ট্রানস্লেশন। পেপার-টু-তে আছে ইংরেজিতে লেটার রাইটিং/ড্রাফটিং অব রিপোর্ট, প্রেসি রাইটিং, কম্পোজিশন, বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি বা সাঁওতালি থেকে ইংরেজিতে ট্রানস্লেশন। পেপার-থ্রি-তে আছে জেনারেল স্টাডিজ-ওয়ান: (১) ইন্ডিয়ান হিস্ট্রি উইথ স্পেশ্যাল এমফ্যাসিস অন ন্যাশনাল মুভমেন্ট, (২) জিওগ্রাফি অব ইন্ডিয়া (এক্ষেত্রে পশ্চিমবঙ্গের ভূগোল গুরুত্ব পাবে)। পেপার-ফোর-এ আছে জেনারেল স্টাডিজ-টু, সায়েন্স অ্যান্ড সায়েন্টিফিক অ্যান্ড টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রনমেন্ট, জেনারেল নলেজ এবং কারেন্ট অ্যাফেয়ার্স। পেপার-ফাইভ-এ আছে দ্য কনস্টিটিউশন অব ইন্ডিয়া অ্যান্ড ইন্ডিয়ান ইকোনমি ইনক্লুডিং রোল অ্যান্ড ফাংশানস অব রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া। পেপার সিক্স-এ আছে অ্যারিথমেটিক এবং রিজনিংয়ের প্রশ্ন। মনে রাখতে হবে 'এ' ও 'বি' গ্রুপের প্রার্থীরা ৬টি কম্পালসারি পেপার এবং একটি অপশনাল সাবজেক্টের দু'টি পেপারের পরীক্ষা দেবেন। 'সি' ও 'ডি' গ্রুপের প্রার্থীরা শুধুমাত্র ৬টি কম্পালসারি পেপারের পরীক্ষা দেবেন মাল্টিপল চয়েস প্রশ্নের ক্ষেত্রে ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে। ওয়েবসাইট: www.pscwbapplication.in

## ব্যাঙ্ক

□ *আমি একজন প্রাক্তন সমরকর্মী। রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার সিকিউরিটি গার্ড পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানাবেন। —অতনু নাথ, ফতেপুর, নদিয়া।*

□□ রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার সিকিউরিটি গার্ড পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও নথিপত্র যাচাইয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় থাকবে রিজনিং (৪০ নম্বর), জেনারেল ইংলিশ (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩০ নম্বর)। সময়সীমা ৮০ মিনিট। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ২.৪ কিমি দৌড়, ১ মিনিটে ৫ মিটার শাটল, পুশ আপ ও সিট আপ। ওয়েবসাইট: www.rbi.org.in

## নার্সিং

□ *মিলিটারি নার্সিং সার্ভিসে বি এসসি নার্সিং কোর্স পড়তে চাই। বিস্তারিত জানাবেন। —সুদেষ্ণা ভৌমিক, মালদা।*

□□ ৪ বছরের বি এসসি নার্সিং কোর্স পড়িয়ে মিলিটারি নার্সিং সার্ভিসে নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। অবিবাহিত, ডিভোর্সি, আইনত বিচ্ছিন্ন ও বিধবা মহিলারা আবেদন করতে পারেন। কোর্স শেষে চাকরি হবে মিলিটারি নার্সিং সার্ভিসে, পার্মানেন্ট বা শর্ট সার্ভিস কমিশনে। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি (বটানি ও জুলজি) ও ইংরেজি নিয়ে এবং মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চ-মাধ্যমিক বা সমতুল পাশ করে থাকতে হবে প্রথম বারের প্রচেষ্টাতেই। প্রার্থী বাছাই হবে একটি অবজেক্টিভ টাইপ লিখিত পরীক্ষার মাধ্যমে। দেড় ঘণ্টার পরীক্ষা। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ইন্টারভিউয়ে ডাকা হবে। ৩০ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in অনলাইনে ফি বাবদ দিতে হবে ১৫০ টাকা।

## কোর্স, ট্রেনিং

□ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে মেডিক্যাল ফিজিক্সের পোস্ট এম এসসি কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —উদ্দীপন সেনগুপ্ত, ঝামটিয়া, হাওড়া।*

□□ মেডিক্যাল ফিজিক্সের ১ বছরের পোস্ট এম এসসি ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ফিজিক্স বিভাগ। কোর্স শুরু হবে ২৭ ফেব্রুয়ারি। এটি সান্ধ্য কোর্স। ক্লাসের সময় বিকেল ৫টা থেকে রাত ৯টা। আসনসংখ্যা: ১০। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতকস্তরেও অন্যতম প্রধান বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে। রেডিওথেরাপি বা মেডিক্যাল ফিজিক্সের কাজের সঙ্গে এক বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীরা স্নাতকোত্তর স্তরের নম্বরের ক্ষেত্রে ছাড় পাবেন। কোর্স ফি: ৮৪,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদ ১০০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করতে পারেন বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন কাউন্টার থেকে। অথবা আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নিতে পারেন এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.jaduniv.edu.in, www.cnci.org.in ডাউনলোড করা আবেদনপত্রের ক্ষেত্রে ফি বাবদ ১০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'Jadavpur University'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ৪ ডিসেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Secretary, Faculty Council of Science, Jadavpur University, Kolkata-32.

□ *ন্যাশনাল ইনস্টিটিউট অব ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিংয়ে ইন্ডাস্ট্রিয়াল ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। এ বিষয়ে বিস্তারিত জানাবেন। —জয়ন্ত পাল, তারানগর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইন্ডাস্ট্রিয়াল ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল ইনস্টিটিউট অব ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং। কোর্স শুরু হবে জুনে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক। সেই সঙ্গে ২০১৮-র ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। প্রাথমিকভাবে ক্যাট পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২৫ থেকে ২৯ মার্চ। ১ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nitie.ac.in আবেদনের শেষ তারিখ ১ ফেব্রুয়ারি। ফি হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)।

□ *ন্যাশনাল ইনশিওরেন্সে অ্যাকাউন্টস বিষয়ে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —সোহম দে, শিবদাসপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ ন্যাশনাল ইনশিওরেন্সে অ্যাকাউন্টস বিষয়ে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি কম। সঙ্গে চার্টার্ড অ্যাকাউন্টেন্সির ইন্টারমিডিয়েট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। অথবা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্সির ইন্টারমিডিয়েট পরীক্ষায় পাশ করে থাকতে হবে অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ অথবা অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ কমার্সে স্নাতকোত্তর ডিগ্রি। প্রাথমিকভাবে অনলাইন পরীক্ষার মাধ্যমে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষা নেওয়া হবে ডিসেম্বর-জানুয়ারি মাসে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল অ্যাকাউন্টিং প্রিন্সিপলস (১০০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২০ নম্বর), কম্পিউটার নলেজ (২০ নম্বর) এবং জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড রিজনিং (২০ নম্বর) বিষয়ে। পরীক্ষার সময়সীমা ৩ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.nationalinsuranceindia.com

## অন্যান্য চাকরি

□ *গেইলে ইনস্ট্রুমেন্টেশন শাখায় ফোরম্যান পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —প্রতুল ঘোষ, রামপুরহাট, বীরভূম।*

□□ গেইলে ইনস্ট্রুমেন্টেশন শাখায় ফোরম্যান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সঙ্গে হাইড্রোকার্বন পাইপলাইন বা প্রসেস প্লান্টে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৩০ নভেম্বরের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.gailonline.com

## বিবিধ

□ *তফসিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্রছাত্রীদের কেন্দ্রীয় সরকারি স্কলারশিপ প্রদানের বিষয়ে বিস্তারিত জানালে উপকৃত হব। —জনার্দন সাঁতরা, কোতুলপুর, বাঁকুড়া।*

□□ কারিগরি ও পেশাদারি বিষয়ে স্নাতকোত্তর স্তরে পড়াশোনা করতে আগ্রহী এক হাজার তফসিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকার। ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি, ম্যানেজমেন্ট, ফার্মাসি-সহ অন্যান্য পেশাদারি কোর্সে পাঠরতরা আবেদন করতে পারেন এই স্কলারশিপের জন্য। কোর্সগুলি অবশ্যই স্বীকৃত হতে হবে। দূরশিক্ষা মাধ্যমে পড়াশোনা করলে আবেদন করবেন না। স্কলারশিপের মেয়াদ ২ থেকে ৩ বছর। স্কলারশিপের পরিমাণ: ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির ক্ষেত্রে প্রতি মাসে ৭,৮০০ টাকা এবং অন্যান্য বিষয়ের ক্ষেত্রে প্রতি মাসে ৪,৫০০ টাকা। ৩০ নভেম্বরের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.scholarships.gov.in

নাম : ..........
ঠিকানা : ..........
..........
..........
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়কদের সাম্মানিক ভাতা বৃদ্ধি নিয়ে টালবাহানায় হতাশ

আমি পূর্ব মেদিনীপুর জেলার একজন অঙ্গনওয়াড়ি কর্মী। অগস্ট মাসের শেষে রাজ্য সরকারের তরফে বিজ্ঞপ্তি জারি করে বলা হয়েছিল, অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়কদের অতিরিক্ত সাম্মানিক ভাতার পরিমাণ ১,০০০ টাকা করে বাড়ানো হবে। কিন্তু মাত্র দু'মাসের মধ্যেই পাল্টে গেল সিদ্ধান্ত। ১ নভেম্বর নতুন বিজ্ঞপ্তি প্রকাশ করে রাজ্য সরকার জানিয়ে দিল, অঙ্গনওয়াড়ি কর্মীদের অতিরিক্ত সাম্মানিক ভাতা বাড়বে মাত্র ৪০০ টাকা, আর সহায়কদের ৭০০ টাকা। আবার এই বিজ্ঞপ্তি জারির পর পরই নারী ও শিশুকল্যাণ মন্ত্রী শশী পাঁজা জানান, 'মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশমতো সাম্মানিক এক হাজার টাকা বৃদ্ধি হয়েছে। তার মধ্যে কোনও ভুল নেই।' ফলে এই সিদ্ধান্তে একদিকে যেমন তৈরি হয়েছে ধোঁয়াশা, অন্যদিকে ক্ষোভ তৈরি হচ্ছে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়কদের মধ্যে। সুসংহত শিশুবিকাশ প্রকল্পে (আই সি ডি এস) অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়কদের সাম্মানিক দেওয়া হয় কেন্দ্র ও রাজ্যের যৌথ বরাদ্দ থেকে। এত দিন কর্মীরা প্রতি মাসে ৩,০০০ টাকা এবং সহায়করা ১,৫০০ টাকা করে পেতেন। এর অতিরিক্ত ১৮৫০ টাকা করে সাম্মানিক দিত রাজ্য। গত ২৩ অগস্ট রাজ্য সরকারের নারী ও শিশুকল্যাণ দফতরের বিজ্ঞপ্তিতে (নং. ৪৫৩৭/এসডব্লিউ/পি/৩এসএফ-১৪/১২ পার্ট ১) বলা হয়, ওই ভাতা ১ অক্টোবর থেকে ১০০০ টাকা করে বাড়ানো হবে। ফলে সাম্মানিকের পরিমাণ হবে ২৮৫০ টাকা। কিন্তু ১ নভেম্বর নতুন বিজ্ঞপ্তি (নং. ৫৮৬৭-এসডব্লিউ/পি/৩এসএফ-১৪/১২ পার্ট ১) জারি করে ভাতা বৃদ্ধির সংশোধিত হার ঘোষণা করা হয়। ফলে অঙ্গনওয়াড়ি কর্মীরা এখন অতিরিক্ত ভাতা হিসেবে ২২৫০ টাকা (১৮৫০+৪০০) এবং সহায়করা ২৫৫০ (১৮৫০+৭০০) টাকা পাবেন।

> অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়কদের মূল ভাতার পরিমাণ যথাক্রমে ১,৫০০ টাকা ও ৭৫০ টাকা বাড়িয়েছে কেন্দ্র। যার ফলে কর্মীদের মূল ভাতা দাঁড়াচ্ছে ৪,৫০০ টাকা এবং সহায়কদের মূল ভাতা হচ্ছে ২২৫০ টাকা। ফলে রাজ্যের নুতন বিজ্ঞপ্তি অনুযায়ী কর্মীদের মোট ভাতা হবে মাসিক ৬৭৫০ টাকা, সহায়কদের ক্ষেত্রে তা হবে ৪,৮০০ টাকা। ২৩ অগস্টের বিজ্ঞপ্তি মানলে যা হত ৭,৩৫০ টাকা ও ৫,১০০ টাকা।

ইতিমধ্যে অবশ্য অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়কদের মূল ভাতার পরিমাণ যথাক্রমে ১,৫০০ টাকা ও ৭৫০ টাকা বাড়িয়েছে কেন্দ্র। যার ফলে কর্মীদের মূল ভাতা দাঁড়াচ্ছে ৪,৫০০ টাকা এবং সহায়কদের মূল ভাতা হচ্ছে ২২৫০ টাকা। ফলে রাজ্যের নুতন বিজ্ঞপ্তি অনুযায়ী কর্মীদের মোট ভাতা হবে মাসিক ৬৭৫০ টাকা, সহায়কদের ক্ষেত্রে তা হবে ৪,৮০০ টাকা। ২৩ অগস্টের বিজ্ঞপ্তি মানলে যা হত ৭,৩৫০ টাকা ও ৫,১০০ টাকা।

বর্তমানে এই মূল্যবৃদ্ধির বাজারে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়কদের নামমাত্র আয়েও যদি এ ভাবে খাঁড়ার ঘা নেমে আসে, তাহলে বাঁচাই তো দুষ্কর হয়ে যায়। পুজো, ক্লাব ইত্যাদি খাতে যখন অকাতরে সরকারি অর্থ খরচ হচ্ছে, তখন এই ধরনের সামাজিক প্রকল্পে সাম্মানিক ভাতা কমানোর সিদ্ধান্ত অত্যন্ত দুর্ভাগ্যজনক।

নাম ও ঠিকানা প্রকাশে অনিচ্ছুক।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# বিমানবাহিনীতে ট্রেনিং দিয়ে ১৬৩ অফিসার

*প্রথম পাতার পর*

আবেদন করবেন না।

**বয়স**: ১-১-২০২০ তারিখে ২০ থেকে ২৪ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৬ থেকে ১-১-২০০০-এর মধ্যে। কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীরা ২৬ বছর পর্যন্ত ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক**: উচ্চতা ১৬২.৫ সেমি। পায়ের দৈর্ঘ্য হতে হবে ৯৯ থেকে ১২০ সেমির মধ্যে। থাইয়ের দৈর্ঘ্য সর্বাধিক ৬৪ সেমি। বসে থাকা অবস্থায় উচ্চতা হতে হবে ৮১.৫ থেকে ৯৬ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

**দৃষ্টিশক্তি**: ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯, হাইপারমেট্রোপিয়া থাকলে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হবে। চশমা থাকলে আবেদন করবেন না।

**গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) শাখা**: **বিষয় অনুসারে শূন্যপদ**: ইলেক্ট্রনিক্স: পার্মানেন্ট কমিশনের ক্ষেত্রে ২৪টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ৩২টি। মেকানিক্যাল: পার্মানেন্ট কমিশনের ক্ষেত্রে ১০টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ১৪টি। **শিক্ষাগত যোগ্যতা**: অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স) ব্রাঞ্চের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছরের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। অথবা ইন্টিগ্রেটেড পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। উভয় ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্কে ৬০ শতাংশ করে নম্বর থাকতে হবে। অথবা নিম্নলিখিত বিষয়ের যে-কোনও একটিতে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ অথবা ৬০ শতাংশ নম্বর-সহ ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্সের গ্র্যাজুয়েট মেম্বারশিপ এক্সামিনেশন পাশ। বিষয়গুলি হল: কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (মাইক্রোওয়েভ), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি।

অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) ব্রাঞ্চের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছরের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। অথবা ইন্টিগ্রেটেড পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। উভয় ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্কে ৬০ শতাংশ করে নম্বর থাকতে হবে। অথবা নিম্নলিখিত বিষয়ের যে-কোনও একটিতে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ। বিষয়গুলি হল: অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অটোমেশন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (রিপেয়ার অ্যান্ড মেইন্টেন্যান্স), মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং।

**দৈহিক মাপজোক**: উচ্চতা ১৫৭.৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫২ সেমি)। গোর্খা প্রার্থীরা ৫ সেমি ছাড় পাবেন। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

**দৃষ্টিশক্তি**: উভয় চোখে ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে।

**বয়স**: ১-১-২০২০ তারিখে ২০ থেকে ২৬ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৪ থেকে ১-১-২০০০-এর মধ্যে।

**গ্রাউন্ড ডিউটি নন-টেকনিক্যাল শাখা**: **বিভাগ অনুসারে শূন্যপদ**: অ্যাডমিনিস্ট্রেশন: পার্মানেন্ট কমিশনের ক্ষেত্রে ১১টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ১৫টি। লজিস্টিক্স: পার্মানেন্ট কমিশনের ক্ষেত্রে ৫টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ৯টি। অ্যাকাউন্টস: পার্মানেন্ট কমিশনের ক্ষেত্রে ৭টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ১১টি।

**শিক্ষাগত যোগ্যতা**: অ্যাডমিনিস্ট্রেশন: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ।

**লজিস্টিক্স**: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ।

**অ্যাকাউন্টস**: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি কম।

**বয়স**: ১-১-২০২০ তারিখে ২০ থেকে ২৬ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৪ থেকে ১-১-২০০০-এর মধ্যে।

**দৈহিক মাপজোক**: উচ্চতা ১৫৭.৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫২ সেমি)। গোর্খা প্রার্থীরা ৫ সেমি ছাড় পাবেন। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

**দৃষ্টিশক্তি**: অ্যাডমিনিস্ট্রেশনের ক্ষেত্রে উভয় চোখে ৬/৯, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হবে। লজিস্টিক্স, অ্যাকাউন্টস ও এডুকেশনের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/১৮ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে।

ট্রেনিং শেষে সফল প্রার্থীদের নিয়োগ করা হবে বিভিন্ন শাখায়। তখন বেতনক্রম: ৫৬,১০০-১,১০,৭০০ টাকা। সেই সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা।

প্রার্থী বাছাই হবে এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্টের (AFCAT) মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ভার্বাল এবিলিটি, নিউমেরিক্যাল এবিলিটি, রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস এবং মিলিটারি অ্যাপ্টিটিউড বিষয়ে। এর পরেই গ্রাউন্ড ডিউটি নন-টেকনিক্যাল শাখার ক্ষেত্রে অতিরিক্ত ইঞ্জিনিয়ারিং নলেজ টেস্ট হবে। গ্রাউন্ড ডিউটি নন-টেকনিক্যাল শাখার প্রার্থীদের এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট ও ইঞ্জিনিয়ারিং নলেজ টেস্ট— দু'টি পরীক্ষাতেই উত্তীর্ণ হতে হবে। দু'পর্যায়ে পরীক্ষাটি নেবে এয়ারফোর্স সিলেকশন বোর্ড।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.careerindianairforce.cdac.in, http://afcat.cdac.in দরখাস্ত করা যাবে ১ ডিসেম্বর থেকে ৩০ ডিসেম্বর পর্যন্ত। ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। দরখাস্ত পূরণ-সংক্রান্ত খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে।

# উত্তর-মধ্য রেলে ৪৪৬ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

*প্রথম পাতার পর*

হবে। তালিকাভুক্ত প্রার্থীদের নথিপত্র যাচাই করা হবে। প্রার্থীদের মেডিক্যাল পরীক্ষা নেওয়া হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ncr.indianrailways.gov.in পূরণ করবেন যথাযথভাবে। মনে রাখবেন, আবেদন করতে বসার আগে প্রার্থীকে অবশ্যই অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর থাকা বাধ্যতামূলক।

## পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓স্বপ্রত্যয়িত দু'কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোদু'টি আবেদনপত্র ও কল লেটারের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন।
- ✓ফি বাবদ ১০০ টাকার ইন্ডিয়ান পোস্টাল অর্ডার। এটি 'Sr. DFM Jhansi'-র অনুকূলে ঝাঁসিতে প্রদেয় হতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।
- ✓শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে মেডিক্যাল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓নিজের নাম-ঠিকানা লেখা ও একটিতে ২৭ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো ১১×৫ ইঞ্চি মাপের দু'টি খাম। তফসিলিদের ডাকটিকিট সাঁটতে হবে না।
- ✓যথাযথভাবে পূরণ করা কল লেটার।

আবেদনপত্র ভরা খামের উপর লিখবেন 'Application for Act Apprentice - Jhansi Division 2018-19'. ১৭ ডিসেম্বরের মধ্যে আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the Divisional Railway Manager, Personnel Dept. (R&D Section), North Central Railway, Jhansi, U.P. 284003. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এলাহাবাদ হাইকোর্টে অ্যাডভোকেট

*প্রথম পাতার পর*

পরীক্ষার মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষা আয়োজিত হবে এলাহাবাদে। পরীক্ষা ৩ ফেব্রুয়ারি। প্রিলিমিনারি পরীক্ষায় অন্তত ৪৫ শতাংশ নম্বর পেলে মেন পরীক্ষায় বসার ডাক পাওয়া যাবে।

**বেতনক্রম**: ৫১,৫৫০-৬৩,০৭০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে ১৪ ডিসেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.allahabadhighcourt.in ফি বাবদ অনলাইনেই জমা দিতে হবে ১,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত সাবমিট করার পরে সেটির প্রিন্ট আউট নেবেন। ১৭ ডিসেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত ডাউনলোড করা যাবে।

অনলাইন দরখাস্তের প্রিন্ট আউট ডিস্ট্রিক্ট অ্যান্ড সেশন জাজ বা রেজিস্ট্রার জেনারেল বা হাইকোর্টের রেজিস্ট্রার বা সুপ্রিম কোর্টের সেক্রেটারি জেনারেল কর্তৃক ফরোয়ার্ডেড হতে হবে।

রেজিস্টার্ড ডাকে বা স্পিড পোস্ট মারফত এই প্রিন্ট আউট ৩ জানুয়ারির মধ্যে পৌঁছনো চাই এই ঠিকানায়: Registrar (Selection & Appointment), High Court of Judicature, Allahabad.

খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

# রাজ্যের সরকারি হাসপাতালে

## ফিজিসিস্ট-কাম-রেডিয়েশন সেফটি অফিসার

*প্রথম পাতার পর*

বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো, সই, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২১০ টাকা। পশ্চিমবঙ্গের তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেম (জি আর পি এস)-এ অংশগ্রহণকারী যে-কোনও ব্যাঙ্কের মাধ্যমে ফি জমা দিতে হবে (হেড অব অ্যাকাউন্ট: ০০৫১-০০-১০৪-০০২-১৬)। ফি জমা দেওয়ার পর ওয়েবসাইটে পুনরায় লগ-ইন করে দরখাস্ত পূরণ করতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৫ ডিসেম্বর পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্য সরকারের সায়েন্স অ্যান্ড টেকনোলজি ডিপার্টমেন্টে রিসার্চ ফেলো

'ইমপ্লিমেন্টেশন অব ওয়াটারবডিস সেন্সাস অ্যান্ড সিক্সথ মাইনর ইরিগেশন সেন্সাস উইথ ক্যাডাস্ট্রাল-লেভেল ল্যান্ডইউজ ম্যাপিং' প্রকল্পের জন্য চুক্তিতে ৪০ জন জুনিয়র রিসার্চ ফেলো (জে আর এফ) ও সিনিয়র রিসার্চ ফেলো (এস আর এফ) নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সরকারের সায়েন্স অ্যান্ড টেকনোলজি অ্যান্ড বায়োটেকনোলজি দপ্তর। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। জে আর এফ প্রার্থীদের ওয়াক-ইন-ইন্টারভিউ ৬ ডিসেম্বর এবং এস আর এফ প্রার্থীদের ইন্টারভিউ ৭ ডিসেম্বর। পরীক্ষাকেন্দ্র: কনফারেন্স হল, ডিপার্টমেন্ট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, বিকাশ ভবন (ফোর্থ ফ্লোর), সল্ট লেক, কলকাতা- ৭০০ ০৯১।

**জুনিয়র রিসার্চ ফেলো**: **শূন্যপদ**: ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৩, ও বি সি-বি ৩)। **শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজি বা জিওগ্রাফি বা এনভায়রনমেন্টাল সায়েন্স বা রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক ইনফর্মেশন সিস্টেম বা ওয়াটার রিসোর্স বা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতকোত্তর ডিগ্রি। তফসিলি এবং ও বি সি প্রার্থীদের ৫০ শতাংশ নম্বর থাকলেই চলবে। জিওইনফর্মেটিক্সে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা সমতুল যোগ্যতা থাকলে অথবা নেট বা গেট বা স্লেট পরীক্ষায় পাশ করে থাকলে অথবা রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক ইনফর্মেশন সিস্টেমের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স**: ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতন**: নির্দিষ্ট মাসিক ১৮,৭০০ টাকা।

**সিনিয়র রিসার্চ ফেলো**: **শূন্যপদ**: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজি বা জিওগ্রাফি বা এনভায়রনমেন্টাল সায়েন্স বা রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক ইনফর্মেশন সিস্টেম বা ওয়াটার রিসোর্স বা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতকোত্তর ডিগ্রি। তফসিলি এবং ও বি সি প্রার্থীদের ৫০ শতাংশ নম্বর থাকলেই চলবে। সেই সঙ্গে রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক ইনফর্মেশন সিস্টেমের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। জিওইনফর্মেটিক্সে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা সমতুল যোগ্যতা থাকলে অথবা নেট বা গেট বা স্লেট পরীক্ষায় পাশ করে থাকলে অগ্রাধিকার। **বয়স**: ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন**: নির্দিষ্ট মাসিক ২১,০০০ টাকা।

উভয় ক্ষেত্রেই ১-১২-২০১৮ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলি এবং ও বি সি প্রার্থীরা বয়সে ৫ বছরের ছাড় পাবেন।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.westbengal.gov.in, www.vigyanchetana.in পূরণ করবেন যথাযথভাবে। ইন্টারভিউয়ের দিন প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের মূল কপি ও নকল অবশ্যই সঙ্গে রাখবেন। সকাল ১০টা থেকে সাড়ে ১০টার মধ্যে অবশ্যই ইন্টারভিউ কেন্দ্রে পৌঁছতে হবে।

# বিষ্ণুপুরের সরকারি হোমে চাকরি

অফিস-ইন-চার্জ, কাউন্সেলর এবং চাইল্ড ওয়েলফেয়ার অফিসার/কেস ওয়ার্কার পদে ৫ জনকে নেবে বাঁকুড়ার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অ্যান্ড কালেক্টর অফিস। প্রাথমিকভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ হবে সুমঙ্গলম হোম ফর বয়েজে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 589/DCPS/BNK.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankura.gov.in দরখাস্তের শেষ তারিখ ১৪ ডিসেম্বর।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউট্রিশনে ৪৪

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, টেকনিশিয়ান, টেকনিক্যাল অফিসার ও মাল্টি টাস্কিং স্টাফ পদে ৪৪ জনকে নেবে হায়দরাবাদের আই সি এম আর-ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউট্রিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NIN/Pers/Advt-Tech/2018-19.

শূন্যপদের বিন্যাস: **টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট**: ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, ও বি সি ৮)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। এই পদে নিয়োগ করা হবে এই সব শাখা থেকে: লাইফ সায়েন্স, সোশ্যাল সায়েন্স, বটানি, জুলজি, কেমিস্ট্রি, অ্যানথ্রপলজি, ক্রিয়েটিভ রাইটার, কনটেন্ট ডেভেলপার, কম্পিউটার সায়েন্স, কমিউনিকেশনিস্ট, ফুড নিউট্রিশন, ডায়েটেটিক্স, সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং ফার্মাসি। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**টেকনিশিয়ান-১**: ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। এই পদে নিয়োগ করা হবে এই সব শাখা থেকে: ল্যাবরেটরি, ফটোগ্রাফি, সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**টেকনিক্যাল অফিসার-বি**: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এই পদে নিয়োগ করা হবে এই সব শাখা থেকে: লাইফ সায়েন্স, মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম এবং স্ট্যাটিস্টিক্স। বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

**মাল্টি টাস্কিং স্টাফ**: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। এই পদে নিয়োগ করা হবে কার্পেন্ট্রি, মেসন এবং ল্যাবরেটরি ডিসিপ্লিন থেকে। বেতনক্রম: ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ninindia.org অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৪ ডিসেম্বর।

এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.icmr.nic.in

# কবে কোন পরীক্ষা

পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত পশ্চিমবঙ্গ ফরেস্ট সার্ভিস ও পশ্চিমবঙ্গ সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিস (মেন) পরীক্ষা শুরু হবে ১১ ডিসেম্বর থেকে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১৮ নভেম্বর-২৩ নভেম্বর

**১৮ নভেম্বর** অমৃতসরের এক ধর্মীয় সমাবেশে গ্রেনেড বিস্ফোরণে ৩ জনের মৃত্যু হল। পুলিশ জানিয়েছে, রাজাসংসী গ্রামের নিরঙ্কারি ভবনে প্রার্থনার জন্য জমা হয়েছিলেন নিরঙ্কারি সম্প্রদায়ের কয়েকশো সদস্য। আহতের সংখ্যা ২০। পাঞ্জাবের মুখ্যমন্ত্রী অমরেন্দ্র সিং এই গ্রেনেড হামলার নেপথ্যে পাকিস্তানি গুপ্তচর সংস্থা আইএসআইয়ের মদতপুষ্ট খালিস্তানি বা কাশ্মীরি জঙ্গি সংগঠনের হাত থাকার কথা বলেছেন।

**মহারাষ্ট্র সরকার চাকরি ও শিক্ষাপ্রতিষ্ঠানে** মরাঠাদের সংরক্ষণ দেওয়ার সিদ্ধান্ত নিল। সম্প্রতি রাজ্যের পিছিয়ে পড়া শ্রেণি সংক্রান্ত কমিশন এক রিপোর্টে মরাঠাদের সংরক্ষণ দেওয়ার সুপারিশ করে। মন্ত্রিসভার বৈঠকের পর মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়ণবীস জানান, কমিশনের সুপারিশ মেনে নিয়েছে সরকার। মরাঠাদের সংরক্ষণ দিতে 'সামাজিক ও শিক্ষাগত ভাবে পিছিয়ে পড়া শ্রেণি' নামে একটি নতুন শ্রেণি তৈরি করা হবে বলে তিনি জানান।

## ইন্দিরা গান্ধী শান্তি, নিরস্ত্রীকরণ ও উন্নয়ন পুরস্কার




**১৯ নভেম্বর:** ইন্দিরা গান্ধীর ১০১তম জন্মবার্ষিকীতে প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের হাতে ২০১৭-র ইন্দিরা গান্ধী শান্তি, নিরস্ত্রীকরণ ও উন্নয়ন পুরস্কার তুলে দিল ইন্দিরা গান্ধী মেমোরিয়াল ট্রাস্ট। পুরস্কার মঞ্চে উপস্থিত থেকে ট্রাস্টের চেয়ারপার্সন সনিয়া গান্ধী তাঁর বক্তৃতায় প্রাক্তন প্রধানমন্ত্রীর প্রশংসা করে বলেন, 'মনমোহন তাঁর প্রধানমন্ত্রিত্বের সময় দেশের জন্য গোটা বিশ্বের সম্মান আদায় করেছেন। কিন্তু তার জন্য আলাদা করে কৃতিত্ব দাবি করতে হয়নি বা হাততালি চাইতে হয়নি। তিনি তাঁর কাজকেই তাঁর হয়ে কথা বলতে দিয়েছেন।' এ বারের পুরস্কার-প্রাপক বাছার জন্য গঠিত জুরির নেতৃত্বে ছিলেন প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়। মনমোহনের হাতে পুরস্কার তুলে দেন প্রাক্তন প্রধান বিচারপতি টি এস ঠাকুর।

**১৯ নভেম্বর** কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআইয়ের এক ডিআইজি পদমর্যাদার অফিসার মনীশ কুমার সিন্‌হা সুপ্রিম কোর্টে জানালেন সিবিআইয়ের তদন্ত ধামাচাপা দেওয়ার জন্য মোদী সরকারের মন্ত্রী হরিভাই পার্থিভাই চৌধুরি 'কয়েক কোটি টাকা' ঘুষ নিয়েছেন। রাকেশ আস্থানার বিরুদ্ধে সিবিআই তদন্তে জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালও হস্তক্ষেপ করেছেন। সিবিআইয়ের ওই আইপিএস অফিসার আঙুল তুলেছেন ক্যাবিনেট সচিব পি কে সিনহা, আইন মন্ত্রকের সচিব সুরেশ চন্দ্র, মুখ্য ভিজিল্যান্স কমিশনার কে ভি চৌধুরির দিকেও। এঁরা সকলে প্রধানমন্ত্রী ও বিজেপি সভাপতি অমিত শাহের আস্থাভাজন বলে পরিচিত আস্থানার বিরুদ্ধে ঘুষ নেওয়ার মামলা ধামাচাপা দেওয়ার চেষ্টা করেছিলেন। নরেন্দ্র মোদী সরকারেরই এক অফিসারের বিরুদ্ধে ঘুষ নেওয়ার অভিযোগ ওঠায়, প্রধানমন্ত্রীর বিরুদ্ধেই অস্ত্র পেয়ে গিয়েছে কংগ্রেস সহ সব বিরোধী দলগুলি।

**অগুস্তা ওয়েস্টল্যান্ড মামলায় অভিযুক্ত** দালাল ক্রিশ্চিয়ান মিশেলকে দুবাইয়ের শীর্ষ আদালত প্রত্যর্পণের নির্দেশ দিল। অগুস্তা ওয়েস্টল্যান্ড সংস্থা থেকে ভিভিআইপিদের জন্য কপ্টার কেনার ক্ষেত্রে ইউপিএ জমানায় দুর্নীতির অভিযোগ ওঠে। অভিযুক্তদের মধ্যে রয়েছেন বায়ুসেনার প্রাক্তন প্রধান এস পি ত্যাগী। ভারত প্রত্যর্পণের অনুরোধ করার পর থেকেই মিশেলকে দুবাইয়ের জেলে রাখা হয়েছে। আদালতের নির্দেশের পর তার প্রত্যর্পণ প্রক্রিয়া কিছুটা এগলো বলে মনে করা হচ্ছে। কারণ প্রত্যর্পণের জন্য এরপরেও সেখানকার আইনমন্ত্রীর অনুমোদনের প্রয়োজন আছে।

**পাকিস্তান কিছুই করেনি এই অভিযোগ** তুলে আবারও পাক অনুদান ছাঁটলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি বলেছেন, 'পাকিস্তানকে বছরে একশো তিরিশ কোটি ডলার আমরা দিতাম। আর বিন লাদেন সেই পাকিস্তানেই এক বিশাল ম্যানসনে দিব্যি থাকছিল। আমরা পাকিস্তানকে সাহায্য করতাম। যেটা এখন আর আমরা করছি না। আমি এটা বন্ধের সিদ্ধান্ত নিয়েছি তার কারণ আমাদের জন্য ওরা কিছুই করেনি।' ট্রাম্পের কথায় ক্ষোভ প্রকাশ করেছে ইসলামাবাদ। প্রধানমন্ত্রী ইমরান খান জানিয়েছেন, সন্ত্রাস দমনে পাক সরকার এতদিন ঠিক কী কী করেছে, তার খতিয়ান ট্রাম্পের সামনে হাজির করবেন তিনি। সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধে নিহত ও গুরুতর আহত পাক সেনার সংখ্যা ৭৫ হাজার বলে জানিয়েছেন তিনি। পাক প্রধানমন্ত্রী আরও দাবি করেছেন, জঙ্গি দমন অভিযানে ইতিমধ্যেই ১২ হাজার কোটি টাকা খরচ করে ফেলেছে পাকিস্তান।



“ইউরোপীয় ইউনিয়ান (ইইউ) থেকে গ্রেট ব্রিটেনের মতো একটা দেশের বেরিয়ে যাওয়ার মুহূর্ত একেবারেই আনন্দের নয়। দুঃখের দিন। এটা একটা ট্র্যাজেডি।”

**জঁ ক্লদ ইয়ুঙ্কার**, *ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট*

২৫ নভেম্বর ব্রাসেলসে ইউরোপীয় ইউনিয়নের শীর্ষ সম্মেলনে ঐতিহাসিক ব্রেক্সিট চুক্তিতে আনুষ্ঠানিক ভাবে সায় দেওয়ার পর

## আগামী নির্বাচনে লড়বেন না বিদেশমন্ত্রী



**২০ নভেম্বর:** বিজেপির বর্ষীয়ান নেত্রী তথা বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ আগামী লোকসভা নির্বাচনে ভোটে দাঁড়াতে চান না বলে জানিয়ে দিলেন। এ দিন মধ্যপ্রদেশ নির্বাচনের প্রচারের ফাঁকে তিনি জানান, স্বাস্থ্যের কারণেই অব্যাহতি চাইছেন তিনি।

**২০ নভেম্বর** ১৯৮৪ সালে ইন্দিরা গান্ধী হত্যা-পরবর্তী দাঙ্গা মামলায় এই প্রথম কাউকে মৃত্যু-দণ্ডে দণ্ডিত করা হল। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের তৈরি বিশেষ তদন্তকারী দল (সিট) তিন বছর আগে নতুন করে শিখ দাঙ্গা সম্পর্কিত মামলাগুলি খোলার প্রক্রিয়া শুরু করে। এত দিনে নিম্ন আদালত এক আসামিকে ফাঁসির সাজা শোনাল। সব রাজনৈতিক দলই, এমনকী কংগ্রেসও এই রায়কে স্বাগত জানিয়েছে।

**ভারত-ভুটান সম্পর্কে ভুটানের চাহিদাকে** অগ্রাধিকার দেওয়া হবে বলে জানাল ভারত। এ দিন তিন দিনের ভুটান সফর শেষে বিদেশ সচিব বিজয় গোখলে এই বার্তা দিলেন থিম্পুকে। বিদেশ মন্ত্রক বলেছে, 'ভুটানের সঙ্গে বন্ধুত্ব এবং সহযোগিতার বিষয়টিকে সর্বাধিক গুরুত্ব দিয়ে দেখছে ভারত। জলবিদ্যুৎ ক্ষেত্রে সহযোগিতা, অর্থনৈতিক সমন্বয়, দু'দেশের মধ্যে শীর্ষ পর্যায়ের যাতায়াত-সহ দ্বিপাক্ষিক সম্পর্কের সব দিক থেকে আলোচনা হয়েছে গোখলের সফরে।'

**কাবুলে আত্মঘাতী জঙ্গি হামলায়** ৫০ জনের প্রাণ গেল। এ দিন কাবুল বিমান বন্দরের কাছে হজরত মহম্মদের জন্মদিন উপলক্ষে ইসলামি পণ্ডিতদের একটি সমাবেশ হয়েছিল। সেখানেই বিস্ফোরণ ঘটায় এক আত্মঘাতী জঙ্গি। আহতের সংখ্যা ৮০-রও বেশি।

**২১ নভেম্বর** কলকাতা বিশ্ব-বিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য রমেন্দ্রকুমার পোদ্দার (৮৮) প্রয়াত হলেন। ১৯৭৯ থেকে '৮৩ পর্যন্ত উপাচার্যের দায়িত্বে ছিলেন। ১৯৮৫-তে রাজ্যসভার সদস্য হন। বিশ্ববিদ্যালয়ে বায়োফিজিক্স, মলিকিউলার বায়োলজি এবং জেনেটিক্স বিভাগের প্রতিষ্ঠা হয় তাঁর হাত ধরেই।

**ভারতে হোয়াটসঅ্যাপের প্রধান নিযুক্ত** হলেন অভিজিৎ বসু। আগামী বছর জানুয়ারিতে তিনি মার্ক জুকারবার্গের হোয়াটসঅ্যাপে যোগ দেবেন। ২০১৯ -এ কাজ শুরু করবে 'হোয়াটসঅ্যাপ ইন্ডিয়া'। অভিজিৎ হবেন তার প্রধান।

**অস্ট্রেলিয়ায় আয়োজিত ভারত-অস্ট্রেলিয়া** টি-টোয়েন্টি সিরিজের প্রথম ম্যাচে অস্ট্রেলিয়া ডিএল পদ্ধতিতে ৪ রানে জয়ী হল। এই পদ্ধতি প্রয়োগ করার ফলে অস্ট্রেলিয়ার থেকে বেশি রান করেও হারতে হল ভারতকে। বৃষ্টি বিঘ্নিত খেলায় অস্ট্রেলিয়া প্রথমে ব্যাট করে ১৭ ওভারে ৪ উইকেট হারিয়ে ১৫৮ রান করে । আইসিসি-র এই নিয়মের জন্য ভারতের লক্ষ্য গিয়ে দাঁড়ায় ১৭ ওভারে ১৭৪ রান। কিন্তু, ৭ উইকেট হারিয়ে ১৬৯ রানেই শেষ হয়ে যায় ভারতের ইনিংস। গুরুত্বপূর্ণ ২ উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়েছেন অ্যাডাম জাম্পা।

## সেন্টিনেল দ্বীপে গিয়ে হত মার্কিন নাগরিক



**২১ নভেম্বর:** ধর্ম প্রচারের ইচ্ছা নিয়ে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের নর্থ সেন্টিনেল দ্বীপে গিয়ে সেখানকার জনজাতিদের ছোড়া তিরের আঘাতে নিহত হলেন মার্কিন নাগরিক ২৭ বছর বয়সি জন অ্যালেন চাউ। ১৬ নভেম্বর ঘটনাটি ঘটেছে বলে এ দিন খবরে প্রকাশ। নর্থ সেন্টিনেল দ্বীপের বাসিন্দা সেন্টিনেলিজরা তাদের এলাকায় বহিরাগতদের উপস্থিতি সহ্য করে না। সরকারি নির্দেশেও এই দ্বীপের জলসীমার তিন কিলোমিটারের মধ্যে প্রবেশ নিষেধ। এর আগেও অনাহূত ভাবে ওই দ্বীপে উপস্থিত হওয়ায় বেশ কিছু মানুষের এভাবেই প্রাণ গিয়েছে। এবারেও একটি সূত্র দাবি করেছে, হেলিকপ্টার থেকে বালির মধ্যে অর্ধেকটা পোঁতা অবস্থায় দেখা গিয়েছে দেহটি। তবে দেহ উদ্ধারের আশা কম, কারণ স্থানীয় পুলিশ সূত্রেও বলা হয়েছে সরকারি কর্মীদেরও ওই দ্বীপে নামার অনুমতি নেই।

## ভয়াবহ দুর্ভিক্ষের শিকার ইয়েমেন



**২১ নভেম্বর:** ইয়েমেনে গত চার বছরে অপুষ্টিতে পাঁচ বছরের কম বয়সি অন্তত ৮৫ হাজার শিশুর মৃত্যু হয়ে থাকতে পারে বলে জানাল এক ব্রিটিশ স্বেচ্ছাসেবী সংস্থা। ২০১৫ সালের এপ্রিল থেকে ২০১৮ সালের অক্টোবর পর্যন্ত করা সমীক্ষায় এই তথ্য উঠে এসেছে। গত চার বছরের যুদ্ধে ১০ হাজার মানুষ প্রাণ হারিয়েছেন। রাষ্ট্রপুঞ্জের মতে, দেশ এমন দুর্ভিক্ষ পরিস্থিতির দিকে এগোচ্ছে যে গত ১০০ বছরে সেরকম অবস্থার সাক্ষী হয়নি ইয়েমেন। অন্তত ১ কোটি ৪০ লক্ষ মানুষ না খেতে পেয়ে মারা যাওয়ার অপেক্ষায় রয়েছে।

**২২ নভেম্বর** প্রয়াত হলেন প্রগতি-শীল উর্দু লেখিকা ফাহমিদা রিয়াজ (৭৩)। ১৯৬৭ সালে প্রকাশিত হয় তাঁর প্রথম বই 'পাথর কি জুবান'। বৈপ্লবিক ও নারীবাদী দৃষ্টিভঙ্গির জন্য প্রসিদ্ধ ফাহমিদা কবিতা এবং গল্প মিলিয়ে ১৫টি বই লিখেছেন। আশির দশকের গোড়ায় সামরিক শাসক জেনারেল জিয়া উল হকের বিরাগভাজন হন। দেশদ্রোহ-সহ তাঁর বিরুদ্ধে নানা অভিযোগে মামলা রুজু হয়। জিয়ার মৃত্যুর পর দেশে ফেরেন তিনি।

**রাষ্ট্রপুঞ্জ জানাল জলবায়ু পরিবর্তনের** জন্য দায়ী গ্রিনহাউস গ্যাসগুলি রেকর্ড মাত্রা ছুঁয়েছে। রাষ্ট্রপুঞ্জের বিশেষজ্ঞরা জানাচ্ছেন, বাতাসে কার্বন ডাই অক্সাইড, মিথেন ও নাইট্রাস অক্সাইডের পরিমাণ নির্দিষ্ট মাত্রার থেকে অনেকটাই বেশি। বিজ্ঞানীরা জানিয়েছেন, বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইডের মাত্রা বেড়ে ৪০৫.৫ পিপিএম ছুঁয়েছে। আগের থেকে যা আড়াই গুণ। মিথেনের মতো গ্রিন হাউস গ্যাস তিন গুণ বেশি।

**২৩ নভেম্বর** ভারতের রাফাল যুদ্ধ-বিমান কেনা নিয়ে দুর্নীতি হয়েছে কি না তা নিয়ে তদন্তের দাবি উঠল ফ্রান্সেও। সে দেশের এক স্বেচ্ছাসেবী আইন সংগঠন 'শেরপা' এই দাবি জানিয়েছে 'ন্যাশনাল ফিনান্সিয়াল প্রসিকিউটর'-এর দপ্তরে। আর্থিক দুর্নীতির বিরুদ্ধে লড়াই করা এই সংগঠনটির পুরোধা উইলিয়াম বুরদোঁ বলেছেন, 'ন্যাশনাল ফিনান্সিয়াল প্রসিকিউটরের অফিসকে যে সব তথ্য জোগানো হয়েছে তাতে যত দ্রুত সম্ভব তদন্ত শুরু হওয়া উচিত।' সংগঠনটি প্রশ্ন রেখেছে, কী শর্তে দাসো এভিয়েশনের ৩৬টি বিমান ভারতকে বিক্রি করার সিদ্ধান্ত হয়েছে? সহযোগী সংস্থা বাছাইয়ের ক্ষেত্রেই বা কী শর্ত ছিল?

## মন্ত্রিসভা থেকে ইস্তফা শোভনের




**২০ নভেম্বর:** পশ্চিমবঙ্গের তৃণমূল কংগ্রেস মন্ত্রিসভা থেকে পদত্যাগ করলেন শোভন চট্টোপাধ্যায়। কলকাতার মেয়র পদ থেকেও তাঁকে এদিন ইস্তফা দিতে বলা হয়েছে। তাঁর হাতে থাকা আবাসন ও দমকল দু'টি দপ্তর মন্ত্রী ফিরহাদ হাকিমকে দেখতে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। উল্লেখ্য, বৈশাখী বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে তাঁর সম্পর্ক এবং স্ত্রী রত্না চট্টোপাধ্যায়ের সঙ্গে বিবাহবিচ্ছেদের মামলা নিয়ে বেশ কিছুদিন ধরেই বিতর্ক চলছে রাজ্য রাজনীতিতে। তার জেরে সরকারি কাজকর্ম ও দলের ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হচ্ছিল বলে খবরে প্রকাশ।

## বুখারির হত্যাকারী নিহত সেনা অভিযানে



**২৩ নভেম্বর:** কাশ্মীরে নিরাপত্তা বাহিনীর সঙ্গে গুলি-যুদ্ধে নিহত হল সাংবাদিক সুজাত বুখারি খুনের অন্যতম অভিযুক্ত লস্কর জঙ্গি আজাদ আহমেদ মালিক। মারা পড়েছে মালিকের সঙ্গী আরও পাঁচ লস্কর জঙ্গি। জম্মু-কাশ্মীর পুলিশ বলেছে চলতি বছরে সবচেয়ে সফল অভিযানগুলির মধ্যে এটি একটি। উল্লেখ্য, এ বছরই ১৪ জুন শ্রীনগরে তিন বন্দুকবাজের গুলিতে 'রাইজিং কাশ্মীর' পত্রিকার প্রধান সম্পাদক সুজাত বুখারি খুন হন। পুলিশ জানতে পারে বুখারি খুনের অন্যতম চক্রী মালিক-সহ একাধিক লস্কর জঙ্গি বিজবেহরার জঙ্গলঘেরা সালগুন্দ-সুতকিপোরা এলাকার একটি গোপন ঘাঁটিতে লুকিয়ে আছে। তারপরই শুরু হয় জঙ্গিদলের বিরুদ্ধে অভিযান।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## পরিশ্রম ও শিখে নেওয়ার ইচ্ছে থাকলে আটকাবে না কোথাও



শৌভিক চন্দ
প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট ও স্টেট হেড
ইন্ডাসইন্ড ব্যাঙ্ক

অধিকাংশ ক্ষেত্রে চাকরিপ্রার্থীদের একটা প্রবণতা থাকে অফিসে বসে কাজ করার। কিন্তু বাস্তব পরিস্থিতিটা একেবারে অন্যরকম। চাকরির শুরুতে ঘাম ঝরানো পরিশ্রমের জন্য তৈরি থাকতে হবে। রাস্তায় ঘুরে কাজ করার অভিজ্ঞতা না থাকলে মার্কেটিংয়ের কাজ বোঝা সম্ভবই না। এই মুহূর্তে বিভিন্ন সংস্থায় অনেক উঁচুপদে যাঁরা রয়েছেন, তাঁরাও এভাবেই শুরু করেছিলেন। এখনও তাঁরা অনেক সময় বাজারের হাল বোঝার জন্য নিজেরাই মার্কেট ভিজিট করেন।

আমি চাকরিজীবন শুরু করেছিলাম সেলসের ডিস্ট্রিবিউশন ম্যানেজার হিসেবে। জলপাইগুড়িতে আমার বড় হওয়া, পড়াশোনা। মা আর বাবা যথাক্রমে স্কুল এবং কলেজে পড়াতেন। তবে তাঁরা কখনও জোর করেননি যে, আমাকে ডাক্তার বা ইঞ্জিনিয়ারই হতে হবে। বাণিজ্যে স্নাতক হয়ে এমবিএ পড়ি।

পরিশ্রমের মানসিকতা থাকলে প্রাথমিক স্তরে চাকরির অভাব খুব একটা নেই। কারণ বাজারে অসংখ্য সংস্থা। তারা প্রত্যেকেই নিয়মিত দক্ষ ও পরিশ্রমী কর্মী খুঁজছে। গলদ যেখানে থাকছে সেটা প্রধানত চাকরিপ্রার্থীদের তরফে। কাজ খোঁজায় কিছু ত্রুটিবিচ্যুতি থাকার জন্য যথার্থ দক্ষ কর্মীর সঙ্গে অনেক সময় চাকরিদাতা সংস্থার যোগাযোগটাই হয়ে উঠতে পারে না।

কাজেই সঠিক চাকরিটা কীভাবে খুঁজব সেটা জানতে হবে। নতুনদের ক্ষেত্রে চলতি পদ্ধতি হল, সংস্থার ওয়েবসাইটে গিয়ে আগাম সিভি আপলোড করে রাখা কিংবা সরাসরি হিউম্যান রিসোর্স বিভাগে গিয়ে সিভি জমা দিয়ে আসা। অনেক সময় নিজে গিয়ে এই অ্যাপ্রোচ করাটা খুব কাজে দেয়।

### ইন্টারভিউ বোর্ডের সামনে

ইন্টারভিউয়ে দেখা হয় প্রার্থীর কমিউনিকেশন স্কিল এবং কতটা গুছিয়ে সে নিজেকে পেশ করছে, সেই দিকটি।

ধরা যাক, কেউ সেলসের জন্য এসেছে চাকরি খুঁজতে। ইন্টারভিউয়ার দেখতে চাইবেন সে সত্যিই কোনও একটা পণ্য বিক্রি করতে পারবে কিনা। তাকে হয়ত বলা হল, তোমার হাতের ব্যাগটা আমাদের কাছে বিক্রি করো দেখি। অনেকে প্রথমে বুঝতেই পারে না, কী করতে হবে। অনেকে আবার নিজেরই ব্যাগটাকে কিছুক্ষণ ভালো করে দেখে নিয়ে, তারপর সেই ব্যাগটার উপযোগিতা নানাভাবে বোঝাতে থাকে। ইন্টারভিউয়ার প্রার্থীর এই কথা বলার দক্ষতা এবং বুদ্ধির প্রয়োগটাই দেখেন। ব্যাগটা সে বিক্রি করতে পারল কী পারল না, তার উপর কোনও নম্বর থাকে না। হয়ত পারলই না বিক্রি করতে। আদতে দেখা হয় প্রার্থী কমিউনিকেট করতে পারছে কিনা, বিভিন্ন পরিস্থিতিতে নিজেকে স্বাভাবিক রাখতে পারছে কিনা।

অনেক সময় ইন্টারভিউয়ার হিসাবে আমরা জানতে চাই প্রার্থীর ভবিষ্যৎ পরিকল্পনা। কারও স্থির করা থাকে সে পাঁচ বছর বাদে নিজেকে কোথায় দেখতে চায় বা কী করতে চায়। অনেকে বলে তার সেরকম কোনও লক্ষ্য নেই, কাজ দরকার তাই ইন্টারভিউ দিতে এসেছে। তবে প্রত্যেকেরই জীবনের একটা লক্ষ্য স্থির করে রাখা জরুরি। তাহলে প্রার্থীর পরিকল্পনা করার দক্ষতা কেমন তা বোঝা যায়।

কলেজ পাশ করেই চাকরি খুঁজতে এসেছে, এরকম বহু স্নাতককে নিয়োগ করে থাকে বিভিন্ন সংস্থা। এখন অসংখ্য ম্যানেজমেন্ট ও ইঞ্জিনিয়ারিং কলেজ তৈরি হয়েছে। ফলে ক্যাম্পাসিংয়ের মাধ্যমে চাকরি পায় না এরকম প্রচুর ছেলেমেয়ে আছে। তারা সরাসরি সংস্থায় এসে চাকরির জন্য আবেদন করে। তাদেরও নিয়োগ করা হয় বিভিন্ন স্তরে।

### গুরুত্ব দাও শেখায়

একসময় একটানা সাত বছর কাজ করেছি আইসিআইসিআইতে। ইন্ডাসইন্ড-এ যখন এলাম, সেই সময় কর্তৃপক্ষ নতুন প্রোডাক্ট লঞ্চ করছিল। প্রায় সব সংস্থায় কাঁধে নতুন দায়িত্ব এসে পড়েছে। শিখে নিয়ে দায়িত্ব পালন করেছি। দায়িত্ব যতই গুরুভার হোক, পরিশ্রম ও শিখে নেওয়ার ইচ্ছে থাকলে আটকাবে না কোথাও।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.com
Great careers start here

**Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA**

**Companies Recruiting This Week**

PS AVIATION

Company: **PS AVIATION ACADEMY PVT.LTD**
Position Title: **Ground Staff & Cabin Crew**
Experience, Location: **Fresher, Kolkata, Delhi, Vizag**
Profile: Hiring Fresher Candidates for International and domestic Airlines. Qualification minimum 12th Passed Starting salary for cabin crew-30000 to 35000 pm. Ground staff- 15000 to 19000 pm. Age limit for cabin crew -18 to 26 Age limit for Ground staff -18 to 28 Male female both can apply.
Contact no-8240117926 / 9007421048,
Mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using **9246724** as keyword.

Company: **SMART CALL CENTER SOLUTIONS PVT LTD**
Position Title: **CCE / Sr. Customer Care Executive**
Experience, Location: **Fresher & Experienced, Kolkata**
Profile: Hiring Freshers & Experienced Candidates for Outbound BPO (Night shift). Candidate should possess GOOD English Communication Skills 5 Days working Fixed Salary (upto 20K) with attractive Incentives. Walk-in at 16A, Shakespeare Sarani, B.K Market, 6th Floor, Kol - 71 between 9 am to 6 pm with an updated resume & photograph. Call 9748939464 / 9748939491 / 9748939501 / 9748215952 or mail hr@socpl.net
To apply for this job, log on to www.shine.com and search using **9346604** as keyword.

Company: **JT Aviation Academy**
Position Title: **Ground Staff & Cabin Crew**
Experience, Location: **Fresher, Kolkata/Delhi**
Profile: JT Aviation Academy offers courses to the eligible candidates. After completion of the courses placement will be provided by the institute at Kolkata/Delhi airport. Age 18yr - 27yr. Edu- Min HS pass. Starting Salary- 15K-45K per month. For interview or other information please call 8777259448 & 9331957694 on or Email ID- careers@jtaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using **8339835** as keyword.

**Dona World Technical Training Institute**
Company: **Dona World Technical Training Institute**
Position Title: **Telecaller**
Experience, Location: **Fresher, Kolkata**
Profile: We need Telecaller, for our own office. Fresher candidate can apply. Salary as per industry standard. Education minimum Graduate. Job Location - Birati (Near Birati Station). Kolkata. Contact no- 8910218634 & Email ID- director@donaworld.com
To apply for this job, log on to www.shine.com

**Airospace Institute Of Professional Studies Pvt Ltd**
Company: **Airospace Aviation Institute**
Position Title: **Cabin Crew/ Ground Staff**
Experience, Location: **Fresher, Kolkata/Delhi**
Profile: We need freshers to work in aviation industry under various positions. Education- Min 12th pass & above. Candidate age should be maximum 28 years. Salary as per industry. For more details interested candidate may call on 8481891604 & 6291302600. Email ID- shreyagup96@gmail.com
To apply for this job, log on to www.shine.com and search using **9456315** as keyword.

**CROWD LINK STAFFING**
Company: **Crowd Link Staffing**
Position Title: **Customer Relationship Executive**
Experience, Location: **Fresher, Kolkata**
Profile: Vacancy under a Corporate Bank as a Customer Relationship Executive. Qualification - HS (Fresher) & Basic knowledge Excel & Word. Language known- Basic Hindi & English. Salary - 12K-20K. Call HR @ 9874440217. EMAIL- 7sujoydas@gmail.com
To apply for this job, log on to www.shine.com

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
**To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203***
*Not for Candidates

shine.com
Great careers start here

ফুরোবার আগেই সংগ্রহ করুন



banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার উত্তর-সহ নমুনা প্রশ্নোত্তর

1. Insert proper words in the sentence:
Here is the man ____ you asked ____.
(a) whom, about (b) that, for (c) for, from (d) this, for
2. The word 'Pride' is also used to describe a group of:
(a) Tigers (b) Elephants (c) Lions (d) Hyenas
3. *Choose the right word to fill in the blanks in the following sentence:*
Vidyasagar was a man of __________ qualities.
(a) scarce (b) exceptionable (c) exceptional (d) critical
4. *Choose the correct answer.*
'Spring' can mean to jump suddenly and also a:
(a) Waterfall (b) Fountain (c) Lake (d) Stream
5. *Choose the most appropriate word to fill in the gap.*
The hungry people fell _____ eating at once.
(a) on (b) back (c) off (d) to
6. *Choose the correct meaning of the underlined part.*
The boy is now absorbed in brown study.
(a) in a journal mood (b) in deep thought (c) in a pensive mood (d) in prayer
7. *Choose the word nearest in meaning to the underlined part of the sentence.*
An idle brain is the devil's workshop.
(a) careless (b) slack (c) inactive (d) dull
8. *Choose the correct meaning of the word.*
A la mode.
(a) Fashionable (b) Cheap (c) Expensive (d) Convenient
9. *Choose correct one-word substitution.*
Chaos reigned supreme at the football match.
(a) Order (b) Confusion (c) Luck (d) Anarchy
10. A person who is very difficult to please.
(a) Meticulous (b) Diffident (c) Fastidious (d) Fanciful
11. Something leading to death:
(a) Deadening (b) Terrible (c) Dangerous (d) Lethal
12. Select the correct meaning of the idiom underlined below.
He is a dark horse.
(a) Silent (b) Secretive (c) Dangerous (d) Possessing a secret ability
13. Insert the appropriate phrasal verbs in the blanks below to make sentence meaningful.
The thief ______ with the ornaments.
(a) made away (b) made out (c) made off (d) made up
14. To refuse is to deny but used as a noun, the word can mean:
(a) Garbage (b) Dust (c) Prohibition (d) Fuel
15. A manicurist takes care of:
(a) Foot (b) Ear (c) Nails (d) Mind
16. An official call to appear in a court of law:
(a) Agenda (b) Summon (c) Rotunda (d) Zenith
17. I cannot disobey him as he is _____ to me.
(a) superior (b) senior (c) elder (d) more qualified
18. He was too late, as _____ would have it.
(a) fate (b) luck (c) fortune (d) god
19. My friend is proficient ______ the art of cooking.
(a) in (b) for (c) at (d) with
20. I have no desire _____ fame.
(a) of (b) for (c) at (d) with
21. A gourmet loves
(a) fashion (b) action (c) food (d) films
22. 'Thespian art' refers to
(a) The art of tragedy (b) The art of history (c) The art of story telling (d) Tribal art
23. *Choose the meaning of the underlined word.*
The musk rose attracted a large number of bees.
(a) swarm (b) flock (c) pack (d) mouse
24. To be very busy is to be as busy as
(a) Squirrel (b) Bee (c) Duck (d) Mouse
25. They began the clean-up campaign discarding these.
(a) Throwing them off (b) Throwing them over (c) Throwing them out (d) Throwing them up
26. পজিট্রনের ভর নীচের কোনটির ভরের সমান?
(a) নিউট্রন (b) ফোটন (c) প্রোটন (d) ইলেকট্রন
27. কোনও তরলের পৃষ্ঠটান পরিমাপের S.I একক কী?
(a) নিউটন/বর্গমিটার (b) কিলোগ্রাম/বর্গমিটার (c) ডাইন/বর্গমিটার (d) নিউটন/মিটার
28. যে প্রক্রিয়ায় খনিজ পদার্থ কে বায়ুর উপস্থিতিতে প্রচণ্ডভাবে উত্তপ্ত করা হয় তাকে বলে:
(a) ক্যালসিনেশন (b) বিগলন (c) জারণ (d) হাইড্রোজিনেশন
29. অ্যামিবার রেচনাঙ্গের নাম কী?
(a) ফ্লেমকোষ (b) নালিপদ (c) নেফ্রিডিয়া (d) সংকোচি গহ্বর
30. নীচের কোন উদ্ভিদ গমন করতে পারে?
(a) ভলভক্স (b) প্রবাল (c) স্পঞ্জ (d) লাইকেন
31. বিশুদ্ধ জলের মোলারিটি কত?
(a) 36.8 (b) 55.6 (c) 18 (d) 10
32. ফসজিনের সংকেত কী?
(a) $CHCl_3$ (b) $CCl_4$ (c) $COCl_2$ (d) $S_2Cl_2$
33. কোন ধাতুর ওপর আলোক পড়লে তার রোধ কমে যায়?
(a) তামা (b) লোহা (c) পারদ (d) সেলেনিয়াম
34. মানুষ কোন পর্বের অন্তর্ভুক্ত প্রাণী?
(a) কর্ডাটা (b) অ্যামফিবিয়া (c) মোলাস্কা (d) পরিফেরা
35. যে যন্ত্রের সাহায্যে তরলের আপেক্ষিক গুরুত্ব মাপা হয় তাকে বলে:
(a) ফ্যাদোমিটার (b) হাইগ্রোমিটার (c) হাইড্রোমিটার (d) টেনসিমিটার
36. আলোর যে ধর্মের জন্য জলের মধ্যে ঘষা কাচকে স্বচ্ছ দেখায়:
(a) প্রতিফলন (b) প্রতিসরণ (c) ব্যতিচার (d) তরঙ্গধর্ম
37. মটর গাছের আকর্ষক প্রধানত কোন অঙ্গের রূপান্তর?
(a) পাতা (b) ফুল (c) ফল (d) মূল
38. কোন কোষ অঙ্গাণুটি 'আত্মঘাতী থলি' নামে পরিচিত?
(a) রাইবোজোম (b) মাইটোকন্ড্রিয়া (c) গলগিবডি (d) লাইসোজোম
39. নীচের কোনটি ধাতু এবং অধাতু উভয়ের মতো আচরণ করে?
(a) নিয়ন (b) আর্গন (c) ক্রিপটন (d) বোরন
40. কোন শ্বেতকণিকা এলার্জি প্রতিরোধ করে?
(a) বেসোফিল (b) মনোসাইট (c) ইওসিনোফিল (d) নিউট্রোফিল
41. মানবদেহের কোন অংশে ভিটামিন B কমপ্লেক্স তৈরি হয়?
(a) যকৃৎ (b) বৃক্ক (c) ফুসফুস (d) হৃৎপিণ্ড
42. স্পন্দনশীল চলনের তত্ত্বটি কোন বিজ্ঞানী দিয়েছিলেন?
(a) সত্যেন্দ্রনাথ বসু (b) ডারউইন (c) জগদীশচন্দ্র বসু (d) ল্যামার্ক
43. সর্বজনীন গ্যাস ধ্রুবকের মান কত?
(a) 8.3 $JK^{-1}$ $Mole^{-1}$ (b) 8.3 $JK^{-1}$ (c) 8.3 $J^{-1}$ K $Mole^{-1}$ (d) এগুলির কোনওটিই নয়
44. নীচের কোনটি হাইড্রোজেনের আইসোটোপ নয়?
(a) প্রোটিয়াম (b) ডয়টেরিয়াম (c) ট্রিটিয়াম (d) ইটরিয়াম
45. সোলডার নামক সংকর ধাতুটি কোন কোন ধাতুসমূহের মিশ্রণ?
(a) লোহা ও তামা (b) লোহা ও সীসা (c) লোহা ও জিঙ্ক (d) লোহা, তামা ও জিঙ্ক
46. তিমির গমনাঙ্গের নাম কী?
(a) ফ্লিপার (b) নালিপদ (c) পুচ্ছ পাখনা (d) প্যাডেল
47. উদ্ভিদের কোন অংশে ক্রোমোপ্লাস্টিড পাওয়া যায়?
(a) ফুল (b) মূল (c) ফল (d) a ও c উভয়েই
48. কোন ভিটামিনের রাসায়নিক নাম টোকোফেরল?
(a) $B_{12}$ (b) K (c) E (d) C
49. ঘুমের সময় মানুষে রক্তচাপ:
(a) ওঠানামা করে (b) স্থির থাকে (c) বাড়ে (d) কমে
50. কোন রক্ত গ্রুপ-এ কোনও অ্যান্টিবডি থাকে না?
(a) A (b) O (c) AB (d) B
51. 1857 সালে নীচের ব্যক্তিদের মধ্যে কে প্রথম বিদ্রোহের পতাকা উড়িয়েছিলেন?
(a) নানাসাহেব (b) লক্ষ্মীবাই (c) মঙ্গল পাণ্ডে (d) তাঁতিয়া টোপি
52. 'ফলাফলহীন বিজয়' বলে কোনটিকে বর্ণনা করা হয়?
(a) মুঘলদের গুজরাট বিজয় (b) মুঘলদের বিজাপুর বিজয় (c) আরবদের সিন্ধু বিজয় (d) মুসলিমদের বাংলা বিজয়
53. রামকৃষ্ণ মিশন কত সালে প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) 1856 (b) 1896 (c) 1902 (d) 1917
54. 'বেহালা' গ্রন্থটির লেখক কে?
(a) আবুল ফজল (b) ইবন বতুতা (c) আলবেরুনি (d) বরানি
55. 'আঙ্কোরভাট' মন্দির কে নির্মাণ করেন?
(a) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (b) অজাতশত্রু (c) সূর্য বর্মণ (d) কণিষ্ক
56. প্রাচীন ভারতের নামী গণিত শাস্ত্রবিদ কে ছিলেন?
(a) রুদ্রসেন (b) আর্যভট্ট (c) ভবভূতি (d) কলহন
57. 'সভা ও সমিতি' কাদের দু'টি গণতান্ত্রিক প্রতিষ্ঠান ছিল?
(a) দ্রাবিড়দের (b) ঋগ্বেদের আর্যদের (c) পার্বত্য উপজাতিদের (d) সিন্ধু উপত্যকার অধিবাসীদের
58. দস্তক কী?
(a) লর্ড ক্লাইভ-এর লেখা বই (b) বিনা মাশুলে বাণিজ্যের অনুমতি (c) বিনা ভাড়ায় যাতায়াতের অনুমতি (d) কোনওটিই নয়
59. 'অন্ধ কবিতার' পিতামহ কাকে বলা হয়?
(a) আর বিড়ু (b) পোড্ডান (c) শ্রীনাথ (d) কৃষ্ণদেব
60. সুলতানি যুগের আকবর কাকে বলা হয়?
(a) ফিরোজ শাহ তুঘলক (b) আলাউদ্দিন খলজি (c) গিয়াসউদ্দিন বলবন (d) ইলতুৎমিস

এরপর এগারোর পাতায়

রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'অ্যান্টিসেপটিক' প্রথম ব্যবহার করেন:
(a) ইয়ান ডোনাল্ড (b) জেমস সিম্পসন (c) জোসেফ লিস্টর (d) উইলিয়াম হার্ভে
2. কক্ষপথে পরিক্রমণের সময় চাঁদ, পৃথিবী ও সূর্যের কেন্দ্র একই সরলরেখায় অবস্থানকে বলা হয়:
(a) সিজিগি (b) পেরিগি (c) অ্যাপোগি (d) পিনিগি
3. 'গাওফেন-৬' নামে কৃত্রিম উপগ্রহটি কোন দেশ উৎক্ষেপণ করল?
(a) কলম্বিয়া (b) পাকিস্তান (c) জাপান (d) চিন
4. 'অয়েল অব উইন্টারগ্রিন'-এর রাসায়নিক নাম হল:
(a) স্ট্যানাস ক্লোরাইড (b) ক্রোমিক সালফেট (c) মিথাইল স্যালিসাইলেট (d) ফেরিক ফেরোসায়ানাইড
5. সুপারি কাটার জাঁতি কোন শ্রেণির লিভারের উদাহরণ:
(a) প্রথম শ্রেণি (b) দ্বিতীয় শ্রেণি (c) তৃতীয় শ্রেণি (d) কোনওটিই নয়
6. 'ফোবোস' কোন গ্রহের একটি উপগ্রহ?
(a) নেপচুন (b) মঙ্গল (c) শনি (d) শুক্র
7. 'গ্লোবাল রিসাইক্লিং ডে' কোন দিন পালিত হয়?
(a) 18 জানুয়ারি (b) 18 মার্চ (c) 18 এপ্রিল (d) 18 অগস্ট
8. ভারতের সুনামি পূর্বাভাস কেন্দ্র কোথায় অবস্থিত?
(a) বেনারস (b) কোচি (c) তিরুঅনন্তপুরম (d) হায়দ্রাবাদ
9. রেটিনার আলোকরশ্মি নিয়ন্ত্রণ করে:
(a) আইলিড (b) পিউপিল (c) সক্লেরা (d) আইরিশ
10. চিকিৎসাশাস্ত্র অনুযায়ী PLWA-এর পুরো কথা হল:
(a) People Living Without Antibiotic (b) People Living With Antigen (c) People Living With AIDS (d) People Living With Antibody
11. জামা মসজিদ নির্মাণ করেন:
(a) হুমায়ুন (b) জাহাঙ্গির (c) আকবর (d) শাহজাহান
12. 'গান্ধী-আরউইন' চুক্তি হয় কত সালে?
(a) 1925 (b) 1935 (c) 1931 (d) 1940
13. এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা ছিলেন:
(a) রামমোহন রায় (b) কেশবচন্দ্র সেন (c) ডিরোজিও (d) উইলিয়াম জোন্স
14. 'বন্দেমাতরম' দৈনিক পত্রিকাটি কোন ভাষায় প্রকাশিত হত?
(a) মারাঠি (b) হিন্দি (c) বাংলা (d) ইংরেজি
15. ভারতে প্রথম স্বর্ণমুদ্রা চালু করে:
(a) গুপ্ত বংশ (b) পাল বংশ (c) চালুক্য বংশ (d) কুষাণ বংশ
16. পুরীর জগন্নাথ মন্দির নির্মাণ করেন:
(a) মহেন্দ্র বর্মন (b) অনন্তবর্মা (c) নরসিংহ বর্মন (d) ভাস্কর বর্মন
17. দিল্লিতে কুতুবমিনারে নির্মাণ করেন:
(a) মহম্মদ বিন তুঘলক (b) ইলতুৎমিস (c) আলাউদ্দিন খলজি (d) গিয়াসউদ্দিন বলবন
18. মার্কো পোলো কোন দেশের পর্যটক ছিলেন?
(a) ব্রিটেন (b) ইতালি (c) মরক্কো (d) চিন
19. 'সিন্তো' ধর্ম কোন দেশে প্রচলিত ছিল?
(a) জাপান (b) চিন (c) ইতালি (d) ভেনেজুয়েলা
20. 'বরদৌলি সত্যাগ্রহ' আন্দোলনের নেতৃত্বে ছিলেন:
(a) অরুণা আসফ আলি (b) বল্লভ ভাই প্যাটেল (c) বি আর আম্বেদকর (d) মোতিলাল নেহরু
21. 'ন্যাশনাল ওয়াটার ডাইজেস্ট অ্যাওয়ার্ড-2018' কোন রাজ্য পেল?
(a) উত্তরাখণ্ড (b) ছত্তিশগড় (c) বিহার (d) ঝাড়খণ্ড
22. 'অ্যাবেল পুরস্কার' দেওয়া হয় কোন বিষয়ে?
(a) পদার্থবিদ্যা (b) রসায়নবিদ্যা (c) গণিত (d) অর্থনীতি
23. 'সেবা ভোজ যোজনা' চালু করল:
(a) স্বাস্থ্য মন্ত্রক (b) সংস্কৃতি মন্ত্রক (c) খাদ্য মন্ত্রক (d) পরিবহণ মন্ত্রক
24. 'ন্যায়পূণ্য রথম' নামে প্রকল্প কোন রাজ্যে শুরু হল?
(a) উত্তরপ্রদেশ (b) ওড়িশা (c) অন্ধ্র প্রদেশ (d) কেরল
25. সেরেনা উইলিয়ামসকে পরাজিত করে উইম্বলডন উওমেনস সিঙ্গলস 2018 খেতাব জেতেন:
(a) সিমোনা হ্যালেপ (b) গারবিন মুগুরুজা (c) ক্যারোলিনা ওজনিয়াকি (d) অ্যাঞ্জেলিক কের্বের
26. 'চাঙ্গি বিমানবন্দর' কোন দেশে?
(a) ইউক্রেন (b) সিঙ্গাপুর (c) নেপাল (d) ফিনল্যান্ড
27. 'বিশ্ব খাদ্য দিবস' পালিত হয়:
(a) 16 অক্টোবর (b) 10 মে (c) 10 জুন (d) 12 জুলাই
28. নীচের কোন নদীটি সুন্দরবন অঞ্চলের অন্তর্গত?
(a) সুবর্ণরেখা (b) জলঢাকা (c) বিদ্যাধরী (d) রায়ডাক
29. 'নন্দাদেবী জাতীয় উদ্যান' কোন রাজ্যে:
(a) মণিপুর (b) উত্তরাখণ্ড (c) সিকিম (d) মধ্যপ্রদেশ
30. শিলা-গঠিত মরুভূমিকে বলা হয়:
(a) ব্রিয়ান (b) প্লায়া (c) বারখান (d) হামাদা
31. খাসি পাহাড় কোন রাজ্যে অবস্থিত?
(a) অসম (b) মেঘালয় (c) নাগাল্যান্ড (d) ত্রিপুরা
32. কোন নদীকে 'ফাদার অব ওয়াটার' বলা হয়?

এরপর বারোর পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার উত্তর-সহ নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

61. ভারত থেকে প্রকাশিত প্রথম সংবাদপত্র কোনটি?
(a) দি বেঙ্গল গেজেট (b) বোম্বে হেরল্ড (c) মাদ্রাজ ক্যুরিয়ার (d) দি ক্যালকাটা ক্রনিকাল
62. ইন্ডিকা গ্রন্থটি রচনা করেন:
(a) রবিকীর্তি (b) মেগাস্থিনিস (c) ভিনসেন স্মিথ (d) উইলিয়াম জোন্স
63. আত্মীয় সভা কে স্থাপন করেন?
(a) শিবনাথ শাস্ত্রী (b) কেশবচন্দ্র সেন (c) দেবেন্দ্রনাথ ঠাকুর (d) রামমোহন রায়
64. মধ্যযুগের ভারতে কোন ভারতীয় সন্ত হিন্দু মুসলমান সকলেরই শ্রদ্ধার পাত্র ছিলেন?
(a) কবির (b) নিজামুদ্দিন আওলিয়া (c) সেলিম চিস্তি (d) শেখ কুতুবউদ্দিন
65. ইবাদৎখানা কী ছিল?
(a) একটি গ্রন্থ (b) একটি নতুন ধর্ম (c) ধর্মালোচনার কক্ষ (d) একটি আবাসস্থল
66. কোন মুসলিম সুলতান হিন্দুদের কাছে জগদগুরু সম্মান পান?
(a) আকবর (b) জয়নাল আবেদিন (c) হুসেন শাহ (d) ইউসুফ আদিল শাহ
67. কোন শিখ গুরুকে ঔরঙ্গজেব হত্যা করেছিলেন?
(a) গুরু গোবিন্দ সিংহ (b) রামদাস (c) গুরুনানক (d) গুরু তেগবাহাদুর
68. কলকাতায় 'এশিয়াটিক সোসাইটি' কে প্রতিষ্ঠা করেন?
(a) উইলিয়াম জোন্স (b) লর্ড বেন্টিঙ্ক (c) ডেভিড হেয়ার (d) ড্রিঙ্ক ওয়াটার বেথুন
69. 'শকাব্দ' কোন বছর শুরু হয়?
(a) ৫৮ খ্রিস্টাব্দে (b) ৭৮ খ্রিস্টাব্দে (c) ৩২০ খ্রিস্টপূর্বাব্দে (d) ৩২৭ খ্রিস্টাব্দে
70. সি-ইউ-কি কার লেখা গ্রন্থ?
(a) মেগাস্থিনিস (b) হিউয়েন সাং (c) ই-কিং (d) ফা-হিয়েন
71. প্রথম বাংলা সংবাদপত্র কোনটি?
(a) সংবাদ কৌমুদি (b) সংবাদ প্রভাকর (c) সমাচার দর্পণ (d) তত্ত্ববোধিনী পত্রিকা
72. হিন্দু-পাদ-বাদশাহি কে কার্যকর করতে চেয়েছিলেন?
(a) শিবাজি (b) প্রথম বাজিরাও (c) ভাস্কর পণ্ডিত (d) বালাজি বিশ্বনাথ
73. প্রাচীন ভারতের প্রথম পরাক্রমশালী সম্রাট কে ছিলেন?
(a) সমুদ্রগুপ্ত (b) বিম্বিসার (c) মহাপদ্মনন্দ (d) চন্দ্রগুপ্ত মৌর্য
74. মধ্যযুগে ভারতে কোন ব্রাহ্মণ আধ্যাত্মিক নেতার হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের শিষ্য ছিলেন?
(a) তুলসী দাস (b) কবির (c) রামদাস (d) চৈতন্যদেব
75. এলাহাবাদের স্তম্ভলিপি কে রচনা করেন?
(a) হরিসেন (b) রবিকীর্তি (c) বাণভট্ট (d) রুদ্রদামন
76. পণ্ডিত জওহরলাল নেহরুর সভাপতিত্বে পরিকল্পনা কমিশন কত সালে গঠিত হয়?
(a) 1949 (b) 1950 (c) 1951 (d) 1952
77. 1878 সালে ভারতীয় জাতীয় কনফারেন্সের প্রধান প্রবক্তা কে ছিলেন?
(a) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (b) দ্বারকানাথ ঠাকুর (c) দাদাভাই নৌরজি (d) রামগোপাল ঘোষ
78. ইংরেজবিরোধী বিদ্রোহী নেত্রী রানী গাইডুল কোন রাজ্যে জন্মগ্রহণ করেন?
(a) মণিপুর (b) নাগাল্যান্ড (c) ত্রিপুরা (d) আসাম
79. কংগ্রেসের কোন সভাপতি বলেন, 'আমি একজন সমাজতন্ত্রবিদ'?
(a) মোতিলাল নেহরু (b) এম এন রায় (c) জওহরলাল নেহরু (d) সুভাষচন্দ্র বোস
80. ব্রিটিশ বিরোধী আদিবাসী বিদ্রোহ 'উলগুলান' এর নেতৃত্ব কে দিয়েছিলেন?
(a) কোরা মোল্লা (b) রানাডে (c) কোল্ডা ডোরা (d) বিরসা মুন্ডা
81. কবে প্রথম তেরঙ্গা পতাকা উত্তোলন করা হয়েছিল?
(a) 31 জুলাই,1928 (b) 31 ডিসেম্বর, 1929 (c) 26 জানুয়ারি, 1950 (d) 15 অগস্ট, 1947
82. সর্বভারতীয় ট্রেড ইউনিয়ন কংগ্রেস কত সালে গঠিত হয়?
(a) 1915 সালে (b) 1920 সালে (c) 1925 সালে (d) 1930 সালে
83. নীচের কোন নেতা কখনওই স্বরাজ্য দলের সঙ্গে যুক্ত ছিলেন না?
(a) চিত্তরঞ্জন দাশ (b) মোতিলাল নেহরু (c) লালা লাজপত রায় (d) চক্রবর্তী রাজাগোপালাচারি
84. বাংলা বিহারের সন্ন্যাসী বিদ্রোহের নেতা কে ছিলেন?
(a) চিরাগ আলি (b) মজনু শাহ (c) সৈকত আজিজ (d) দেবিকারানি
85. ভারত ছাড়ো আন্দোলন কবে শুরু হয়?
(a) জুলাই, 1942 (b) অগস্ট, 1942 (c) সেপ্টেম্বর, 1942 (d) অক্টোবর, 1942
86. 1907 সালের জাতীয় কংগ্রেসের কে সভাপতি ছিলেন?
(a) রাসবিহারী বসু (b) মোতিলাল নেহরু (c) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (d) দাদাভাই নৌরজি
87. কোন আইন কালা কানুন নামে পরিচিত?
(a) ইলবার্ট বিল (b) হান্টার অ্যাক্ট (c) রাউলাট আইন (d) 1909 সালের আইন
88. বাবা রামচন্দ্র কোন আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) শ্রমিক ইউনিয়ন (b) চিত্রকলা (c) কৃষক আন্দোলন (d) ইংরেজি শিক্ষা
89. 'মাস্টারদা' নামে কোন বিপ্লবী পরিচিত ছিলেন?
(a) চিত্তরঞ্জন দাশ (b) সূর্য সেন (c) রাসবিহারী বসু (d) এম এন রায়
90. ভারতের মুসলিমদের আধুনিকতার পথিকৃৎ কে?
(a) সৈয়দ আমির আলি (b) বদরুদ্দিন তোয়েবজি (c) আব্দুল লতিফ (d) সৈয়দ আহমেদ খান
91. 'দেশপ্রিয়' নামে কে অভিহিত হন?
(a) মহাত্মা গান্ধী (b) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (c) রাসবিহারী বসু (d) যতীন্দ্রনাথ সেনগুপ্ত
92. ব্রিটিশ সরকার কত সালে বঙ্গভঙ্গ খারিজ করেন?
(a) 1911 সালে (b) 1917 সালে (c) 1914 সালে (d) 1919 সালে
93. চিনে কমিউনিস্ট শাসন কত সালে প্রতিষ্ঠিত হয়?
(a) 1947 সালে (b) 1949 সালে (c) 1948 সালে (d) 1950 সালে
94. হিন্দু-মুসলিম একই মাটিতে গড়া— কে বলেছিলেন?
(a) গুরুনানক (b) চৈতন্যদেব (c) তুলসী দাস (d) কবির
95. ভারতীয় জাতীয় সেনাবাহিনীর নেতা কে ছিলেন?
(a) জওহরলাল নেহরু (b) রাসবিহারী বসু (c) মহাত্মা গান্ধী (d) সুভাষচন্দ্র বসু
96. 'Independent' পত্রিকাটির সম্পাদক কে ছিলেন?
(a) জওহরলাল নেহরু (b) মোতিলাল নেহরু (c) অ্যানি বেসান্ত (d) আম্বেদকর
97. স্যাডলার কমিশন কত সালে গঠিত হয়?
(a) 1905 (b) 1917 (c) 1907 (d) 1919
98. ব্রাহ্মসমাজ কে প্রতিষ্ঠা করেন?
(a) দয়ানন্দ সরস্বতী (b) দেবেন্দ্রনাথ ঠাকুর (c) রামমোহন রায় (d) কেশবচন্দ্র সেন
99. কংগ্রেসের কোন অধিবেশনে নরমপন্থী ও চরমপন্থী গোষ্ঠীর সৃষ্টি হয়?
(a) কলকাতা (b) সুরাট (c) বোম্বাই (d) লাহোর
100. হিন্দু মিশনারি সমিতি কোথায় স্থাপিত হয়?
(a) কলকাতা (b) গুজরাট (c) পাঞ্জাব (d) মহারাষ্ট্র
101. ভারতের কোথায় জোয়ারভাটা থেকে বৈদ্যুতিক শক্তি উৎপাদনের সম্ভাবনা সর্বোচ্চ?
(a) কাম্বে উপসাগর (b) চিলিকা হ্রদ (c) পুলিকট হ্রদ (d) মান্নার উপসাগর
102. ভারতে মাথাপিছু বনভূমির পরিমাণ সর্বোচ্চ কোথায়?
(a) অসম (b) মধ্যপ্রদেশ (c) সিকিম (d) জম্মু-কাশ্মীর
103. পশ্চিমবঙ্গে গঙ্গার উত্তরাঞ্চল কী নামে পরিচিত?
(a) ভাবর (b) রাঢ় (c) বারিন্দ (d) তরাই
104. মালাক্কা প্রণালী কোথায় হয়েছে?
(a) ভারত ও শ্রীলঙ্কার মধ্যে (b) জাভা ও বর্নিয়োর মধ্যে (c) মালয়েশিয়া ও সুমাত্রার মধ্যে (d) জাভা ও বালির মধ্যে
105. র‍্যাডক্লিফ আইন কোন দু'দেশের সীমানা নির্ধারণ করে?
(a) ভারত ও চিন (b) ভারত ও পাকিস্তান (c) ভারত ও ভুটান (d) ভারত ও তিব্বত
106. ভারতে সেচ সেবিত ভূমির শতকরা হার প্রায় কত?
(a) 45% (b) 35% (c) 65% (d) 25%
107. বিশ্বের গভীরতম মহাসাগর কোনটি?
(a) আটলান্টিক মহাসাগর (b) ভারত মহাসাগর (c) প্রশান্ত মহাসাগর (d) সুমেরু মহাসাগর
108. কোন গ্রহের সূর্যকে পরিক্রমণ করতে 12 বছর সময় লাগে?
(a) মঙ্গল (b) শনি (c) বৃহস্পতি (d) ইউরেনাস
109. কোনটি পশ্চিমবঙ্গের প্রশাসনিক বিভাগ নয়?
(a) জলপাইগুড়ি (b) মালদা (c) কলকাতা (d) বর্ধমান
110. বৃহত্তম ক্যারিবিয়ান দ্বীপ কোনটি?
(a) ত্রিনিদাদ (b) কিউবা (c) হিস্পানিওলা (d) পুয়ের্তোরিকো
111. উৎপত্তিগতভাবে গাঙ্গেয় সমভূমির মৃত্তিকার প্রকৃতি কোনটি?
(a) জোনাল (b) অ্যাজোনাল (c) ইন্ট্রাজোনাল (d) এদের কোনওটিই নয়
112. ভারতীয় জনগোষ্ঠীর বৃহত্তম অংশ কোন জাতির অন্তর্গত?
(a) অস্ট্রালয়েড (b) নিগ্রোয়েড (c) মঙ্গোলয়েড (d) ককেশীয়
113. ভারতের মাথাপিছু আয় সর্বোচ্চ কোন রাজ্যে?
(a) পশ্চিমবঙ্গ (b) রাজস্থান (c) বিহার (d) কেরল
114. 'করোসান' কোন জাতীয় ক্ষার?
(a) জৈবিক (b) যান্ত্রিক (c) রাসায়নিক (d) পদার্থবিদ্যা
115. নীচের কোনটি ভারতের একটি মিশ্র ইস্পাত কারখানা?
(a) সালেম (b) বোকারো (c) ভিলাই (d) রৌরকেল্লা
116. 2011 জনগণনা অনুসারে ভারতে সাক্ষরতার হার কত?
(a) 67.04% (b) 68.04% (c) 71.04% (d) 74.04%
117. দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলির মধ্যে ভৌগোলিক ঐক্য গঠিত হয়েছে কীসের পরিপ্রেক্ষিতে?
(a) জলবায়ু (b) সংস্কৃতি (c) অর্থনীতি (d) ভূমিরূপের প্রকৃতি
118. 'Sinchal Wildlife Sanctuary' কোথায় অবস্থিত?
(a) কেরল (b) দার্জিলিং (c) জলপাইগুড়ি (d) সুন্দরবন
119. ল্যাটেরাইট মৃত্তিকা উদ্ভবের কারণ কী?
(a) সিলিকেট চূর্ণ ও জৈব পদার্থের অপসারণ (b) জৈব পদার্থের পচন (c) লাভার বিদারণ (d) এদের কোনওটিই নয়
120. 2011 জনগণনা অনুযায়ী কোন কেন্দ্রশাসিত অঞ্চলে সাক্ষরতার হার সর্বোচ্চ?
(a) আন্দামান-নিকোবর (b) চণ্ডিগড় (c) লাক্ষাদ্বীপ (d) পন্ডিচেরি
121. পশ্চিমবঙ্গের উত্তরদিকে প্রবাহিত নদীগুলি হল:
(a) তিস্তা, জলঢাকা, রায়ডাক (b) গঙ্গা, ব্রহ্মপুত্র (c) তিস্তা, গঙ্গা (d) দামোদর, গঙ্গা
122. ভারত-পাকিস্তান আন্তর্জাতিক সীমারেখার ওপর ভারতের কোন রাজ্যগুলি আছে?
(a) গুজরাট, রাজস্থান, পাঞ্জাব, জম্মু-কাশ্মীর (b) পাঞ্জাব, রাজস্থান, গুজরাট (c) পাঞ্জাব ও রাজস্থান (d) পাঞ্জাব ও জম্মু-কাশ্মীর
123. জলপাইগুড়ি কোন নদীর তীরে অবস্থিত?
(a) তিস্তা এবং করলা (b) তিস্তা এবং জলঢাকা (c) জলঢাকা এবং তোর্সা (d) তিস্তা এবং রায়ডাক
124. 2011 জনগণনা অনুযায়ী 0-6 বছরের জনসংখ্যা ভারতের মোট কত?
(a) 13.12% (b) 14.12% (c) 15.12% (d) 16.12%
125. পৃথিবীর ভূমিভাগের সর্বনিম্ন বিন্দুটি সমুদ্রতল থেকে কত মিটার নীচে আছে?
(a) 242 মিটার (b) 120 মিটার (c) 395 মিটার (d) 1200 মিটার
126. ভারতীয় গণপরিষদের অস্থায়ী সভাপতি কে ছিলেন?
(a) ডঃ সচ্চিদানন্দ সিংহ (b) ডঃ রাজেন্দ্র প্রসাদ (c) জওহরলাল নেহরু (d) মহাত্মা গান্ধী
127. ভারতীয় সংবিধানের ওপর কোনটির প্রত্যক্ষ ও ব্যাপক প্রভাব পড়েছে?
(a) 1909 সালের মর্লে-মিন্টো সংস্কার আইন (b) 1919 সালের মন্টেগু-চেমস ফোর্ড সংস্কার আইন (c) 1935 সালের ভারত শাসন আইন (d) 1947 সালের ভারত স্বাধীন আইন
128. ভারতীয় সংবিধানের প্রস্তাবনাকে 'Testament of his old age' বলে অভিহিত করেছেন কে?
(a) আর্নেস্ট বার্কার (b) ডঃ বি আর আম্বেদকর (c) দুর্গাদাস বসু (d) জওহরলাল নেহরু
129. রাজ্য পুনর্গঠন কমিশন কত সালে নিয়োগ করা হয়?
(a) 1950 সালের 17 অগস্ট (b) 1951 সালের 22 মার্চ (c) 1952 সালের 23 জুন (d) 1953 সালের 22 ডিসেম্বর
130. ভারতে এখন পর্যন্ত কত বার জরুরি অবস্থার দরুন স্বাধীনতার অধিকারের ওপর বাধানিষেধ আরোপিত হয়েছে?
(a) দু'বার (b) তিনবার (c) চারবার (d) পাঁচবার
131. কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কৃষি ও শিল্পের ওপর সমান গুরুত্ব দেওয়া হয়েছিল?
(a) প্রথম (b) তৃতীয় (c) দ্বিতীয় (d) চতুর্থ
132. ভারতীয় সংবিধানে কততম সংশোধনীর ধারা অনুযায়ী ভোট দেওয়ার অধিকার 21 থেকে কমিয়ে 18 বছর করা হয়?
(a) 45তম (b) 59তম (c) 61তম (d) 65তম
133. কত সালে প্রথমবার VAT চালু হয়?
(a) 1970 সালে (b) 1975 সালে (c) 1976 সালে (d) 1982 সালে
134. নেহরু রোজগার যোজনা কী উদ্দেশ্যে গৃহীত হয়?
(a) শহরাঞ্চলে দারিদ্র দূরীকরণের জন্য (b) মহিলা দারিদ্র দূরীকরণের জন্য (c) গ্রামাঞ্চলে দারিদ্র দূরীকরণের জন্য (d) এগুলির কোনওটিই নয়
135. সমাজ উন্নয়ন কর্মসূচিতে সরকার কী প্রদান করে?
(a) কেবলমাত্র আর্থিক সাহায্য (b) কেবলমাত্র কৌশলগত সাহায্য (c) a এবং b উভয়ই (d) কোনওটিই নয়
136. 'UDAAN' Scheme চালু হয় কী উদ্দেশ্যে?
(a) বালিকা শিক্ষার উন্নতির জন্য (b) বালকদের শিক্ষার উন্নতির জন্য (c) মহিলা দারিদ্র দূরীকরণের জন্য (d) কৃষকদের উন্নতির জন্য
137. 'আয়ুষ্মান ভারত' কীসের সঙ্গে যুক্ত?
(a) প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা (b) প্রধানমন্ত্রী আবাস যোজনা (c) প্রধানমন্ত্রী কৃষি যোজনা (d) প্রধানমন্ত্রী গ্রাম উন্নয়ন যোজনা
138. সংবিধানের কত নম্বর ধারায় ভারতে সর্বভারতীয় চাকরির কথা বলা হয়েছে?
(a) 312 (b) 315 (c) 314 (d) 316
139. ভারতে কেন্দ্রীয় মন্ত্রী পরিষদ কার কাছে জবাবদিহি করতে বাধ্য?
(a) রাজ্যসভা (b) লোকসভা (c) রাষ্ট্রপতি (d) পার্লামেন্ট
140. এক টাকার নোটে কার সই থাকে?
(a) ভারতের রাষ্ট্রপতি (b) রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর (c) অর্থমন্ত্রী (d) অর্থ দপ্তরের সচিব
141. দন্তওয়ালা কমিটি কার সঙ্গে সম্পর্কযুক্ত?
(a) আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক (b) প্রত্যক্ষ কর (c) বেকারত্ব (d) পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধি
142. কোন আর্থিক সংস্থার সঙ্গে 'Flexi Bond' যুক্ত?
(a) RBI (b) IDBI (c) LIC (d) ADB
143. 1956 সালের ভারতের দ্বিতীয় শিল্পনীতিতে শিল্পগুলিকে ক'টি শ্রেণিতে ভাগ করা হয়েছিল?
(a) তিন (b) চার (c) পাঁচ (d) ছয়
144. 'Patent Act of India' কত সালে চালু হয়?
(a) 1968 (b) 1970 (c) 1991 (d) 1965
145. জহর গ্রাম সমৃদ্ধি যোজনা ও ইন্দিরা আবাস যোজনা কার্যকর হয়:
(a) 1-2-1992 (b) 1-1-1999 (c) 1-4-1999 (d) 1-4-1992
146. গরিবি হটাও স্লোগান প্রথম উচ্চারিত হয় কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালে?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ
147. নীচের কোন করটি ভারতের অঙ্গরাজ্যগুলি ধার্য করতে পারে?
(a) আয়কর (b) সম্পদকর (c) রপ্তানি শুল্ক (d) বৃত্তিকর
148. নীচের কোনটি বর্তমান মুদ্রাস্ফীতির উদাহরণ?
(a) ধাবমান মুদ্রাস্ফীতি (b) গৌণ মুদ্রাস্ফীতি (c) কৃত্রিম মুদ্রাস্ফীতি (d) মূল্যবৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি
149. সুপ্রিম কোর্টের কোন বিচারপতিকে সর্বপ্রথম ইমপিচ করা হয়?
(a) মহম্মদ হিদায়েতুল্লা (b) এ এস আনন্দ (c) রাধাস্বামী (d) বি জে খের
150. কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রক সম্প্রতি দেশের 24টি নকশাল অধ্যুষিত অঞ্চলে আদিবাসী যুবকদের চাকরির জন্য একটি 'Skill development Scheme' শুরু করেছে। এই Scheme-এর নাম হল:
(a) রোশনি (b) উজালা (c) দিশা (d) স্বপ্ন
151. পরবর্তী সংখ্যাটি কত?
16, 33, 65, 161, 261, ______.
(a) 523 (b) 521 (c) 613 (d) 721
152. এক সভায় প্রতিদিন 240 জন করে আসে কিন্তু রবিবারে আসে 510 জন করে। 30 দিনের কোনও মাসে প্রতিদিন গড়ে কতজন সভায় উপস্থিত ছিল যদি মাসের প্রথমদিন রবিবার হয়?
(a) 250 (b) 276 (c) 280 (d) 285
153. এক দোকানি টাকায় 3টি করে লেবু কিনে সেগুলি টাকায় ক'টি করে বিক্রি করলে তাঁর 50% লাভ হবে?
(a) 1টি (b) 2টি (c) 3টি (d) $1\frac{1}{2}$টি

**নির্দেশ (154 to 156):** *চিত্রে ত্রিভুজ সূচিত করে স্নাতকদের, বৃত্ত করে সমাজসেবীদের এবং বর্গক্ষেত্র পেশাদারদের। চিত্রটি অধ্যয়ন করে প্রশ্নের উত্তর দিন।*




154. কতজন স্নাতক সমাজসেবী?
(a) 1 (b) 5 (c) 6 (d) 11
155. কতজন স্নাতক শুধুমাত্র সমাজসেবী?
(a) 7 (b) 6 (c) 5 (d) 13
156. কতজন স্নাতক পেশাদার?
(a) 12 (b) 7 (c) 1 (d) 3

*এরপর বারোর পাতায়*

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার উত্তর-সহ নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

157. যদি মনোজ কোনও সারিতে উভয় প্রান্ত থেকে 41তম স্থানে থাকে তবে সারিতে কতজন রয়েছে?
(a) 81 (b) 41 (c) 42 (d) 21
158. কলকাতা : পূর্ব = ভোপাল : ___?___ ।
(a) পশ্চিম (b) মধ্য (c) দক্ষিণ (d) উত্তর
159. 'KAMINI' এর সংকেত 'MAKINI' ও 'ANALOG'-এর সংকেত হলে 'ENCODE'-এর সংকেত কী হবে?
(a) CNEODE (b) CONOEDE (c) ENCEDO (d) CNEEDO
160. নীচের সংখ্যাশ্রেণিতে হারানো সংখ্যাটি নিন।
336, 210, ______, 60, 24.
(a) 180 (b) 90 (c) 120 (d) 200
161. নীচের তিনটি শব্দ ভেনচিত্র আঁকলে কোন উত্তরটি সঠিক হবে?
বই, বাংলা বই, উপন্যাস



(a) (b) (c) (d)

162. অমর 10 মিটার সামনের দিতে হেঁটে গেল, তারপর ডানদিকে বেঁকে আবার 10 মিটার গেল, এরপর বাঁদিকে তিনবার বেঁকে যথাক্রমে 5 মিটার, 15 মিটার, এবং 15 মিটার গেল। এখন সে শুরুর স্থান থেকে কত দূরে অবস্থান করছে?
(a) 22 মিটার (b) 23 মিটার (c) 11 মিটার (d) 5 মিটার
163. যদি 'DOG'-কে 433 দ্বারা লেখা হয় তাহলে 'CAT' কে কোন সংখ্যায় লেখা হবে?
(a) 431 (b) 314 (c) 134 (d) 413
164. একজন মহিলার পরিচয় দিতে এক ভদ্রলোক বললেন, 'ওর মার স্বামীর বোন আমার কাকি'। ভদ্রলোকটির মহিলার সঙ্গে সম্পর্ক কী?
(a) ভাইপো (b) খুড়তুতো ভাই (c) ননদ (d) কাকা
165. 9 টাকা খরচ করার পর মধু তার ভাই-এর কাছ থেকে 6 টাকা পেল। এখন তার কাছে 9 টাকা আছে। খরচ করার আগে তার কাছে কত টাকা ছিল?
(a) 10 টাকা (b) 12 টাকা (c) 14 টাকা (d) 16 টাকা
166. $\sqrt{\sqrt{2.25}+\sqrt{6.25}}$ -এর মান কত?
(a) 2.0 (b) 1.75 (c) 1.0 (d) 2.5
167. A, B-এর চেয়ে লম্বা এবং C, D-এর চেয়ে লম্বা। যদি B, C-এর চেয়ে খর্ব না হয় তবে কে সবচেয়ে লম্বা?
(a) B (b) C (c) D (d) A
168. 112 সংখ্যাটিকে ক্ষুদ্রতম কোন পূর্ণসংখ্যা দ্বারা গুণ করলে গুণফল পূর্ণবর্গ সংখ্যা হবে?
(a) 2 (b) 7 (c) 3 (d) 11
169. যদি 16 + 2 = 16, 20 + 4 = 40, 24 + 8 = 96 হয়, তবে, 15 + 6 =?
(a) 45 (b) 30 (c) 90 (d) 60
170. প্রত্যেক 45 মিনিট অন্তর একটি ট্রেন একটি ব্রিজ পার হয়। 10 মিনিট আগে একটি ট্রেন পার হয়েছে এবং পরবর্তী ট্রেনের ব্রিজ পার হওয়ার সময় সকাল 9-35 মিনিটে। এখন ক'টা বাজে?
(a) সকাল 9-15 মিনিট (b) সকাল 9টা (c) সকাল 9-05 মিনিট (d) সকাল 9-10 মিনিট
171. একটি দ্রব্য শতকরা 10 টাকা ক্ষতিতে বিক্রয় করা হল। যদি দ্রব্যটি 40 টাকা অধিক মূল্যে বিক্রয় করা হত তা হলে শতকরা 10 টাকা লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত?
(a) 250 টাকা (b) 200 টাকা (c) 300 টাকা (d) 180 টাকা
172. $(41.2 \times 0.15) = ?$
(a) 61.80 (b) 6.18 (c) 0.618 (d) 0.0618
173. শূন্যস্থান পূরণ করুন।
ab ___ cab ___ bc ___ aba ___ c ____ ab.
(a) caccb (b) cacbc (c) cacba (d) cbcbc
174. শূন্যস্থান পূরণ করুন।
aca _____ ac ____ a ____ ac.
(a) babc (b) aaac (c) cacc (d) caca
175. যদি + মানে ×, – মানে ÷, × মানে – এবং ÷ মানে + হয়, তাহলে,
$16 - 4 + 3 \times 5 \div 2 = ?$
(a) 10 (b) 14 (c) 9 (d) 19
176. Global Innovation Index 2018-তে ভারতের অবস্থান কত?
(a) 50 (b) 57 (c) 112 (d) 220
177. বিশ্ব উদ্বাস্তু দিবস কোন তারিখে?
(a) 12 অগস্ট (b) 20 জুলাই (c) 20 জুন (d) 22 জুন
178. 2019 সালের 15তম প্রবাসী দিবস কোথায় আয়োজিত হবে?
(a) বারাণসী (b) হরিয়ানা (c) ভোপাল (d) অসম
179. ভারতীয় হকি দলের Chief Coach কে?
(a) নীরেন্দ্র ধর (b) হরেন্দ্র সিং (c) সুরেশ সিং (d) শশাঙ্ক মনোহর
180. 'Kutir Joty Scheme' কার সঙ্গে যুক্ত করা হয়েছে?
(a) UDAY (b) RGGVY (c) PGYY (d) NHE
181. 65তম জাতীয় চলচ্চিত্র উৎসবের শ্রেষ্ঠ চলচ্চিত্র কোনটি?
(a) Village Rockstar (b) Naba Kirtan (c) Mom (d) Bahubali
182. 'প্রধানমন্ত্রী ফসল বিকাশ যোজনা' কীসের সঙ্গে যুক্ত?
(a) খারিফ শস্য (b) রবি শস্য (c) পাট (d) চা
183. রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান কে?
(a) রেখা শর্মা (b) হরিবংশ নারায়ণ সিং (c) ভারত ভাতালি (d) নীরেন্দ্র নারায়ণ সিং
184. ত্রয়োদশ ইস্ট-এশিয়া সম্মেলন কোথায় আয়োজিত হল?
(a) সিঙ্গাপুর (b) ব্যাঙ্কক (c) জাকার্তা (d) ঢাকা
185. 'No Spin' বইটির লেখক কে?
(a) শেন ওয়ার্ন (b) বীরেন্দ্র সেহবাগ (c) পি ভি সিন্ধু (d) বিরাট কোহলি
186. US Open 2018-তে পুরুষ বিভাগে চ্যাম্পিয়ন কে হয়েছেন?
(a) ফেডেরার (b) জকোভিচ (c) আন্ডারসন (d) মান্দ্রিদ
187. 'আয়ুষ্মান ভারত'-কীসের সঙ্গে যুক্ত?
(a) প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা (b) প্রধানমন্ত্রী আবাস যোজনা (c) প্রধানমন্ত্রী কৃষি যোজনা (d) প্রধানমন্ত্রী গ্রাম উন্নয়ন যোজনা
188. 2022 সালের 'এশিয়ান গেমস' কোথায় অনুষ্ঠিত হবে?
(a) হ্যাং ঝু (b) ভোপাল (c) বারাণসী (d) চিকাগো
189. ভারতের সব থেকে পরিচ্ছন্ন রেলস্টেশন কোনটি?
(a) খড়্গপুর (b) যোধপুর (c) আগ্রা (d) হাওড়া
190. লোকসভায় কততম সংবিধান সংশোধনী বিল চালু হল?
(a) 120 (b) 123 (c) 124 (d) 121
191. 2018 সালে শান্তিতে নোবেল পুরস্কার প্রাপক হলেন:
(a) মালালা ইউসুফজাই (b) ডেনিস মুকওয়েজ এবং নাদীয়া মুরাদ (c) কৈলাশ সত্যার্থী (d) জেমস পি এলিসন এবং তাসুকু হনজো
192. 2018 সালে দাদাসাহেব ফালকে পুরস্কার কে পান?
(a) বিনোদ খান্না (b) অক্ষয় কুমার (c) দিলিপ কুমার (d) ঋষি কাপুর
193. 'School of Artillery' কোথায় অবস্থিত?
(a) দেরাদুন (b) মাদ্রাজ (c) দেওলালি (d) কিরকি
194. হিন্দুস্থানি সংগীতের খ্যাতনামা শিল্পী হলেন:
(a) বিষ্ণু দিগম্বর পুলস্কর (b) ত্যাগরাজ (c) শ্যাম শাস্ত্রী (d) আমির খসরু
195. 'উগাদি' উৎসব কোথায় পালন করা হয়?
(a) বিহার (b) কর্নাটক (c) কেরল (d) ওড়িশা
196. 'মোহিনীঅট্টম' কোন রাজ্যের নৃত্য?
(a) অন্ধ্রপ্রদেশ (b) কেরল (c) কর্নাটক (d) মণিপুর
197. 'আগাখান কাপ' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ফুটবল (b) কবাডি (c) হকি (d) ভলিবল
198. 'লালবাহাদুর শাস্ত্রী স্টেডিয়াম' কোথায় অবস্থিত?
(a) মুম্বই (b) পাতিয়ালা (c) কানপুর (d) হায়দরাবাদ
199. JNNURM-এর পুরো কথা হল:
(a) Jawaharlal Nehru National Urban Renewal Mission (b) Jawaharlal Nehru National Urban Rural Mission (c) Jawaharlal Nehru National Unic Regional Mission (d) Jawaharlal Nehru National Urban Region Mission
200. জহর গ্রাম সমৃদ্ধি যোজনা ও ইন্দিরা আবাস যোজনা কার্যকর হয়:
(a) 1-2-1992 থেকে (b) 1-1-1999 থেকে (c) 1-4-1999 থেকে (d) 1-4-1992 থেকে

### উত্তর

1(b), 2(c), 3(c), 4(b), 5(d), 6(b), 7(c), 8(a), 9(d), 10(c), 11(d), 12(d), 13(a), 14(a), 15(c), 16(b), 17(a), 18(b), 19(a), 20(b), 21(c), 22(a), 23(a), 24(b), 25(c), 26(d), 27(d), 28(a), 29(d), 30(a), 31(a), 32(c), 33(d), 34(a), 35(b), 36(b), 37(a), 38(d), 39(d), 40(c), 41(a), 42(d), 43(a), 44(d), 45(b), 46(d), 47(d), 48(c), 49(a), 50(c), 51(c), 52(b), 53(b), 54(d), 55(c), 56(b), 57(b), 58(b), 59(d), 60(a), 61(a), 62(b), 63(d), 64(b), 65(c), 66(b), 67(d), 68(a), 69(b), 70(b), 71(c), 72(b), 73(d), 74(c), 75(a), 76(b), 77(a), 78(a), 79(c), 80(d), 81(b), 82(c), 83(c), 84(b), 85(b), 86(a), 87(c), 88(c), 89(b), 90(d), 91(d), 92(a), 93(b), 94(d), 95(d), 96(b), 97(b), 98(c), 99(b), 100(d), 101(a), 102(b), 103(c), 104(c), 105(b), 106(c), 107(c), 108(c), 109(c), 110(a), 111(d), 112(a), 113(b), 114(c), 115(d), 116(d), 117(a), 118(b), 119(c), 120(c), 121(a), 122(a), 123(a), 124(a), 125(b), 126(a), 127(c), 128(a), 129(d), 130(a), 131(a), 132(b), 133(a), 134(a), 135(c), 136(a), 137(a), 138(a), 139(b), 140(d), 141(c), 142(b), 143(b), 144(b), 145(c), 146(d), 147(d), 148(a), 149(a), 150(c), 151(a), 152(d), 153(b), 154(d), 155(b), 156(a), 157(a), 158(b), 159(d), 160(c), 161(c), 162(d), 163(b), 164(b), 165(b), 166(a), 167(d), 168(b), 169(a), 170(b), 171(d), 172(c), 173(b), 174(c), 175(c), 176(b), 177(c), 178(a), 179(b), 180(b), 181(a), 182(a), 183(b), 184(a), 185(a), 186(b), 187(a), 188(a), 189(b), 190(b), 191(b), 192(a), 193(c), 194(a), 195(b), 196(b), 197(c), 198(d), 199(a), 200(c).

প্রস্তুত করেছেন: **অনির্বাণ হাজরা**
উচ্চপদস্থ সরকারি আধিকারিক

## রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) গঙ্গা (b) মিসিসিপি (c) ভলগা (d) আমাজন
33. ম্যারিয়ানা খাত কোন মহাসাগরে:
(a) সুমেরু মহাসাগর (b) আটলান্টিক মহাসাগর (c) ভারত মহাসাগর (d) প্রশান্ত মহাসাগর
34. সিলিকন ভ্যালি বলা হয় কোন শহরকে?
(a) পুনে (b) বেঙ্গালুরু (c) চেন্নাই (d) আমেদাবাদ
35. নীচের কোন ফসলটি ল্যাটেরাইট মৃত্তিকায় উৎপন্ন হয়?
(a) কার্পাস (b) গম (c) আখ (d) কফি
36. উগান্ডা-র রাজধানী হল:
(a) তাল্লিন (b) কাম্পালা (c) হ্যানয় (d) আসমারা
37. 'Life of Pi' বইটির লেখক কে?
(a) ইয়ান মার্টেল (b) পিটার ক্যারে (c) অ্যানি এনরাইট (d) ডেভিড ওমার্ক
38. ISDN-এর পুরো কথা হল:
(a) Internet Service Data Network (b) Internet Service Device Network (c) Integrated Service Digital Network (d) Internet Searching Digital Network
39. 1947 সাল থেকে 1965 সাল পর্যন্ত পরমবীর চক্র প্রাপকদের নিয়ে লেখা 'পরমবীর পরওয়ানে' বইটির লেখক কে?
(a) সুধা মূর্তি (b) শশী থারুর (c) বিপিন রাওয়াত (d) ডঃ প্রভাকিরণ জৈন
40. 'আল জাজিরা' (Al Jazeera) কোন দেশের একটি সংবাদ সংস্থা?
(a) ইরান (b) কাতার (c) সৌদি আরব (d) পাকিস্তান
41. 'লাল দরজা' সিনেমাটির পরিচালক হলেন:
(a) তপন সিনহা (b) অপর্ণা সেন (c) বুদ্ধদেব দাশগুপ্ত (d) গৌতম ঘোষ
42. 'সুনন্দ' কার ছদ্মনাম?
(a) নারায়ণ গঙ্গোপাধ্যায় (b) ভবানী সেনগুপ্ত (c) বিনয় ঘোষ (d) মণীশ ঘটক
43. 'অব্যক্ত' বইটি কার লেখা?
(a) ঋষি অরবিন্দ (b) নীরেন্দ্রনাথ চক্রবর্তী (c) নারায়ণ স্যানাল (d) আচার্য জগদীশচন্দ্র বসু
44. 65তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারের শ্রেষ্ঠ গায়িকা হলেন:
(a) দিব্যা দত্ত (b) শাসা তিরুপতি (c) ভনিতা দাস (d) মানালী ঠাকুর
45. বিজয় তেন্ডুলকার কোন ভাষার নাট্যকার ছিলেন?
(a) ওড়িয়া (b) বাংলা (c) মারাঠি (d) হিন্দি
46. 'সিভিল অ্যাভিয়েশন ট্রেনিং সেন্টার' কোথায় অবস্থিত?
(a) সুরাট (b) এলাহাবাদ (c) কোচি (d) কলকাতা
47. ভারতের লোকসভার এথিক্স কমিটির চেয়ারম্যান হলেন:
(a) লালকৃষ্ণ আডবানি (b) রমেশ পখরিয়াল নিশাঙ্ক (c) যশবন্ত সিং (d) সুরেশ প্রভু
48. চিনচোটি জলপ্রপাত কোন রাজ্যে অবস্থিত?
(a) কেরল (b) কর্নাটক (c) মহারাষ্ট্র (d) উত্তরাখণ্ড
49. 'সিলি পয়েন্ট' কোন খেলার পরিভাষা?
(a) ফুটবল (b) কবাডি (c) ক্রিকেট (d) রাগবি
50. অলিম্পিকের প্রতীকে পাঁচটি বৃত্তের নীল বৃত্তটি কোন মহাদেশের প্রতিনিধিত্ব করে?
(a) ইউরোপ (b) আমেরিকা (c) এশিয়া (d) আফ্রিকা
51. একদিন সকালে একটি ফড়িং 2 মিটার গভীর এক গর্তে পড়ে যায়। সারাদিনে ফড়িংটি $\frac{1}{4}$ মিটার ওঠে, আবার রাতে $\frac{1}{8}$ মিটার গড়িয়ে নেমে যায়। এভাবে কতদিনে ফড়িংটি গর্ত থেকে বেরোতে পারবে?
(a) 5 (b) 10 (c) 15 (d) 20
52. তপনের বর্তমান বয়স তরুণের বয়সের দ্বিগুণ, এখন থেকে 3 বছর পরে তাদের বয়সের সমষ্টি হবে 42 বছর। 4 বছর পূর্বে তপনের বয়স (বছরে):
(a) 24 (b) 22 (c) 20 (d) 26
53. কোনও সংখ্যাকে 56 দিয়ে ভাগ করলে 29 ভাগশেষ থাকে। সেই সংখ্যাকে 8 দিয়ে ভাগ করলে কত ভাগশেষ থাকবে?
(a) 4 (b) 5 (c) 6 (d) 7
54. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 6, 8 এবং 10 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 1 ভাগশেষ থাকে, কিন্তু 13 দ্বারা ভাগ করলে কোনও ভাগশেষ থাকে না?
(a) 521 (b) 391 (c) 261 (d) 481
55. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 36, 48, 56 দ্বারা ভাগ করলে যথাক্রমে 32, 44 এবং 52 ভাগশেষ থাকে?
(a) 1004 (b) 996 (c) 1124 (d) 864
56. একটি বাক্সে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সা মূল্যের মোট 378টি মুদ্রা আছে। তাদের মূল্যের অনুপাত যথাক্রমে 13 : 11 : 7 হলে, 50 পয়সার মুদ্রার সংখ্যা:
(a) 78 (b) 132 (c) 168 (d) 176
57. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত 7 : 2; 5 বছর পরে তাদের বয়সের অনুপাত 8 : 3 হবে। পিতার বর্তমান বয়স:
(a) 28 বছর (b) 35 বছর (c) 42 বছর (d) 49 বছর
58. একটি ট্রেন ঘণ্টায় 30 কিলোমিটার বেগে হাওড়া থেকে বর্ধমান গিয়ে ঘণ্টায় 50 কিমি বেগে ফিরে এল। যাতায়াতে ট্রেনটির গড় গতিবেগ কত ছিল?
(a) 40 কিলোমিটার/ঘণ্টা (b) 42.5 কিলোমিটার/ঘণ্টা (c) 35 কিলোমিটার/ঘণ্টা (d) 37.5 কিলোমিটার/ঘণ্টা
59. কোনও একটি ক্লাসের 30 জন ছাত্রের গড় বয়স 15 বছর। ওই ক্লাস থেকে 17 বছরের একজন বালক চলে যায় এবং তার বদলে একজন বালিকা ভরতি হওয়ায় তাদের বয়সের গড় দাঁড়ায় 14.9 বছর। বালিকার বয়স:
(a) 14 বছর (b) 14.5 বছর (c) 15.5 বছর (d) 16 বছর
60. কোনও বিদ্যালয়ের ছাত্রদের 16, 20, 24 ও 36টি সারিতে সাজানো যায়, আবার তাদের বর্গাকারেও সাজানো যায়। ওই বিদ্যালয়ের সর্বনিম্ন ছাত্রসংখ্যা:
(a) 1600 (b) 2500 (c) 3600 (d) 4900
61. একটি বাক্সে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সার মুদ্রা মিলিয়ে মোট 150 টাকা ছিল। ওই মুদ্রাগুলির সংখ্যার অনুপাত 3 : 4 : 5 হলে, 25 পয়সার মুদ্রার সংখ্যা:
(a) 72 (b) 80 (c) 96 (d) 120
62. 18 টাকা লিটার দরে 40 লিটার দুধের সঙ্গে জল মিশিয়ে 16 টাকা লিটার দরে বিক্রয় করলে কোনও লাভ বা ক্ষতি হয় না। মিশ্রিত জলের পরিমাণ (লিটারে):
(a) 6 (b) 5 (c) 4 (d) 2

*এরপর তেরোর পাতায়*

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

## রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

63. একজন দোকানদার কিলোগ্রাম প্রতি 100 টাকা দরের 10 কিলোগ্রাম ডালের সঙ্গে কিলোগ্রাম প্রতি 80 টাকা দরের 20 কিলোগ্রাম ডাল মিশিয়ে বিক্রি করে মোটের ওপর 400 টাকা লাভ করেন। প্রতি কিলোগ্রাম ডালের বিক্রয়মূল্য:
(a) 110 টাকা (b) 105 টাকা (c) 100 টাকা (d) 95 টাকা

64. দু'টি পাত্রে অ্যালকোহল ও জলের অনুপাত যথাক্রমে 3 : 1 এবং 5 : 3; পাত্র দু'টির মিশ্রণ কী অনুপাতে মেশালে নতুন মিশ্রণে অ্যালকোহল ও জলের অনুপাত 2 : 1 হবে?
(a) 3 : 5 (b) 1 : 3 (c) 1 : 2 (d) 2 : 3

65. একটি যৌথ ব্যবসায়ে রাম, রহিম ও ডেভিড যথাক্রমে 5,200 টাকা, 6,500 টাকা এবং 9,100 টাকা এই শর্তে নিয়োগ করে যে, মোট লাভের $\frac{2}{3}$ অংশ একটি দাতব্য প্রতিষ্ঠানকে দান করে লাভের বাকি অংশ মূলধনের অনুপাতে ভাগ করে নেবে। বৎসরান্তে মোট লাভ 14,400 টাকা হলে, ডেভিডের লভ্যাংশ:
(a) 2,100 টাকা (b) 1,500 টাকা (c) 2,000 টাকা (d) 1,600 টাকা

66. নাগমা 1,200 টাকা মূলধন-সহ একটি ছোট ব্যবসা আরম্ভ করে। কয়েকমাস পরে দীপা 1,600 টাকা মূলধন নিয়ে ওই ব্যবসায় যুক্ত হয়। দীপা ব্যবসায়ে যুক্ত হওয়ার 9 মাস পর উভয়েই সমপরিমাণ টাকা লভ্যাংশ হিসেবে পেয়ে থাকলে নাগমার মূলধন কত সময়ের জন্য ব্যবসায় নিযুক্ত ছিল?
(a) 10 মাস (b) 12 মাস (c) 15 মাস (d) 14 মাস

67. চিনির দাম 25% বৃদ্ধি পেয়েছে। কোনও পরিবারে চিনির খরচ অপরিবর্তিত রাখতে হলে, চিনি ব্যবহারের পরিমাণ শতকরা কত হ্রাস করতে হবে?
(a) 25% (b) 22.5% (c) 20% (d) 27.5%

68. কোনও পরীক্ষায় মোট পরীক্ষার্থীর 45% ইংরেজিতে, 40% বাংলায় এবং 30% উভয় বিষয়ে কৃতকার্য হয়েছে। যদি 90 জন পরীক্ষার্থী দু'টি বিষয়েই অকৃতকার্য হয়ে থাকে, তবে মোট পরীক্ষার্থীর সংখ্যা:
(a) 300 (b) 270 (c) 240 (d) 200

69. এক ব্যক্তি ব্যাঙ্ক থেকে 10% সরল সুদে 1,200 টাকা ধার নিয়ে দ্বিতীয় বছরের শেষে ব্যাঙ্কে 600 টাকা পরিশোধ করলেন। পঞ্চম বছরের শেষে ব্যাঙ্কের ঋণ সম্পূর্ণ মিটিয়ে দেওয়ার জন্য তাঁর দেয় টাকার পরিমাণ:
(a) 980 টাকা (b) 1,020 টাকা (c) 1,260 টাকা (d) 1,300 টাকা

70. ব্যাঙ্কে বার্ষিক সরল সুদের হার 6% থেকে কমে $5\frac{1}{2}$% হওয়ায় একজন বিনিয়োগকারীর বার্ষিক সুদ 180 টাকা কমে গেল। তাঁর বিনিয়োগের পরিমাণ:
(a) 12,000 টাকা (b) 24,000 টাকা (c) 36,000 টাকা (d) 48,000 টাকা

71. 5 টাকায় 6টি আম ক্রয় করে 6 টাকায় 5টি করে আম বিক্রয় করলে লাভের শতকরা হার:
(a) 25% (b) 30% (c) 35% (d) 44%

72. এক ব্যক্তি দু'টি সাইকেল বিক্রয় করল। প্রত্যেকটি 3,910 টাকায় বিক্রয় করায় একটিতে 15% লাভ এবং অপরটিতে 15% ক্ষতি হল। তার মোট লাভ/ক্ষতির পরিমাণ:
(a) লাভ 140 টাকা (b) লাভ 160 টাকা (c) ক্ষতি 180 টাকা (d) ক্ষতি 200 টাকা

73. একজন অসাধু ব্যবসায়ী ক্রয়ের এবং বিক্রয়ের সময় উৎপাদনকারী ও খরিদ্দার উভয়কে 10% করে ঠকালে ব্যবসায়ীর মোট লাভের শতকরা হার:
(a) 12% (b) 15% (c) 18% (d) 21%

74. কতিপয় শ্রমিক একটি কাজ 160 দিনে করতে পারে। 18 জন অতিরিক্ত শ্রমিক নিয়োগ করলে কাজটি করতে 20 দিন সময় কম লাগে। প্রথমে নিযুক্ত শ্রমিকের সংখ্যা:
(a) 126 (b) 124 (c) 134 (d) 136

75. এক ব্যক্তি একটি কাজ 40 দিনে শেষ করতে চুক্তিবদ্ধ। প্রথমে 100 জন শ্রমিক এবং 35 দিন পরে আরও 100 জন শ্রমিক নিয়োগ করে কাজটি যথাসময়ে শেষ করলেন। অতিরিক্ত শ্রমিক নিয়োগ না করলে নির্দিষ্ট দিনের কতদিন পর কাজটি শেষ হত?
(a) 3 দিন (b) 4 দিন (c) 5 দিন (d) 6 দিন

76. একটি ব্যারাকে 400 জন সৈন্যের 31 দিনের খাদ্য মজুত আছে। 28 দিন পরে 280 জন সৈন্য ব্যারাক ছেড়ে চলে গেলে অবশিষ্ট খাদ্যে বাকি সৈন্যদের কতদিন চলবে?
(a) 15 দিন (b) 14 দিন (c) 12 দিন (d) 10 দিন

77. 250 মিটার লম্বা একটি ট্রেন 150 মিটার দৈর্ঘ্যের একটি প্ল্যাটফর্মকে 40 সেকেন্ডে সম্পূর্ণ অতিক্রম করে। কিলোমিটার/ঘণ্টা এককে ট্রেনের গতিবেগ:
(a) 60 (b) 54 (c) 40 (d) 36

78. ঘণ্টায় 60 কিলোমিটার বেগে ধাবমান 100 মিটার দীর্ঘ একটি ট্রেন লাইনের পাশে দণ্ডায়মান একটি বৈদ্যুতিক স্তম্ভকে কত সেকেন্ডে সম্পূর্ণ অতিক্রম করবে?
(a) 4 (b) 5 (c) 6 (d) 8

79. একটি পূর্ণ জলাধারের নীচে হঠাৎ একটি ছিদ্র হওয়ায় 10 মিনিটে কিছু জল বেরিয়ে গেল। তারপর ছিদ্রটি বন্ধ করে 4 মিনিটে জলাধারটি পূর্ণ করা হল। কেবলমাত্র ভরতি করার নল দ্বারা খালি জলাধারটি 28 মিনিটে ভরতি হলে, ছিদ্র দ্বারা না পড়লে কত সময়ে পূর্ণ জলাধারটি খালি হয়ে যেত?
(a) 55 মিনিটে (b) 60 মিনিটে (c) 65 মিনিটে (d) 70 মিনিটে

80. একটি বৃত্তের ব্যাস AB এবং C পরিধির ওপর একটি বিন্দু। AC জ্যা-এর দৈর্ঘ্য 6 সেন্টিমিটার এবং বৃত্তের ব্যাসার্ধ 5 সেন্টিমিটার হলে, BC জ্যা-এর দৈর্ঘ্য:
(a) 4 সেন্টিমিটার (b) 5 সেন্টিমিটার (c) 6 সেন্টিমিটার (d) 8 সেন্টিমিটার

81. ঘণ্টায় 2.5 কিলোমিটার বেগে দৌড়ে 6 মিনিটে একটি আয়তাকার মাঠের একধার এবং 48 মিনিটে চারধার অতিক্রম করা যায়। মাঠের ক্ষেত্রফল:
(a) 18750 বর্গমিটার (b)18500 বর্গমিটার (c) 18250 বর্গমিটার (d) 18000 বর্গমিটার

82. একটি গাড়ির সামনের ও পিছনের চাকার ব্যাসার্ধ যথাক্রমে 35 সেন্টিমিটার ও 28 সেন্টিমিটার, সামনের চাকা 400 বার ঘুরে যে পথ অতিক্রম করে, সেই পথ অতিক্রম করতে পিছনের চাকাকে কতবার আবর্তন করতে হবে?
(a) 600 (b) 550 (c) 500 (d) 450

83. একটি পরীক্ষায় নবম শ্রেণির অঙ্কে 60 জন ছাত্রীর গড় নম্বর 55 এবং ছাত্রদের গড় নম্বর 45; শ্রেণিতে মোট ছাত্রছাত্রীর সংখ্যা 100 হলে, সব ছাত্রছাত্রীর অঙ্কের গড় নম্বর কত?
(a) 51 (b) 52 (c) 48 (d) 50

84. 50টি বলের গড় ওজন 200 গ্রাম। ব্যাগের ওজন অন্তর্ভুক্ত হলে গড় ওজন 2 গ্রাম বৃদ্ধি হয়। ব্যাগের ওজন কত?
(a) 202 গ্রাম (b) 242 গ্রাম (c) 282 গ্রাম (d) 302 গ্রাম

85. তারকাচিহ্নিত স্থানে যে অঙ্ক বসালে 283*12 সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য হবে, তা হল:
(a) 3 (b) 5 (c) 7 (d) 9

86. (9995)-এর বর্গের মান:
(a) 9990025 (b) 9980025 (c) 99900025 (d) 9980025

87. 500 অপেক্ষা ছোট কোন বৃহত্তম সংখ্যা 6, 16 এবং 20 দ্বারা বিভাজ্য হবে?
(a) 480 (b) 460 (c) 440 (d) 420

88. দু'টি সংখ্যার গ.সা.গু. 44 এবং ল.সা.গু. 264; প্রথম সংখ্যাকে 2 দ্বারা ভাগ করলে 44 ভাগফল পাওয়া যায়। দ্বিতীয় সংখ্যাটি হবে:
(a) 128 (b) 132 (c) 64 (d) 96

89. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 82, 104 এবং 148-কে ভাগ করলে একই ভাগশেষ থাকে?
(a) 33 (b) 44 (c) 32 (d) 22

90. 120 কিলোগ্রাম দরে ভালো ডালের সঙ্গে 70 টাকা কিলোগ্রাম দরের নিম্নমানের ডাল কী অনুপাতে মিশিয়ে বিক্রয় করলে প্রতি কিলোগ্রাম ভেজাল ডালের দাম 85 টাকা হবে?
(a) 2 : 5 (b) 3 : 7 (c) 4 : 9 (d) 5 : 11

91. একটি রাস্তা সময়মতো মেরামত করতে 240 জন শ্রমিক নিয়োগ করা হল, 14 দিন পর মোট রাস্তার $\frac{2}{7}$ অংশ মেরামত হলে, আর 24 দিনের মধ্যে কাজ শেষ করতে অতিরিক্ত শ্রমিকের সংখ্যা:
(a) 90 (b) 100 (c) 110 (d) 120

92. 12 জন পুরুষ ও 8 জন মহিলা কোনও কাজ 9 দিনে করতে পারেন। যদি 1 জন পুরুষ শ্রমিকের কাজ 1 জন মহিলা শ্রমিকের কাজের দ্বিগুণ হয়, তবে 8 জন পুরুষ ও 8 জন মহিলার কাজটি শেষ করতে কত দিন লাগবে?
(a) 10 (b) 12 (c) 14 (d) 15

93. বাসের ভাড়া 25% বৃদ্ধি হওয়ায় যাত্রীসংখ্যা 25% কমে গেল। বাসের আয়ের শতকরা হ্রাস/বৃদ্ধি:
(a) $6\frac{1}{4}$ % বৃদ্ধি (b) $6\frac{1}{4}$ % হ্রাস (c) 4% বৃদ্ধি (d) 4% হ্রাস

94. বিক্রয়মূল্যের ওপর 20% লাভ হলে, ক্রয়মূল্যের ওপর শতকরা লাভ হবে:
(a) $22\frac{1}{2}$ % b) $27\frac{1}{2}$ % (c) 25% (d) 30%

95. ধার্যমূল্যের ওপর 25% কমিশন দিয়ে একজন বিক্রেতা 20% লাভ করেন। একটি সামগ্রী বিক্রয় করে 9 টাকা লাভ হলে, সামগ্রীর ধার্যমূল্য:
(a) 84 টাকা (b) 72 টাকা (c) 80 টাকা (d) 92 টাকা

96. 36 কিমি/ঘণ্টা বেগে ধাবমান একটি ট্রেনের 250 মিটার দীর্ঘ একটি প্ল্যাটফর্মকে সম্পূর্ণ অতিক্রম করতে 40 সেকেন্ড সময় লাগে। ট্রেনের দৈর্ঘ্য কত মিটার?
(a) 100 (b) 120 (c) 140 (d) 150

97. একটি আগমন নল A দ্বারা একটি চৌবাচ্চা 30 মিনিটে ভর্তি হয় এবং দু'টি নল A ও B দ্বারা 1 ঘণ্টা 30 মিনিটে ভর্তি হয়। কেবলমাত্র B নলদ্বারা জলভর্তি চৌবাচ্চা যে সময়ে খালি হবে তা হল:
(a) 40 মিনিট (b) 45 মিনিট (c) 50 মিনিট (d) 55 মিনিট

98. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 55 বছর। 16 বছর পরে পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হবে। পিতার বর্তমান বয়স:
(a) 42 (b) 36 (c) 44 (d) 48

99. কিছু পরিমাণ টাকা সরল সুদে 3 বছরের জন্য বিনিয়োগ করা হল। 2% অধিক হারে বিনিয়োগ করলে 600 টাকা অধিক সুদ পাওয়া যেত। মোট বিনিয়োগের পরিমাণ:
(a) 8,000 টাকা (b) 9,000 টাকা (c) 10,000 টাকা (d) 12,000 টাকা

100. এক ব্যক্তি প্রথম 3 ঘণ্টা 40 কিমি/ঘণ্টা বেগে এবং শেষ 4.5 ঘণ্টা 60 কিমি/ঘণ্টা বেগে গাড়ি চালিয়ে যাওয়ার পর দেখলেন তিনি মোট দূরত্বের 3/5 অংশ অতিক্রম করেছেন। মোট দূরত্ব:
(a) 500 কিমি (b) 550 কিমি (c) 600 কিমি (d) 650 কিমি

### উত্তর

1(c), 2(a), 3(d), 4(c), 5(b), 6(b), 7(b), 8(d), 9(d), 10(c), 11(d), 12(c), 13(d), 14(d), 15(d), 16(b), 17(b), 18(b), 19(a), 20(b), 21(b), 22(c), 23(b), 24(c), 25(d), 26(b), 27(a), 28(c), 29(b), 30(d), 31(b), 32(b), 33(d), 34(b), 35(d), 36(b), 37(a), 38(c), 39(d), 40(b), 41(c), 42(a), 43(d), 44(b), 45(c), 46(b), 47(a), 48(c), 49(c), 50(a), 51(c), 52(c), 53(b), 54(d), 55(a), 56(c), 57(b), 58(d), 59(a), 60(c), 61(d), 62(b), 63(c), 64(c), 65(a), 66(b), 67(c), 68(d), 69(b), 70(c), 71(d), 72(c), 73(d), 74(a), 75(c), 76(d), 77(d), 78(c), 79(d), 80(d), 81(a), 82(c), 83(a), 84(d), 85(c), 86(c), 87(a), 88(b), 89(d), 90(b), 91(c), 92(b), 93(b), 94(c), 95(b), 96(d), 97(b), 98(a), 99(c), 100(d).

### সমাধান

51(c): প্রতি দু'দিনে ফড়িংটি $\frac{1}{4} - \frac{1}{8} = \frac{1}{8}$ মিটার ওঠে
প্রথম 14 দিনে $14 \times \frac{1}{8} = \frac{7}{4}$ মিটার ওঠে
15-তম দিনে $\frac{1}{4}$ মিটার উঠলে, মোট ওঠার দূরত্ব = $\frac{7}{4} + \frac{1}{4} = 2$ মিটার
[ 2 মিটার উঠে গেলে আর নামার প্রশ্ন থাকে না।]

52(c): বর্তমান বয়সের সমষ্টি = $42 - 2 \times 3 = 36$ বছর
তরুণ + তপন = 1 + 2 = 3 গুণ, $3 \to 36$, $1 \to 12$
তপন $\to 2 \times 12 = 24$, 4 বছর পূর্বে তপন = 24 − 4 = 20 বছর।

53(b): নির্ণেয় সংখ্যা = 56 × ভাগফল + 29 = (8 × 7) ভাগফল → 8 × 3 + 5
8 দ্বারা ভাগ করলে ভাগশেষ = 5.

54(d): 6, 8 এবং 10 -এর ল.সা.গু. = 120
120-কে 13 দ্বারা ভাগ করলে ভাগশেষ = 3
$3 \times 4 + 1 = 13$, নির্ণেয় সংখ্যা = $120 \times 4 + 1 = 481$.

55(a): 36 − 32 = 48 − 44 = 56 − 52 = 4
নির্ণেয় সংখ্যা = (36, 48, 56-র ল.সা.গু.) − 4 = 1008 − 4 = 1004.

56(c): সংখ্যার অনুপাত = $(13 \times 1) : (11 \times 2) : (7 \times 4) = 13 : 22 : 28$
50 পয়সা মুদ্রার সংখ্যা = $\left(\frac{22}{13+22+28}\right) \times 378 = \frac{22}{63} \times 378$
$= 22 \times 6 = 132$.

57(b): বর্তমান, 7 : 2 = x : y = পিতা : পুত্র
t = 5 বছর পর, 8 : 3 = a : b = পিতা : পুত্র
পিতার বর্তমান বয়স = $x \times \frac{t(a-b)}{bx - ay} = 7 \times \frac{5 \times 5}{21-16} = 35$ বছর।

58(d): গড় বেগ = $\frac{2 \times \text{বেগদ্বয়ের গুণফল}}{\text{বেগদ্বয়ের সমষ্টি}}$
$= \frac{2 \times 30 \times 50}{30+50} = \frac{4 \times 15 \times 2 \times 25}{8 \times 10} = \frac{25 \times 15}{10} = 37.5$ কিলোমিটার/ঘণ্টা।

59(a): নতুন ছাত্রীর বয়স = ছেড়ে যাওয়া ছাত্রের বয়স − 30 জন ছাত্রের মোট গড় বয়সের হ্রাস = 17 − 30 (15 − 14.9) = 17 − 30 × 0.1 = 14 বছর।

60(c): 16, 20, 24 ও 36 দ্বারা বিভাজ্য লঘিষ্ঠ সংখ্যা
= (16, 20, 24, 36)-এর ল.সা.গু. = $2 \times 2 \times 2 \times 3 \times 2 \times 5 \times 3 = (2^2 \times 2^2 \times 3^2) \times 5$ —এটি পূর্ণবর্গ সংখ্যা নয়। একে 5 দ্বারা গুণ করলে পূর্ণবর্গ সংখ্যা হয়
নির্ণেয় সংখ্যা = $(4 \times 4 \times 9) \times (5 \times 5) = 144 \times 25 = 3600$.

61(d): সংখ্যার অনুপাত = 3 : 4 : 5
মূল্যের অনুপাত = $(3 \times 1) : (4 \times \frac{1}{2}) : (5 \times \frac{1}{4})$ [ টাকার এককে ]
= 12 : 8 : 5
25 পয়সা মুদ্রার মূল্য = $\left(\frac{5}{12+8+5}\right) \times 150 = 30$ টাকা।
সংখ্যা = $30 \times 4 = 120$.

62(b): জলের পরিমাণ = মোট দুধ × $\frac{\text{দুধের দাম − ভেজাল দুধের দাম}}{\text{ভেজাল দুধের দাম}}$
$= 40 \times \frac{18-16}{16} = 5$ লিটার।

63(c): ডালের মোট ক্রয়মূল্য = $100 \times 10 + 80 \times 20 = 2{,}600$ টাকা
বিক্রয়মূল্য = 2,600 + 400 = 3,000 টাকা
মোট ডালের পরিমাণ = 10 + 20 = 30 কিলোগ্রাম
প্রতি কিলোগ্রাম ডালের বিক্রয়মূল্য = $\frac{3{,}000}{30} = 100$ টাকা।

64(c): প্রথম, দ্বিতীয় ও অন্তিম মিশ্রণে অ্যালকোহল = $\frac{3}{4}, \frac{5}{8}$ এবং $\frac{2}{3}$ অংশ।
অ্যালকোহলের ওপর বিমিশ্র প্রক্রিয়া:




প্রথম মিশ্রণ : দ্বিতীয় মিশ্রণ = $\frac{1}{24} : \frac{1}{12} = 1 : 2$.

65(a): মোট লাভের $\frac{1}{3}$ অংশ = $14{,}400 \times \frac{1}{3} = 4{,}800$ টাকা, যা মূলধনের অনুপাতে ভাগ হবে।
মূলধনের অনুপাত (রাম : রহিম : ডেভিড) = 52 : 65 : 91 = 4 : 5 : 7
ডেভিডের লভ্যাংশ = $\left(\frac{7}{4+5+7}\right) \times 4{,}800 = 2{,}100$ টাকা।

66(b): দীপার মূলধন × সময় = নাগমার মূলধন × সময়
$1{,}600 \times 9 = 1{,}200 \times t$
t = নাগমার সময়, $t = \frac{1{,}600 \times 9}{1{,}200} = \frac{16 \times 9}{12} = 12$ মাস।

67(c): চিনি ব্যবহারের শতকরা হ্রাস = $\left(\frac{25}{100+25}\right) \times 100\% = 20\%$.

68(d): শুধু ইংরেজিতে কৃতকার্য = 45 − 30 = 15%
শুধু বাংলায় = 40 − 30 = 10%
অন্তত একটি বিষয়ে = 15 + 10 + 30 = 55%
উভয় বিষয়ে অকৃতকার্য = 100 − 55 = 45%

*এরপর চোদ্দোর পাতায়*

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*তেরোর পাতার পর*

$45\% \rightarrow 90,\ 100\% = \frac{90}{45} \times 100 = 200.$

69(b): 1,200 টাকা 2 বছর + 600 টাকা 3 বছরের ঋণ

মোট সুদ $= \frac{1,200 \times 10 \times 2}{100} + \frac{600 \times 10 \times 3}{100} = 240 + 180 = 420$ টাকা

আসল + সুদ = 1200 + 420 = 1,620 টাকা

5 বছরের শেষে দেয় = 1,620 – 600 = 1,020 টাকা।

70(c): $\left(6 - 5\frac{1}{2}\right) = \frac{1}{2}\%$ বার্ষিক সরল সুদের হারে সুদ = 180 টাকা

আসল $= \frac{100 \times \text{সুদ}}{\text{হার} \times \text{সময়}} = \frac{100 \times 180}{\frac{1}{2} \times 1} = 36,000$ টাকা $\left[I = \frac{Prt}{100}\right]$.

71(d): 1টি আমের ক্রয়মূল্য $= \frac{5}{6}$ টাকা এবং বিক্রয়মূল্য $= \frac{6}{5}$ টাকা

লাভ $= \frac{6}{5} - \frac{5}{6} = \frac{36 - 25}{30} = \frac{11}{30}$

লাভের শতকরা হার $= \frac{\text{লাভ}}{\text{ক্রয়মূল্য}} \times 100\% = \frac{11}{30} \times \frac{6}{5} \times 100 = 44\%.$

72(c): প্রথম সাইকেলের ক্রয়মূল্য $= \frac{100}{100 + \text{লাভের হার}} \times$ বিক্রয়মূল্য

$= \frac{100}{115} \times 3,910 = 3,400$ টাকা

দ্বিতীয় সাইকেলের ক্রয়মূল্য $= \frac{100}{100 - \text{ক্ষতির হার}} \times$ বিক্রয়মূল্য

$= \frac{100}{100 - 15} \times 3,910 = 4,600$ টাকা

মোট ক্রয়মূল্য = 3,400 + 4,600 = 8,000 টাকা

মোট বিক্রয়মূল্য = 3,910 × 2 = 7,820 টাকা

মোট ক্ষতি = 8,000 – 7,820 = 180 টাকা।

73(d): আসল = 100 টাকা

ক্রয়ের সময় 100 টাকায় 110 টাকার সামগ্রী পাওয়া যায়।

বিক্রয়ের সময় 100 টাকায় লাভ = 10 টাকা

110 টাকায় লাভ $= \frac{10}{100} \times 110 = 11$ টাকা

100 টাকার ওপর মোট লাভ = 10 + 11 = 21 টাকা।

শতকরা হার = 21%.

74(a): প্রথমে নিযুক্ত শ্রমিকের সংখ্যা

$= \frac{\text{অতিরিক্ত শ্রমিক} \times \text{দ্বিতীয়বারের সময়}}{\text{কম সময়}} = \frac{18 \times (160 - 20)}{20} = \frac{18 \times 140}{20}$

= 18 × 7 = 126 জন।

75(c): 200 জন শ্রমিক কাজের বাকি অংশ (40 – 35) = 5 দিনে শেষ করে।

100 শ্রমিক কাজের বাকি অংশ শেষ করে 10 দিনে।

প্রয়োজনীয় দিনের সংখ্যা = 10 – 5 = 5.

76(d): যদি কোনও সৈন্য ব্যারাক ত্যাগ না করে, তবে বাকি খাদ্যে (31 – 28) = 3 দিন চলবে।

যে 120 জন সৈন্য চলে গিয়েছেন, তাঁদের চলে যাওয়ার পর বাকিদের $\frac{400}{120} \times 3$ = 10 দিন চলবে।

77(d): ট্রেনটির 40 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব = ট্রেনের দৈর্ঘ্য + প্ল্যাটফর্মের দৈর্ঘ্য = 250 + 150 = 400 মিটার

বেগ $= \frac{\text{দূরত্ব}}{\text{সময়}} = \frac{400}{40} = 10$ মিটার/সেকেন্ড $= 10 \times \frac{18}{5} = 36$ কিলোমিটার/ঘণ্টা।

[1 মিটার/সেকেন্ড $= \frac{18}{5}$ কিলোমিটার/ঘণ্টা।

1 কিলোমিটার/ঘণ্টা $= \frac{5}{18}$ মিটার/সেকেন্ড]

78(c): 60 কিলোমিটার/ঘণ্টা $= 60 \times \frac{5}{18}$ মিটার/সেকেন্ড

অতিক্রান্ত দূরত্ব = ট্রেনের দৈর্ঘ্য = 100 মিটার

সময় $= \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} = \frac{100 \times 8}{60 \times 5} = 6$ সেকেন্ড।

79(d): 28 মিনিটে ভরতি হয় 1 অংশ

4 মিনিটে $\rightarrow \frac{1}{28} \times 4 = \frac{1}{7}$ অংশ, ছিদ্রদ্বারা $\frac{1}{7}$ অংশ জল বেরোয় 10 মিনিটে

1 অংশ → 10 × 7 = 70 মিনিটে।

80(d): অর্ধবৃত্তস্থ কোণ সমকোণ।

$\angle ACB = 90^\circ$

ABC সমকোণী ত্রিভুজ




ব্যাস AB = 10 সেন্টিমিটার

$AB^2 = AC^2 + BC^2$

$10^2 = 6^2 + BC^2$

$\Rightarrow BC^2 = 100 - 36 = 64 \Rightarrow BC = 8$ সেন্টিমিটার।

81(a): একধারের দৈর্ঘ্য $= \frac{2.5 \times 1000}{60} \times 6 = 250$ মিটার

পরিসীমা = 250 × 8 = 2000 মিটার

অপর বাহু $= \frac{1}{2}$ (পরিসীমা – 2 × একটি বাহু) $= \frac{1}{2}$ (2000 – 2 × 250) = 750 মিটার

ক্ষেত্রফল = 250 × 750 = 18,750 বর্গমিটার।

82(c): সামনের চাকার 400 বার আবর্তনে অতিক্রান্ত দূরত্ব $= 2\pi \times 35 \times 400$

পিছনের চাকার x বার আবর্তনে অতিক্রান্ত দূরত্ব $= 2\pi \times 28 \times x$

শর্তানুসারে, $2\pi \times 28 \times x = 2\pi \times 35 \times 400 \Rightarrow x = \frac{35 \times 400}{28} = 500.$

83(a): ছাত্রের সংখ্যা = 100 – 60 = 40

শ্রেণির গড় নম্বর $= \frac{(\text{ছাত্রী} \times \text{তাদের গড়}) + (\text{ছাত্র} \times \text{তাদের গড়})}{\text{মোট ছাত্রছাত্রী}}$

$= \frac{60 \times 55 + 40 \times 45}{100} = \frac{3300 + 1800}{100} = 33 + 18 = 51.$

84(d): ব্যাগের ওজন = আগের গড় + (গড়ের বৃদ্ধি) × (বস্তুর সংখ্যা) = 200 + 2 × (50 + 1) = 200 + 102 = 302 গ্রাম।

85(c): $S_1$ = অযুগ্ম স্থানের অঙ্কগুলির সমষ্টি = 2 + * + 8 = 10 + *

$S_2$ = যুগ্ম স্থানের অঙ্কগুলির সমষ্টি = 1 + 3 + 2 = 6

$S_1 - S_2 = 0$ বা, 11-র গুণিতক হবে

$S_1 - S_2 = (10 + *) - 6 \Rightarrow * =$ ঋণাত্মক, অসম্ভব

$S_1 - S_2 = 11 \Rightarrow 4 + * = 11 \Rightarrow * = 7.$

86(c): $(\overline{9995})^2 = 999 \times (999 + 1)/5^2$

$= \frac{999 \times 1000}{25} = \frac{999000}{25} = 99900025.$

87(a): (6, 16, 20)-এর ল.সা.গু. = 240 যা 6, 16, 20 দ্বারা বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যা। এর যে-কোনও গুণিতক (500 অপেক্ষা কম) হবে

নির্ণেয় সংখ্যা = 2 × 240 = 480.

88(b): প্রথম সংখ্যা = 2 × 44

দ্বিতীয় সংখ্যা $= \frac{\text{গ.সা.গু.} \times \text{ল.সা.গু.}}{\text{প্রথম সংখ্যা}} = \frac{44 \times 264}{2 \times 44} = 132.$

89(d): নির্ণেয় বৃহত্তম সংখ্যা = (104 – 82), (148 – 104), (148 – 82) = 22, 44, 66-এর গ.সা.গু. = 22 [ সমান ভাগশেষের জন্য পদ্ধতিটি প্রযোজ্য।]

90(b): নির্ণেয় অনুপাত (85 – 70) : (120 – 85) = 15 : 35 = 3 : 7

[সূত্র: প্রথম দ্রব্যের মূল্য বেশি হলে, অনুপাত

= (মধ্যমূল্য – দ্বিতীয় মূল্য) : (প্রথম মূল্য – মধ্যমূল্য)]

91(c): বাকি কাজ $= 1 - \frac{2}{7} = \frac{5}{7}$

$M_1 = 240,\ D_1 = 14,\ W_1 = \frac{2}{7};\ M_2 = ?,\ D_2 = 24,\ W_2 = \frac{5}{7}$

$M_1D_1W_2 = M_2D_2W_1 \Rightarrow 240 \times 14 \times \frac{5}{7} = M_2 \times 24 \times \frac{2}{7}$

$M_2 = \frac{240 \times 14 \times 5}{24 \times 2} = 350$

অতিরিক্ত শ্রমিকের সংখ্যা = 350 – 240 = 110.

92(b): 12 পুরুষ + 8 মহিলা $= 12 + \frac{1}{2} \times 8 = 16$ পুরুষ

8 পুরুষ + 8 মহিলা $= 8 + \frac{1}{2} \times 8 = 12$ পুরুষ

সমস্যা: 16 পুরুষ 9 দিনে হলে, 12 পুরুষ $= \frac{16 \times 9}{12} = 12$ দিন।

93(b): আয়ের পরিবর্তন $= \left(25 - 25 - \frac{25 \times 25}{100}\right)\% = -\frac{25}{4}\% = -6\frac{1}{4}\%$

ঋণাত্মক চিহ্ন ক্ষতি প্রকাশ করে।

94(c): বিক্রয়মূল্য = 100 হলে, ক্রয়মূল্য = 100 – 20 = 80 টাকা।

প্রকৃত লাভের শতকরা হার $= \frac{\text{বিক্রয়মূল্য} - \text{ক্রয়মূল্য}}{\text{ক্রয়মূল্য}} \times 100$

$= \frac{100 - 80}{80} \times 100 = \frac{20}{80} \times 100 = 25\%.$

95(b): ধার্যমূল্য = 100, বিক্রয়মূল্য = 100 – 25 = 75

ক্রয়মূল্য $= \frac{100}{100 + 20} \times 75 = \frac{5}{6} \times 75 = \frac{125}{2}$

লাভ $= 75 - \frac{125}{2} = \frac{25}{2}$, লাভ $= \frac{25}{2} \rightarrow$ ধার্যমূল্য = 100

লাভ = 9 → ধার্যমূল্য $= 100 \times \frac{2}{25} \times 9 = 72$ টাকা।

96(d): 36 কিমি/ঘণ্টা $= 36 \times \frac{5}{18} = 10$ মিটার/সেকেন্ড

ট্রেনের দৈর্ঘ্য = x, মোট অতিক্রান্ত দূরত্ব (x + 250) = 10 × 40 ⇒ x = 150 মিটার।

97(b): প্রতি মিনিটে B নলদ্বারা চৌবাচ্চার যে অংশ খালি হয় $= \frac{1}{30} - \frac{1}{90} = \frac{2}{90} = \frac{1}{45}$ অংশ

$\frac{1}{45}$ অংশ → 1 মিনিটে, 1 অংশ → 45 মিনিটে।

98(a): 16 বছর পর বয়সের সমষ্টি = 55 + 2 × 16 = 87 বছর।

তখন পিতার বয়স $= \frac{2}{1 + 2} \times 87 = \frac{2}{3} \times 87 = 58$

বর্তমান বয়স = 58 – 16 = 42 বছর।

99(c): বিনিয়োগ $= \frac{\text{অধিক সুদ} \times 100}{\text{সময়} \times \text{অতিরিক্ত সুদের হার}} = \frac{600 \times 100}{3 \times 2} = 10,000$ টাকা।

100(d): দূরত্বের $\frac{3}{5}$ অংশ = 3 × 40 + 4.5 × 60 = 120 + 270 = 390 কিমি

মোট দূরত্ব $= 390 \times \frac{5}{3} = 650$ কিমি।

*প্রস্তুত করেছেন: ডঃ শক্তিপদ নন্দ ও পলাশ কান্তি মণ্ডল*

# একনজরে বিজ্ঞানের প্রশ্নোত্তর

| যন্ত্র | শক্তি রূপান্তর |
|---|---|
| ব্যাটারি চার্জার | বিদ্যুৎ থেকে রাসায়নিক শক্তি |
| ব্যাটারি | রাসায়নিক থেকে বিদ্যুৎশক্তি |
| ওয়াশিং মেশিন | বিদ্যুৎ থেকে যান্ত্রিক |
| ডায়নামো | যান্ত্রিক থেকে বিদ্যুৎ |

- হার্ট অ্যাটাক হলে— ঘাম হবে, শ্বাস-প্রশ্বাসের কষ্ট হবে, হাতে ব্যথা হবে কিন্তু পায়ে হবে না।
- এস্কিমোরা বরফের ঘরে বাস করে কারণ— বরফ তাপের কুপরিবাহী।
- এল পি জি গ্যাসের সিলিন্ডার লিক হলে বোঝা যায় ইথাইল মারক্যাপটান গ্যাসের গন্ধ।
- গরমকালে জল ঠান্ডা রাখতে ব্যবহৃত হয়— নতুন মাটির কলসি।
- বাতাসে কার্বন ডাই-অক্সাইড বৃদ্ধি পেলে মেরু প্রদেশের বরফ গলে যাওয়ার কারণ— গ্লোবাল ওয়ার্মিং।
- ফিউজ তারের বৈশিষ্ট্য— নিম্ন গলনাঙ্ক ও উচ্চ রোধাঙ্ক।
- কোষকে দেহের গঠনগত ও কার্যগত একক বলা হয় কারণ— সমস্ত জীবের ক্ষুদ্রতম অংশ কোষ স্বাধীনভাবে ক্রিয়াশীল।
- ক্লোরোফ্লুরো কার্বন নির্গত হয়— শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র থেকে যা বায়ুমণ্ডলের ওজোনস্তর ধ্বংস করে।
- খরজলে কাপড় ভালো পরিষ্কার হয় কারণ— সাবান কিছুটা ক্ষয় হয়ে জলের খরতা দ্রবীভূত হয়।
- বায়ু মণ্ডলের ওজোনস্তর ক্ষয়, জীবদেহের ক্যানসারের জন্য দায়ী।
- কোষের ক্রোমোজমগুলির পর্যবেক্ষণ করার সবচেয়ে ভালো সময়— মেটাফেজ দশায়।
- খাদ্যদ্রব্য কেটে বেশি সময় জলে ভিজিয়ে রাখতে নেই কারণ— ভিটামিন বি ও সি ক্ষয় হয়।
- মাইটোকনড্রিয়াকে কোষের শক্তিঘর বলার কারণ— এখানে এ টি পি জারিত হয়ে শক্তির মুক্তি ঘটে (৩৮ অণু)।
- দুধের উৎপাদন বৃদ্ধি করতে ব্যবহৃত হয়— অক্সিটোসিন হরমোন (LTH)।
- কিছু ব্যাক্টেরিয়া নিজেদের খাদ্য নিজেরাই সংশ্লেষ করতে পারে কারণ তাদের দেহে ক্লোরোফিল থাকে।
- সালোকসংশ্লেষ ও চোখের কাজের মধ্যে মিল হল— উভয়ই দৃশ্যমান আলোকে ঘটে।
- তড়িৎ চুম্বক তৈরি করতে ব্যবহৃত সবচেয়ে উপযোগী ধাতু— কাঁচা লোহা।
- ওজোন গ্যাসের একটি ব্যবহার জলের জীবাণু মুক্ত করা।
- Higg-Boson কণাকে বলে— God's Particle, যা সৃষ্টির প্রথম কণা।
- যে তীব্রতার বেশি শব্দমাত্রা মানুষের অন্তঃকর্ণের ক্ষতি করতে পারে— 85 ডেসিবেলের বেশি।
- হাড় ভেঙে গেলে চারপাশে প্লাস্টার করা হয় কারণ— প্লাস্টার অব প্যারিস জলের সঙ্গে বিক্রিয়ায় কঠিন আবরণ তৈরি করতে পারে।
- শীতকালে ধাতুর পাত্র বেশি ঠান্ডা বোধ হওয়ার কারণ— ধাতু তাপের সুপরিবাহী।
- কাঁচা আলু আমরা হজম করতে পারি না— আলুর শ্বেতসারের অণুগুলি সেলুলোজ দ্বারা আবৃত থাকে।
- নিউক্লিয়ার ফিউশন নিউক্লিয়ার ফিশনের চেয়ে বেশি শক্তি উৎপাদক।
- সূর্যে ঘটে নিউক্লিয়ার ফিউশন যাতে হাইড্রোজেন থেকে হিলিয়াম তৈরি হয় ও শক্তির মুক্তি ঘটে।
- সাবান যে প্রক্রিয়ায় কাপড় থেকে ধূলিকণা ও তেল অপসারণ করতে পারে— জলের পৃষ্ঠটান বৃদ্ধি করে।
- পাহাড়ের উপর প্রেশারকুকার ছাড়া রান্না করা সম্ভব নয় কারণ— বাতাসের নিম্নচাপের কারণে জলের স্ফুটনাঙ্ক কমে যায় এবং খাদ্যদ্রব্য সিদ্ধ হতে দেরি হয়।
- রাত্রিবেলায় উদ্ভিদের প্রস্বেদন প্রক্রিয়া কম ঘটে কারণ— স্টোমাটা বা পত্ররন্ধ্রগুলি আলোর তীব্রতা দ্বারা নিয়ন্ত্রিত হয়।
- হঠাৎ করে উড়োজাহাজ উপর থেকে নীচে নামলে যাত্রীরা যে অসুবিধার সম্মুখীন হয়— নীচের দিকে বাতাসের চাপ বেশি বলে কানে ব্যথার অনুভূতি হয়।
- ইকোলোকেশন পদ্ধতির চলন ঘটে— বাদুড়ের।
- রক্তের pH মাত্রা হল— 7.5-8।
- দেশলাইয়ে ব্যবহৃত হয় লাল ফসফরাস কারণ— লাল ফসফরাস সাদা ফসফরাসের থেকে বিপজ্জনক।
- প্রকৃতিতে বেশির ভাগ বস্তুর মধ্যে কার্বন থাকে কারণ— কার্বনের আয়ন বিনিময় করে যৌগ তৈরির ক্ষমতা অদ্বিতীয়।
- বরফে লবণ মেশালে বরফের তাপমাত্রা কমে হয়— $-22^\circ$ সেলসিয়াস।
- বাতাসে কার্বন ডাইঅক্সাইডে কার্বন ও অক্সিজেনের অনুপাত— 3 : 8।
- আয়োডিনের অভাবে মিক্সিডিমা রোগ হতে পারে কারণ থাইরোক্সিন হরমোনের ক্ষরণ হ্রাস পায়।
- বৃক্ক যে পদ্ধতিতে ক্রিয়া করে— আল্ট্রাফিল্ট্রেশন।
- কলকাতা অপেক্ষা সিমলাতে টেনিস বল বেশি লাফাবে কারণ— উচ্চতার জন্য অভিকর্ষ বল এবং বাতাসের ঘনত্ব কমে যায়।
- সমুদ্র থেকে জাহাজ নদীতে প্রবেশ করলে জাহাজ কিছুটা ডুবে যাবে কারণ— লবণ হ্রাসের কারণে জলের ঘনত্ব কমে যায়।
- পৃথিবী অপেক্ষা চাঁদে বস্তুর মুক্তিবেগ কম কারণ— চাঁদের ব্যাসার্ধ পৃথিবী অপেক্ষা কম।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# এলাহাবাদ হাইকোর্টে ৩৪৯৫ ক্লার্ক, স্টেনোগ্রাফার, গ্রুপ 'ডি', ড্রাইভার

স্টেনোগ্রাফার, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, পেইড অ্যাপ্রেন্টিস, ড্রাইভার, টিউব ওয়েল অপারেটর-কাম-ইলেক্ট্রিশিয়ান, প্রসেস সার্ভার-সহ বিবিধ পদে ৩,৪৯৫ জন কর্মী নিয়োগ করবে এলাহাবাদ হাইকোর্ট। মনে রাখবেন, পশ্চিমবঙ্গের প্রার্থীরা জেনারেল ক্যাটেগরির প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। উত্তরপ্রদেশে বসবাসকারী প্রার্থীরাই শুধুমাত্র এক্ষেত্রে সংরক্ষণের যাবতীয় সুযোগ-সুবিধা পাবেন।

শূন্যপদের বিন্যাস: পোস্ট কোড ১: বিজ্ঞপ্তি নম্বর: 02/Sub. Court/ Stenographer/2018: **স্টেনোগ্রাফার গ্রেড থ্রি**: শূন্যপদ: ৪১২টি। **শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে স্টেনোগ্রাফিতে সার্টিফিকেট বা ডিপ্লোমা। পাশাপাশি, ডোয়েকের 'সি সি সি' সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক।

পোস্ট কোড ২: বিজ্ঞপ্তি নম্বর: 02/ Sub. Court/Category 'C'/Clerical Cadre/2018: (১) **জুনিয়র অ্যাসিস্ট্যান্ট**, (২) **পেইড অ্যাপ্রেন্টিস**: শূন্যপদ: ১,৮৮৪টি। **শিক্ষাগত যোগ্যতা**: উভয় পদের ক্ষেত্রেই উচ্চ মাধ্যমিক-সহ ডোয়েকের 'সি সি সি' সার্টিফিকেট থাকতে হবে। সেই সঙ্গে ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ বা হিন্দিতে মিনিটে ২৫টি শব্দ কম্পিউটারে টাইপ করার দক্ষতা থাকতে হবে।

পোস্ট কোড ৩: বিজ্ঞপ্তি নম্বর: 02/ Sub. Court/Drivers (Driver Category 'C'/Grade-IV)/2018: **ড্রাইভার গ্রেড-ফোর**: শূন্যপদ: ৪০টি। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক। সেই সঙ্গে ৩ বছরের পুরনো ড্রাইভিং লাইসেন্স (চার চাকা যান) থাকতে হবে।

পোস্ট কোড ৪: বিজ্ঞপ্তি নম্বর: 02/ Sub. Court/Group 'D'/2018: (১) **টিউব ওয়েল অপারেটর-কাম-ইলেক্ট্রিশিয়ান, (২) প্রসেস সার্ভার, (৩) অর্ডার্লি/পিওন/ অফিস পিওন/ফরাস, (৪) চৌকিদার/ওয়াটারম্যান/সুইপার/ মালি/কুলি/ভিস্তি/ লিফটম্যান, (৫) সুইপার-কাম-ফরাস**: শূন্যপদ: ১,৫৫৯টি। **শিক্ষাগত যোগ্যতা**: প্রসেস সার্ভারের ক্ষেত্রে মাধ্যমিক পাশ। সুইপার-কাম-ফরাস পদের ক্ষেত্রে ক্লাস সিক্স পাশ। বাকি পদগুলির ক্ষেত্রে ক্লাস এইট পাশ করে থাকতে হবে। শুধু টিউব ওয়েল অপারেটর-কাম-ইলেক্ট্রিশিয়ান পদের ক্ষেত্রে অতিরিক্ত আই টি আই থেকে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে।

**বয়স**: ১-৭-২০১৮ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম**: ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে পদ অনুযায়ী গ্রেড পে। সুইপার-কাম-ফরাস পদের ক্ষেত্রে বেতন নির্দিষ্ট মাসিক ৬,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.allahabadhighcourt.in অনলাইন দরখাস্ত করা যাবে ৬ থেকে ২৬ ডিসেম্বর পর্যন্ত। ফি বাবদ দিতে হবে পোস্ট কোড ১ ও ২-এর ক্ষেত্রে ৫০০ টাকা এবং পোস্ট কোড ৩ ও ৪-এর ক্ষেত্রে ৪০০ টাকা। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## হরিয়ানার ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজিতে চাকরি

*প্রথম পাতার পর*

Technology, Kurukshetra-136 119 (Haryana). শিক্ষাগত যোগ্যতা-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়-এর
Assignment Solve
Suggestive Note, প্রশ্নোত্তর বই সহ
ambition Institute plus
কলকাতা ঃ শিয়ালদহ অফিস
Call - 9232352393 / SMS - 9233121214
সারা দেশে Free Home Delivery
Download Syllabus & Question Sample
www.ambitioninstitute.org

## সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশনে অফিসার

*প্রথম পাতার পর*

লজিক্যাল রিজনিং (১৫ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (১৫ নম্বর)। সময়সীমা ২ ঘন্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.spmcil.com অনলাইন দরখাস্ত করা যাবে ৩ ডিসেম্বর থেকে ৩ জানুয়ারি পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই আপলোড করতে হবে। অনলাইনে ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে।

# রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে অডিওমেট্রিক অ্যাসিস্ট্যান্ট, অডিওলজিস্ট ও ইনস্ট্রাক্টর

অডিওমেট্রিক অ্যাসিস্ট্যান্ট, অডিওলজিস্ট এবং ইনস্ট্রাক্টর পদে ২৯ জনকে নিয়োগ করবে ওয়েস্ট বেঙ্গল স্টেট হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার সমিতি। রাজ্যের বিভিন্ন জেলায় চুক্তিতে নিয়োগ হবে ন্যাশনাল প্রোগ্রাম ফর প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল অব ডেফনেসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: SHFWS/2018/171.

**অডিওমেট্রিক অ্যাসিস্ট্যান্ট**: ১৩টি। শিক্ষাগত যোগ্যতা: রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে হিয়ারিং, ল্যাঙ্গুয়েজ অ্যান্ড স্পিচে ১ বছর মেয়াদের ডিপ্লোমা। **বয়স**: ১-৪-২০১৮ তারিখে ১৯ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**ইনস্ট্রাক্টর ফর দ্য ইয়ং হিয়ারিং ইম্পেয়ারড চিলড্রেন**: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: হিয়ারিং ইম্পেয়ারমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ ডি এড ইন স্পেশাল এডুকেশন। অথবা হিয়ারিং ইম্পেয়ারমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ আর্লি চাইল্ডহুড স্পেশাল এডুকেশনে ডিপ্লোমা অথবা হিয়ারিং ইম্পেয়ারমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ বি এড ইন স্পেশাল এডুকেশন। **বয়স**: ১-৪-২০১৮ তারিখে ১৯ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**অডিওলজিস্ট**: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথলজিতে স্নাতক অথবা স্পিচ অ্যান্ড হিয়ারিংয়ে বি এসসি। **বয়স**: ১-৪-২০১৮ তারিখে ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**বেতন**: অডিওমেট্রিক অ্যাসিস্ট্যান্ট ও ইনস্ট্রাক্টর পদের ক্ষেত্রে প্রতি মাসে ১৫,০০০ টাকা। অডিওলজিস্ট পদের ক্ষেত্রে ৩০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং সই আপলোড করতে হবে।

অনলাইন দরখাস্তের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন করা যাবে ১৫ ডিসেম্বর পর্যন্ত। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অফলাইনে ফি জমা দিতে চাইলে ই-চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। ই-চালানের মাধ্যমে নগদে ফি জমা দিতে হবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৮ ডিসেম্বর। অনলাইনে ফি জমা দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ২১ ডিসেম্বর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মণিপুরের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজিতে ৪০

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, টেকনিশিয়ান/ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, মাল্টি টাস্কিং স্টাফ-সহ বিভিন্ন পদে ৪০ জনকে নেবে মণিপুরের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NITM.1/(2c-Estt)/MP/R-N/ 2017/701.

শূন্যপদের বিন্যাস: **টেকনিশিয়ান/ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট/ ল্যাব ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট**: ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট**: ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **অ্যাটেন্ড্যান্ট/মাল্টি টাস্কিং স্টাফ**: ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **জুনিয়র অ্যাসিস্ট্যান্ট**: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

**বয়স**: অ্যাটেন্ড্যান্ট/মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। টেকনিশিয়ান/ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট/ল্যাব ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট ও জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৭ বছর এবং টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম**: অ্যাটেন্ড্যান্ট/মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮,০০০ টাকা। টেকনিশিয়ান/ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট/ল্যাব ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট এবং জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২১,৭০০ টাকা। টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৩৫,৪০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nitmanipur.ac.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৫ ডিসেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Registrar, National Institute of Technology Manipur, Langol, Imphal West –795004.

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ফল বেরোল

**পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড দ্বারা পরিচালিত মহিলা** কনস্টেবল পদে নিয়োগের ফাইনাল লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.policewb.gov.in

# মুর্শিদাবাদ কোর্টে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক ও গ্রুপ ডি

*প্রথম পাতার পর*

বা সমতুল। সঙ্গে কম্পিউটার ট্রেনিংয়ে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে। এর পাশাপাশি কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ২৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

**গ্রুপ ডি**: প্রোসেস সার্ভার/সামন বেইলিফ: ৬টি (সাধারণ ২, সাধারণ-ই সি ১, তফসিলি জাতি ১, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, ও বি সি-বি-ই সি ১)। পিওন/ফরাশ/ নাইট গার্ড: ৩০টি (সাধারণ ৭, সাধারণ-ই সি ৫, সাধারণ- দৈহিক প্রতিবন্ধী ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ২, সাধারণ-দক্ষ খেলোয়াড় ২, তফসিলি জাতি ৪, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-বি ২, ও বি সি-বি-ই সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: ক্লাস এইট পাশ। নাইট গার্ড পদের ক্ষেত্রে প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। বেতনক্রম: প্রোসেস সার্ভার ও সামন বেইলিফ পদের ক্ষেত্রে ৫,৪০০-২৫,২০০ টাকা, গ্রেড পে ২,৬০০ টাকা। অন্যান্য পদগুলির ক্ষেত্রে ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা।

**বয়স**: ১-১-২০১৮ তারিখে বাংলা স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩৭ বছর এবং অন্যান্য সবকটি পদের ক্ষেত্রে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে তিনটি পত্রে। পেপার-ওয়ানে (১০০ নম্বর) থাকবে রিপোর্ট ড্রাফটিং, ট্রান্সলেশন (ইংরেজি থেকে বাংলা), সারসংক্ষেপ ও ব্যাকরণ-সংক্রান্ত প্রশ্ন। পেপার-টু (১০০ নম্বর) এবং পেপার-থ্রিতে (৪০০ নম্বর) নেওয়া হবে যথাক্রমে টাইপ টেস্ট এবং শর্টহ্যান্ড টেস্ট। সফল প্রার্থীদের ক্ষেত্রে এরপর নেওয়া হবে কম্পিউটার অপারেশনস এবং পার্সোন্যালিটি টেস্ট। লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। প্রথম পর্যায়ের লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ইংলিশ, জেনারেল স্টাডিজ এবং অ্যারিথমেটিক বিষয়ে। সময়সীমা দেড় ঘন্টা। দ্বিতীয় পর্যায়ের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি ও বাংলা বিষয়ে। সময়সীমা ১ ঘন্টা। গ্রুপ ডি পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.drc.murshidabad.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ ডিসেম্বর। আবেদনপত্র পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ দিতে হবে লোয়ার ডিভিশন ক্লার্ক ও বাংলা স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে ২৫০ টাকা (তফসিলি জাতি ও উপজাতিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ১০০ ও ৭৫ টাকা)। গ্রুপ ডি ক্যাটেগরির ক্ষেত্রে ১০০ টাকা (তফসিলি জাতি ও উপজাতিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৫ ও ৫০ টাকা)।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

## আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**ডিসেম্বর-এর প্রতিযোগিতার জন্য নভেম্বর মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ ডিসেম্বর-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

## বর্ধমান বিশ্ববিদ্যালয়ে আইনের কোর্সে ভর্তি



স্নাতক যোগ্যতায় অনার্স-সহ তিন বছরের এল এল বি কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়। বর্ধমান বিশ্ববিদ্যালয় ছাড়াও কোর্সটি পড়ানো হবে হুগলি মহসিন কলেজ, বেঙ্গল ল কলেজ, জর্জ স্কুল অব ল এবং অ্যামেক্স ল কলেজে। ক্লাস শুরু হবে জানুয়ারিতে। এই কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি নম্বর: FC/PG (A)/Advt./L.L.B./2019-2021/266.

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২০ ডিসেম্বর, দুপুর ১২টা থেকে। পরীক্ষাকেন্দ্র বর্ধমান বিশ্ববিদ্যালয়। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি এবং জেনারেল নলেজ বিষয়ে। পরীক্ষার ফল ঘোষিত হবে ৯ জানুয়ারি।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.buruniv.ac.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓ফি বাবদ ২৫০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'Finance Officer, The University of Burdwan'-এর অনুকূলে 'State Bank of India, Burdwan University Branch'-এ প্রদেয় হতে হবে।
- ✓প্রার্থীর দু'কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোগুলি আবেদনপত্র এবং হল টিকিটের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। হল টিকিটে লাগানো ফটোর ওপর সই করে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓তফসিলি এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে স্পোর্টস সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ১২ ডিসেম্বর দুপুর ৩টের মধ্যে সরাসরি জমা দিতে হবে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে। প্রতিষ্ঠানের ঠিকানা: Office of the Secretary, Faculty Council (Arts etc.), 3rd Floor, Composite Arts Building, Golapbag.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.buruniv.ac.in

## অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেসে এম বি বি এস কোর্স



এম বি বি এস কোর্সে ভর্তি নেবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এ আই আই এম এস)। ভর্তি নেওয়া হবে এইমসের নয়া দিল্লি, পাটনা, ভোপাল, যোধপুর, ভুবনেশ্বর, হৃষীকেশ, রায়পুর, ভাথিন্ডা, দেওঘর, গোরখপুর, কল্যাণী, মঙ্গলাগিরি, রায়বেরিলি, তেলঙ্গানা এবং নাগপুর ক্যাম্পাসে। পরীক্ষা ২৫ ও ২৬ মে। এই কোর্সের বিজ্ঞপ্তি নম্বর: ৮৬/২০১৮।

**শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে অবশ্যই কেমিস্ট্রি, ফিজিক্স, বায়োলজি এবং ইংরেজি পড়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটার ভিত্তিক অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে দু'টি পর্বে— প্রথম পর্ব সকাল ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা এবং দ্বিতীয় পর্ব দুপুর ৩টে থেকে বিকেল সাড়ে ৬টা পর্যন্ত। পরীক্ষা নেওয়া হবে সারা দেশ জুড়ে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১৫ মে থেকে। পরীক্ষাকেন্দ্র সংক্রান্ত খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.aiimsexams.org

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsexams.org প্রথমে বেসিক রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ৩ জানুয়ারি। বেসিক রেজিস্ট্রেশনে কোনও ভুল হয়ে থাকলে তা ঠিক করার সুযোগ পাওয়া যাবে ৮ জানুয়ারি থেকে ১৮ জানুয়ারি পর্যন্ত। এর পর ফাইনাল রেজিস্ট্রেশন করতে হবে। ফাইনাল রেজিস্ট্রেশন করা যাবে ২৯ জানুয়ারি থেকে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। ফি জমা দেওয়া যাবে ২১ ফেব্রুয়ারি থেকে ১২ মার্চ পর্যন্ত।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

পরীক্ষা এবং ফি-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



## স্কলারশিপের খোঁজখবর

### টাটা ট্রাস্টস মেডিক্যাল অ্যান্ড হেলথকেয়ার স্কলারশিপ ২০১৮-১৯

মেডিক্যাল সায়েন্স ও হেলথকেয়ার শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে টাটা ট্রাস্টস। স্নাতক স্তরে দ্বিতীয় বর্ষে পাঠরত এবং স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে পাঠরতরা আবেদনের যোগ্য। স্কলারশিপ বাবদ টিউশন ফিয়ের ৩০ থেকে ৮০ শতাংশ খরচ দেওয়া হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/TTM3 আবেদনের শেষ তারিখ ২১ ডিসেম্বর।

### বাথ স্পা ইউনিভার্সিটি মেরিটোরিয়াস স্কলারশিপ ফর জানুয়ারি ২০১৯

বিজনেস ম্যানেজমেন্টে স্নাতকোত্তর স্তরে পড়াশোনা করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে ব্রিটেনের বাথ স্পা বিশ্ববিদ্যালয়। পড়াশোনার খরচ বাবদ দেওয়া হবে ১,০০০ ব্রিটিশ পাউন্ড।

**আবেদনের যোগ্যতা:** অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতক। উচ্চমাধ্যমিকে ইংরেজিতে অন্তত ৭০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে অথবা আই ই এল টি এস পরীক্ষায় অন্তত ৬.০ স্কোর করে থাকতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/BSU2 আবেদনের শেষ তারিখ ১৫ ডিসেম্বর।

### সামার রিসার্চ ফেলোশিপ প্রোগ্রাম ২০১৯

কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, ফিজিক্স, লাইফ সায়েন্সেস, আর্থ অ্যান্ড প্ল্যানেটারি সায়েন্স এবং ইঞ্জিনিয়ারিং নিয়ে স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পাঠরতদের ফেলোশিপ দিচ্ছে ইন্ডিয়ান অ্যাকাডেমি অব সায়েন্সেস। ইন্ডিয়ান অ্যাকাডেমি অব সায়েন্স, ইন্ডিয়ান ন্যাশনাল সায়েন্স অ্যাকাডেমি এবং ন্যাশনাল অ্যাকাডেমি অব সায়েন্সে কর্মরত বিজ্ঞানীদের সঙ্গে ২ মাসের জন্য কাজ করার সুযোগ পাবেন নির্বাচিত ছাত্রছাত্রীরা। ফেলোশিপ বাবদ ট্রেনে যাতায়াতের খরচ এবং থাকা-খাওয়ার খরচ দেওয়া হবে।

**আবেদনের যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/SRF10 এছাড়াও অফলাইনেও আবেদন করা যাবে। আবেদনের শেষ তারিখ ৩০ নভেম্বর।

*(তথ্য সহায়তা: buddy4study)*

## কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর 16/2018/WBPRB** অনুসারে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড দ্বারা পরিচালিত আবগারি বিভাগে সাব-ইনস্পেক্টর পদে নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.policewb.gov.in দৈহিক মাপজোক ও দৈহিক সক্ষমতার পরীক্ষা শুরু হবে ৬ ডিসেম্বর থেকে।

## হসপিটালিটি ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের স্নাতক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা ২৭ এপ্রিল

হসপিটালিটি ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের বি এসসি কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল কাউন্সিল ফর হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড কেটারিং টেকনোলজি। ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক কোর্সটি পড়া যাবে কলকাতার তারাতলার ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট-সহ কাউন্সিল কর্তৃক অনুমোদিত মোট ৬৩টি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে। কোর্সের মেয়াদ সাড়ে তিন বছর। প্রার্থী বাছাই করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। এটি কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা।

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৭ এপ্রিল। পরীক্ষায় প্রশ্ন হবে নিউমেরিক্যাল এবিলিটি অ্যান্ড অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড, রিজনিং অ্যান্ড লজিক্যাল ডিডাকশন, জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, অ্যাপ্টিটিউড ফর সার্ভিস সেক্টর এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ বিষয়ে। সময়সীমা ৩ ঘণ্টা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nta.ac.in আবেদন গ্রহণ প্রক্রিয়া শুরু হবে ১৫ জানুয়ারি থেকে।

এই কোর্স-সম্পর্কিত বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

## ন্যাশনাল হাইওয়েজে ৭০ আর্থিক পেশাদার

৭০ জন কর্মী নেবে ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অব ইন্ডিয়া। এটি কেন্দ্রের রোড ট্রান্সপোর্ট অ্যান্ড হাইওয়েজ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিকভাবে ২ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে ইয়ং প্রফেশনাল (ফিনান্স) পদে।

মোট শূন্যপদ: ৭০টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত, দৃষ্টিসংক্রান্ত এবং শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: কমার্স বা অ্যাকাউন্টসে ডিগ্রি অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা আই সি এ আই বা আই সি ডব্লু এ আই। কোনও সংস্থায় ফিনান্সিয়াল অ্যাকাউন্টিং বা বাজেটিং বা ইন্টারনাল অডিট বা কন্ট্রাক্ট ম্যানেজমেন্ট বা ফান্ড ম্যানেজমেন্ট বা ডিসবার্সমেন্ট বিষয়ে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১১-১২-২০১৮ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ৬০,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nhai.gov.in দরখাস্তের শেষ তারিখ ১১ ডিসেম্বর। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর ফটো, সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ
Source - Average Issue Readership, IRS 2017

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, ভিস্টা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহণ নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in